যুগযুগান্তের সাক্ষী পুরুষ শ্রীশ্রীনাঙ্গাবাবা

শ্রীশ্রীমা সর্বাণী

আমার পরমারাধ্য শিবগুরু শ্রীশ্রীসরোজ লাহিড়ী বাবার নিকট প্রথম আমি শ্রীশ্রীনাঙ্গাবাবার কথা শ্রুত হই। শ্রীশ্রীসরোজ বাবার সুদীর্ঘ হিমালয়ের গিরিকন্দরে শ্রীশ্রীনাঙ্গাবাবার সান্নিধ্যে পূত তপোলব্ধ জীবনের দৈনন্দিন ঘটনাবলী মুগ্ধ বিস্ময়ে শুনিতাম আর ভাবিতাম যে কবে সেই দিন আসিবে যেই দিন ওই পরম দিব্য মহাত্মার দর্শন লাভ করিব। শ্রীশ্রীবাবার নিকট ক্রিয়াযোগে দীক্ষালাভ করিবার সময় শ্রীশ্রীবাবা আমায় বলিয়াছিলেন, ''তোমায় ব্রহ্মবিদ্যা দীক্ষা দিচ্ছি শুনে নাঙ্গাবাবা অত্যন্ত খুশী হয়েছেন। আজ তোমার জিনিষ তোমায় ফিরিয়ে দিলাম।'' আমার দীক্ষা হইতেছে শুনিয়া নাঙ্গাবাবা অত্যন্ত খুশী হইয়াছেন জানিয়া আমার হৃদয় এক আশ্চর্য্য আনন্দে ভরিয়া উঠিল। ভাবিলাম বিরাট মহাত্মা এই শ্রীশ্রীনাঙ্গাবাবা যিনি ব্রহ্মধ্যানে সর্বদাই মগ্ন থাকেন, তিনি কি আমাকে সত্যিই চেনেন? শ্রীশ্রীবাবাকে জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন, ''তোমার যখন চার-পাঁচ বৎসর বয়স তখন নাঙ্গাবাবা আমায় তোমাকে দেখিয়ে ছিলেন।'' আমার ঘরে দেওয়ালে টাঙ্গানো ছোটবেলার একটি ফটো দেখাইয়া শ্রীশ্রীবাবা বলিলেন যে ওই ফটোটির মতোই তিনি দেখিয়াছিলেন। এইসব কথা যতই শুনি ততই আশ্চর্য্য হইতে আশ্চর্য্যান্বিত হইতাম। আমার ব্রহ্মবিদ্যালাভের তিন বৎসর অতিবাহিত হইতে না হইতে একদিন দৈবযোগে জানিতে পারিলাম যে শ্রীশ্রীনাঙ্গাবাবা কায়াকল্প করিবার জন্যে গুহাভ্যন্তরে প্রবিষ্ট হইতেছেন। সেই দিবসটি ছিল বৈশাখের বুদ্ধ পূর্ণিমার দিন। তারপরে আগত শ্রাবণী পূর্ণিমা বা গুরুপূর্ণিমার দিবসে রাত্রিকালে সাধনরত রহিয়াছি এমন সময় এক গগনভেদী দিব্যশঙ্খধ্বনি শুনিতে পাইলাম। সেই ধ্বনি ক্রমশঃ জোরদার হইতে লাগিল এবং ক্ষণার্ধ সময়ের মধ্যেই জ্যোতি-আপ্লুত দিগম্বর দেহে আমার কক্ষ মধ্যে আবির্ভূত হইলেন সেই মহান পুরুষ শ্রীশ্রীনাঙ্গাবাবা। তাঁহারই শরীরের দিব্যজ্যোতিতে তাঁহাকেই উত্তমরূপে দর্শন করার সৌভাগ্য আমার হইল। দেখিলাম, তাঁহার দেহের গোলাপী আভাযুক্ত ত্বকের উপর হইতে দেহের সকল শিরা-উপশিরা যেন স্পষ্টরূপে দেখা যাইতেছে। বেশ বুঝিতে পারিলাম যে ইহা নাঙ্গাবাবার নব কলেবরের কোমল ত্বক, তাই দেহের ত্বক এখনও মোটা হইয়া যায় নাই। মস্তকের চুলগুলিও যেন সদ্য প্রকাশিত হইয়াছে। নাঙ্গাবাবার এই নবীন বপু দেখিয়া আমি হতভম্ব হইয়া গেলাম। নাঙ্গাবাবাকে প্রণাম করিয়া বলিলাম, ''তুমি আবার দিব্যনাথ হইয়াছ, তাই তোমার নাম থাক 'দিব্যনাথ'।'' নাঙ্গাবাবার মুখাবয়বে তখন সে কী মধুর স্মিত হাসি। আমায় আশীর্বাদ করিয়া তিনি মুহূর্ত মধ্যেই অন্তর্হিত হইলেন।



শ্রীশ্রীনাঙ্গাবাবা

শ্রীশ্রীনাঙ্গাবাবা অন্তর্হিত হইয়া যাইতেই স্থূল চেতনায় ফিরিয়া আসিয়া আমি বিস্ময়ের সায়রে যেন হাবুডুবু খাইতে লাগিলাম। মনের মধ্যে উদয় হইল কতশত অদ্ভুত চিন্তা। প্রথমেই ভাবিলাম, 'কে এই নাঙ্গাবাবা যিনি আমায় জন্মকাল হইতে চেনেন? আমার এমন কি পুণ্য রহিয়াছে যে আমার পরমগুরু শ্রীশ্রীনাঙ্গাবাবা আমাকে দর্শন দিলেন। তবে আমার স্বীয় আত্মপরিচয় জানা একান্ত প্রয়োজন, নইলে এই মনুষ্য জীবনই যে বৃথা চলিয়া যাইবে'। এইবার হৃদয়ের গভীর হইতে এক অব্যক্ত ক্রন্দন উঠিল — ভগবান আমায় আলো দাও, জ্ঞান দাও, শুদ্ধাভক্তি দাও, তোমার শরণ দাও। হৃদিকন্দর হইতে প্রতিধ্বনিত হইতে লাগিল সেই শাশ্বত মন্ত্র — 'ওঁ নমো ভগবতে বাসুদেবায় হরয়ে পরমাত্মনে প্রণত ক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ'। ক্রমে রাত্রি অতিবাহিত হইয়া সকাল হইল। সেই সকালেই শ্রীশ্রীবাবা আসিলেন। সুযোগ বুঝিয়া শ্রীশ্রীবাবাকে গতরাত্রের

কথা বলিলাম। তিনি বলিলেন, ''জানি, আমি সব জানি। দেখো তো, তিন মাস পরে গুহা থেকে বাহির হইয়াই প্রথমে তোমার নিকটে আসিলেন আর আমি অত বছর তাঁর দাসের মত তাঁর সেবা করিলাম। একেই বলে পক্ষপাতিত্ব।'' আমি অবাক হইয়া গেলাম এই কথা শুনিয়া যে তিনি সর্বপ্রথম আমাকেই দর্শন দিলেন।

রাত্রে সাধনায় বসিয়া ওই চিন্তাই আমার মধ্যে চলিতেছিল। এমন সময় হঠাৎ আমার শ্বাস স্থির হইয়া গেল আর এক দিব্য কণ্ঠস্বর হিন্দী ভাষায় আমায় বলিল —''অরে বেটী, তু মনন কর। সব রাম জানে।'' এই কণ্ঠস্বর নিশ্চুপ হইতেই আমার অন্তরে প্রথম চিন্তনের তরঙ্গ উঠিল — কপিল মুনির পিতা কে ছিলেন যেন? 'কপিলমুনি' নামটি মনে হইতেই মহাবতার বাবাজী মহারাজের চেহারা আমার মানসপটে উদ্ভাসিত হইয়া উঠিল। তবে কি নাঙ্গাবাবাই কপিলমুনির পিতা? এই চিন্তন আসিতেই অন্তরাকাশে গুম্ গুম্ শব্দ করিয়া প্রতিধ্বনি উঠিল, ''হাঁ, হাঁ, হাঁ। বেটী, তু মনন কর।'' — আবার সব নিস্তব্ধ। কখন যে গভীর নিদ্রায় অভিভূত হইয়া পড়িয়াছি জানি না। পরে শ্রীশ্রীবাবাকে জানাইলাম। তিনি আশ্চর্য্যভাবে আমার দিকে চাহিয়া বলিলেন, ''তুমি ঠিকই ধরেছ। সবই তাড়াতাড়ি এসে যাচ্ছে।''

শ্রীশ্রীবাবা একদিন আমায় বলিয়াছিলেন —''নাঙ্গাবাবা হলেন আদিব্রহ্মার ছায়া।'' আমি বলিয়াছিলাম, ''বাবা, ছায়া আর কায়া কখনো আলাদা হয় নাকি?'' বাবা বলিয়াছিলেন, ''ঠিক।'' আদিব্রহ্মা পরমভাগবত স্বরূপ মানসপুত্র লাভার্থ পরমব্রহ্ম ধ্যানে মগ্ন হইলে তাঁহার কূটস্থ মধ্যে পরম ব্রহ্মস্বরূপ আকাশের ছায়া হইতে এক অদ্ভুত তৎসদৃশ পুত্রের আবির্ভাব হইয়াছিল। ইনিই হইলেন প্রজাপতি ঋষি ব্রহ্মর্ষি 'কর্দ্দম'। প্রজাপতি কর্দ্দমের স্ত্রী মনুকন্যা দেবহুতির গর্ভে নারায়ণের অবতার সাংখ্য দর্শনকার ঋষি 'কপিল' জন্মগ্রহণ করেন আকাশমার্গে কর্দ্দমের অলৌকিক অদ্ভুত দেবযানে। ভগবান ব্রহ্মা কর্দ্দম প্রজাপতিকে কহিয়াছিলেন, ''তুমি প্রজা সৃষ্টি কর।'' তাহাতে সরস্বতী নদীর তীরে কর্দ্দম দশ সহস্র বৎসর তপস্যা করিয়াছিলেন। তিনি ঐ তপস্যায় সমাধিযুক্ত পূজার উপকরণের দ্বারা ভগবান শ্রীহরির আরাধনা করিলেন। কর্দ্দম ঋষির তপস্যায় ভগবান প্রসন্ন হইয়া তাঁহাকে শব্দৈকবেদ্য যে ব্রহ্ম, তন্ময়রূপ ধারণ করিয়া প্রত্যক্ষ দর্শন দিলেন। তপস্যার ফলে শ্রীহরি তাঁহার নিকট আবির্ভূত হইলে তিনি হরির নিকট বিনয়পূর্বক সকাম প্রার্থনা করিয়া উপযুক্ত স্ত্রী প্রার্থনা করেন। শ্রীহরি মনুকন্যা সংযতচিত্তা যোগলক্ষণে যুক্তা দেবহুতিকে স্ত্রীরূপে গ্রহণ করিতে বলেন। অনন্তর দৈবযোগে মনু তাঁহার কন্যা দেবহুতির সহিত কর্দ্দমের বিবাহ দেন। কর্দ্দম দেবহুতিকে বিবাহ করিয়া পরম সুখে যোগলব্ধ জীবনযাপন করিতে থাকেন। তদনন্তর কলা, অরুন্ধতী প্রভৃতি নয়টি কন্যা জন্মিবার পরে কর্দ্দম সংসার আশ্রম ত্যাগ করিয়া পুনঃ যোগাভ্যাসের জন্যে অরণ্যাশ্রমে যাওয়া স্থির করিলেন। ইহাতে তাঁহার স্ত্রী অতীব চিন্তিত হওয়াতে কর্দ্দম বলেন যে তিনি তাঁকে শ্রীহরির মত পুত্র দান করিবেন। ফলে মহামুনি কপিলের জন্ম হয়। কপিলের জন্মের পর কন্যাদের ব্রহ্মর্ষিদের সঙ্গে বিবাহ দিয়া কর্দ্দম পুনঃ শ্রীহরির সঙ্গে ভক্তি-প্রেমে সম্মিলিত হইবার জন্যে তপস্যায় মগ্ন হইয়া নিবৃত্তি মার্গ অবলম্বন করেন। এদিকে দেবহুতিও নারায়ণের অবতার সাংখ্যাচার্য্য পুত্র কপিলের নিকট উপদেশ প্রাপ্ত হইয়া তপস্যায় নিমগ্ন হন। কর্দ্দম ঋষি কঠোর তপোবলে শ্রীহরির কৃপায় এবং ইচ্ছায় তৎস্বরূপ প্রাপ্ত হইয়া জগন্নাথ তত্ত্বে উপনীত হন। এই জগন্নাথ-তত্ত্ব অবলম্বনকারী সকল মহাত্মাগণই শ্রীহরির স্বরূপ বলিয়া কথিত হয়। যাঁহারা এই অবস্থায় উপনীত হন তাঁহারা পূর্ণ এবং অংশ দেহে একই সময় একাধিক দেহ ধারণ করিতে সক্ষম হন। অর্থাৎ, একই সময় দুই দেহধারণ পূর্বক জগতে লীলা করিতে উহারা সমর্থ হন। শ্রীশ্রীনাঙ্গাবাবাকেও এইভাবে বহুলীলায় অংশগ্রহণ করিতে দেখা যায়।

আত্মানুভবের মহিমায় একদা রামলীলা দর্শন হয় মানসপটে। সেই অনুভূতির ফলে ইহাও অবগত হই যে ওই বিরাট ঋষি কর্দ্দম ত্রেতাযুগে ভগবৎলীলায় রাজর্ষি জনক রূপে প্রকট হইয়াছিলেন। মিথিলার পরমধার্মিক রাজা ছিলেন জনক। এনার জন্ম অযোনিসম্ভবা, তাই 'বৈদেহ' বলিয়াও ইনি পুরাণ প্রসিদ্ধ ছিলেন। পূর্বে জনকের বংশে 'নিমি' নামে একজন রাজা জন্মগ্রহণ করেন। একদা ধর্মাত্মা রাজা নিমি কুলপুরোহিত ব্রহ্মর্ষি বশিষ্ঠদেবকে ত্যাগ করিয়া যজ্ঞ আরম্ভ করেন। ইহাতে বশিষ্ঠ ক্রুদ্ধ হইয়া তাহাকে শাপ দেন 'তুমি চেতনা বিহীন হও'। তখন ঋষিরা গন্ধ, মাল্য প্রভৃতি দিয়া নিমির দেহ অরণিরূপে কল্পিত করতঃ পূজা করিয়া মন্থন করেন। সেই মথিত দেহ হইতে এক মহাতপা পুত্র জন্মায়। মন্থন হইতে জন্ম সেইজন্য এই পুত্রের নাম হয় 'মিথি'। জনন

হইতে জন্ম বলিয়া ইহারই অন্য নাম জনক। বিচেতন দেহ হইতে জন্ম বলিয়া ইহার অপর নাম 'বৈদেহ'। এই মিথি হইতে আরম্ভ করিয়া তার অধস্তন সকল পুরুষই 'জনক' নামে খ্যাত হন। রামায়ণে কথিত আছে, মিথির পুত্র জনকই প্রথম জনক। মিথি রাজার নাম হইতে রাজ্যের নাম হয় মিথিলা। রামায়ণে দুইজন জনকের নাম পাওয়া যায়। একজন মিথির পুত্র ও উদাবসুর পিতা এবং অন্যজন হ্রস্বরোমার পুত্র সীতার পিতা। ব্রহ্মর্ষি কর্দ্দম হইলেন এই 'সীতার' পিতা 'সীরধ্বজ' জনক।

রাজর্ষি জনক স্থূলদেহ ত্যাগ করিলে পরে যখন বিদেহে যমলোকের পাশ দিয়া যাইতেছিলেন তখন যমলোক হইতে বীভৎস আর্তনাদ শুনিতে পাইলেন। সেই ভয়ংকর আর্তনাদ শুনিতে পাইলে তখন জনকের হৃদয়ে করুণার উদ্রেক হয় এবং সেই কারণে তিনি যমরাজের নিকট যাইয়া সেই আর্তনাদের কারণ জিজ্ঞাসা করেন। যম, পাপিষ্ঠদিগের উপযুক্ত শাসন চলিতেছিল বলিলে জনক বলেন যে তাঁহার সমগ্র জীবনের পুণ্য প্রদান করিলে যদি উহারা মুক্তি পায় তবে তিনি তাঁহার সমগ্র জীবনের পুণ্য সেই নিকৃষ্ট জীবের জন্য দান করিতে ইচ্ছুক আছেন। ইহাতে যম বলেন যে জনকের একদিনের পুণ্য দিলেই সকলের মুক্তি হইয়া যাইবে। নিকৃষ্ট জীবস্বরূপ মনুষ্যগণকে যমালয় হইতে মুক্তি করাইয়া জনক উহাদের লইয়া তৎপরে স্বর্গলোকে গেলেন। সেখানে একটি সুবৃহৎ মাঠের মধ্যে উহারা থাকিতে লাগিল কিন্তু সেইখানে কেহই উহাদের খাদ্য পানীয় দিতে রাজী হইল না। কারণ ইহাদের কর্মে কোন দান-ধ্যান ছিল না। তখন জনক উহাদের ফের কালচক্রে পতিত হইয়া ভূলোকে জন্মগ্রহণ করিতে বলেন এবং বলেন যে উহাদের উদ্ধারের জন্যে জনক পুনঃ মর্ত্যলোকে দেহধারণ করিবেন। বহুকাল পরে কলিযুগে তিনি ঈশ্বরাবতার 'গুরুনানকদেব' রূপে পৃথিবীতে আবির্ভূত হইলেন ও জীবগোষ্ঠীর অভূতপূর্ব কল্যাণসাধন করিলেন। গুরুনানক দেবের স্থূলতনুই ব্যাসপীঠস্থ শ্রীশ্রীনাঙ্গাবাবার বর্তমান দেহ।

পরবর্তীতে জগতের প্রয়োজনে শ্রীশ্রীনাঙ্গাবাবাই অংশদেহ ধারণ করিয়া গৌরবর্ণ তোতাপুরীর দেহধারণ করিয়াছিলেন এবং যুগাবতার বরিষ্ঠ শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের ভগবৎলীলায় গুরুরূপে যোগদান করেন। এই বিষয় অনেক কিছু দর্শন এবং গুহ্য বিষয় আমায় শ্রীশ্রীনাঙ্গাবাবা ও শ্রীশ্রীবাবা প্রত্যক্ষ করান। শ্রীশ্রীবাবা বলেন, তোতাপুরীর দেহটির বয়ঃপ্রাপ্ত হইলে পরে তখন কায়া কল্প সাধনের মাধ্যমে নাঙ্গাবাবা দিগম্বর বাবার দেহটি প্রাপ্ত হন। এই দেহটিই পুরীর অদ্বৈতব্রহ্ম আশ্রমের ল্যাংটাবাবা বা দিগম্বর বাবা বলিয়া প্রসিদ্ধিলাভ করিয়াছিল। দিগম্বর বাবার দেহটিই 'আদিত্যনাথ' বাবার দেহ। দিগম্বরবাবা পুরীতে আসিবার পূর্বে গুজরাটে গিরনার পর্বতে বহুদিন তপোরত অবস্থায় অতিবাহিত করিয়াছিলেন। সেখানে তাঁহার দিব্য প্রকাশ ঘটিলে তিনি 'আদিত্যনাথ' নামে জনসমক্ষে প্রসিদ্ধ হইয়াছিলেন। পরে হরিদ্বারে, প্রয়াগে, ভাগলপুরে ইত্যাদি জায়গায়ও পরিভ্রমণ করিবার সময় আরও নানান নামে পরিচিত হইয়া উঠিয়াছিলেন।


তোতাপুরী মহারাজ

অতএব দেখা যাইতেছে যে জগন্নাথ পদাধিকারী মহাত্মারা জগতের কল্যাণের নিমিত্ত একটি দেহ পরিত্যাগ করিবার পূর্বেই অন্য আরেকটি দেহধারণ করিতে সক্ষম হন; এই কারণেই আধ্যাত্মিক উপলব্ধিতে বহু মুনিঋষি বলিয়াছেন — ''মহাত্মাদের জীবন অপরিচ্ছিন্নভাবে অখণ্ড ধারায় প্রবাহিত হইয়া চলে।'' সাধারণে বাহ্যিকভাবে মহাত্মাদের দেখিয়া তাঁহাদের বিরাটত্বকে ধারণা করিতে পারে না। ব্যাসপীঠের শ্রীশ্রীনাঙ্গাবাবা হইলেন এই ব্রহ্মাণ্ডের মহাত্মা-মণ্ডলের একজন বিরাট মহান দিকপাল, পরম ভাগবত, সনাতন ধর্মের রক্ষক ও পরিপোষক। হিমালয়ে অবস্থানকারী শ্রীশ্রীনাঙ্গাবাবার প্রকৃত ডেরা বা আশ্রম প্রাচীনকাল থেকেই হিমালয়ের ব্যাসপীঠে প্রতিষ্ঠিত রহিয়াছে। তথায় 'জগন্নাথ স্বরূপ' শ্রীশ্রীনাঙ্গাবাবার মূলদেহও বর্তমান। হিমালয়-প্রসিদ্ধ জ্ঞানগঞ্জেও তাঁহার নিত্য যাতায়াত রহিয়াছে। তাঁহার রাতুল চরণে জানাই আমার কোটি কোটি প্রণাম।

— হরি ওম্ তৎ সৎ —

শ্রীগোপীনাথ কবিরাজের পত্রাবলী

গুরুভ্রাতা মনীষী শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয় যিনি শ্রীশ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেবের (গন্ধবাবা) জীবনীকার ছিলেন, তাঁহাকে মহামহোপাধ্যায় ডঃ গোপীনাথ কবিরাজ কর্ত্তৃক লিখিত পত্রাবলী। পত্রাবলীতে কখনো কখনো জ্ঞানগঞ্জের ভাষা ও শব্দ ব্যবহৃত হইয়াছে।

পত্র নং (১৪)

শ্রীশ্রীদুর্গা

২এ, সিগরা
বেনারস
৭-১০-৪৬

পরম শ্রদ্ধাস্পদেষু,

আপনি আমার বিজয়ার সম্ভাষণ গ্রহণ করিবেন। আপনার ১৩, ২০ ও ২৭ সেপ্টেম্বর লিখিত তিনখানা কার্ডই পাইয়াছি। আমি সাতদিনের জন্য বিন্ধ্যাচল গিয়াছিলাম যে জন্য উত্তর লিখিতে বিলম্ব হইল। আমরা ৩০ শে সেপ্টেম্বর কাশীতে সন্ধ্যার সময় ফিরিয়াছি।

এবার বিন্ধ্যাচলে ৩০, ৩৫টি লোক হইয়াছিল। পুরী, সম্বলপুর, গঞ্জম, কলিকাতা, আসানসোল, পুরুলিয়া, কানপুর প্রভৃতি স্থান হইতেই গুরুভাই সকলে আসিয়াছিলেন। বিন্ধ্যাচলের বিস্তারিত বিবরণ পরে লিখিবার ইচ্ছা রহিল।

ছোটমার অন্তর্ধান সম্বন্ধে সবিশেষ বিবরণ দিবার সময় এখনও হয় নাই। তিনি গত বৎসর ডিসেম্বর মাসে যখন পুরীতে ছিলেন তখনই অস্ফুটভাবে এই ভবিষ্যৎ ঘটনার আভাস পাইয়াছিলাম। তাহার পূর্বেও তত্ত্ব বিশ্লেষণের প্রসঙ্গে এই তিরোভাবের রহস্যের সম্বন্ধে কিঞ্চিৎ উল্লেখ পাওয়া গিয়াছিল। কিন্তু সুস্পষ্ট নির্দ্দেশ না থাকাতে উহা তখন বুঝিতে পারা যায় নাই। তিনি বলিতেন, ''প্রশান্তের অবতরণ সম্পূর্ণরূপে সিদ্ধ হবার পর যদি মর আধার তখনও তাহাকে গ্রহণ করিবার যোগ্যতালাভ না করে তাহা হইলে যোগ হইতে কিছুকাল বিলম্ব হইতে পারে।'' কৃপাযুক্ত কর্ম্ম ও কৃপাশূন্য কর্ম্ম এই উভয়ের ধারা সঙ্গে সঙ্গে চলিতেছিল কৃপাযুক্ত কর্ম্মের পরিণতি ১০৭ অর্থাৎ প্রকৃতি তত্ত্ব, এবং কৃপাশূন্য কর্ম্মের পরিণতি ১০৮ অর্থাৎ গুরুতত্ত্ব। প্রথম কর্ম্মটির ভার ছিল বড়মার উপর। তিনি প্রকৃতি অর্থাৎ 'মা'কে প্রতিষ্ঠা করিয়া গুরুপ্রাপ্তির পথ পরিষ্কার করিয়া দিবেন — ইহাই ছিল যোজনা। ১০৮ পর্য্যন্ত তাঁহার পক্ষে যাওয়া অসম্ভব, কারণ স্ত্রী-শরীরে অষ্ট কুণ্ডলিনীর অভাব বলিয়া ১০৮ প্রাপ্তি অসম্ভব। ১০৮-এর জন্য অর্থাৎ কৃপাশূন্য কর্ম্ম সম্পাদনের জন্য ভার ছিল শিষ্যের উপর — এখনও তাহাই আছে। ব্রাহ্মণ ও পুরুষদেহ ভিন্ন ১০৮ হওয়ার সম্ভাবনা নাই। কৃপাযুক্ত কর্মের দ্বারা কালকে বিনাশ করা যায় না। কালকে বিনাশ করিবার জন্যই কৃপাশূন্য কর্ম আবশ্যক হয়। কিন্তু কৃপাকে সমাপ্ত না করিলে কৃপাশূন্যের প্রতিষ্ঠা কি প্রকারে সম্ভব হইবে? এইজন্য কৃপাযুক্ত কর্মের সমাধান প্রথমেই আবশ্যক হইয়াছে। কৃপাযুক্ত কর্মের উদ্দেশ্য প্রকৃতির প্রতিষ্ঠা। ইহা গণ্ডীবদ্ধ কর্ম। তিন সতেরো (৩ x ১৭) মাসে শ্যামা মা, উমা মা এবং আদিমা — এই ত্রিশক্তির প্রতিষ্ঠা সম্পন্ন হইয়াছে। শ্যামা মার প্রতিষ্ঠা হইয়াছে ১৯৪৩ সালের অক্টোবর মাসে শারদীয়া মহাষ্টমীতে, উমা মার প্রতিষ্ঠা হইয়াছে ১৯৪৫ সালের দোল-পূর্ণিমার পূর্ববর্তী শুক্লাষ্টমীতে। আদিমার প্রতিষ্ঠা হইল ১৯৪৬ সালের গুরুপূর্ণিমার পূর্ববর্তী শুক্লাষ্টমীতে অর্থাৎ এই জুলাই ১৯৪৬। মনে রাখিবেন ওই দিনেই ছোটমার তিরোধান হয়। শক্তি = ত্রিকোণ; পূর্ব লিখিত তিন দিন ত্রিশক্তির প্রতিষ্ঠা হয় অর্থাৎ মরলোকে প্রকৃতির স্থিতি হয়। ইহার সঙ্গে সঙ্গেই কৃপা পথের অবসান হইল। কৃপাশূন্য পথ যদিও পূর্ব হইতেই অর্থাৎ স্পষ্টভাবে বলিতে গেলে ১৯৪৫ সালের দোল পূর্ণিমায় পূর্ববর্তী শুক্লাষ্টমী হইতেই চলিতেছিল। তথাপি ইহা মনে রাখিতে হইবে যে উহা বিশুদ্ধ কৃপাশূন্য পথ নহে কারণ উহার সহিত কৃপা পথের মিশ্রণ ছিল। গত ৬-ই জুলাই পর আর কৃপা পথের মিশ্রণ থাকিল না। কেন না ওই দিনেই কৃপাপথের অবসানে মরলোকে মাতৃ প্রতিষ্ঠা সিদ্ধ হইল। এখন আর কৃপার সাহায্য নাই — কৃপাহীন পথে বিশুদ্ধ আত্মবল বা আত্মশক্তিই একমাত্র অবলম্বনীয়। গত ৬ই জুলাই হইতে যা কিছু হইতেছে তাহার বিবরণ এই স্থানে অপ্রাসঙ্গিক হইবে।


ডঃ গোপীনাথ কবিরাজ

ছোটমা পূর্বেই আভাস দিয়াছিলেন যে কৃপা পথ গণ্ডীবদ্ধ বলিয়া যথা সময়, সমাপ্ত হইবেই (যদি বিশেষ প্রতিবন্ধক না ঘটে)। কিন্তু কৃপাশূন্য পথ গণ্ডীবদ্ধ নহে। উহা কালের অধীন

নহে। উহার যে কোন মুহূর্তে অবসান হইতে পারে। আধারের পূর্ণতা সিদ্ধিই উহার একমাত্র প্রয়োজক। গত গুরুপূর্ণিমাতে কৃপাশূন্য পথের অবসান হওয়া সম্ভবপর ছিল। পূর্ণিমার পূর্বে নহে কারণ শিষ্যের কর্মধারায় পূর্ত্তি স্তরে স্তরে কালের মধ্যে পূর্ণিমা ধরিয়াই চলিয়াছে। কিন্তু তিনি বলিয়াছিলেন গুরুপূর্ণিমায় যদি পথের অবসান না হয় তাহা হইলে আর কালের নিয়ম থাকিবে না। অর্থাৎ আধার প্রস্তুত হওয়ার সঙ্গে সঙ্গেই উহা সিদ্ধ হইবে - নির্দিষ্ট কালের অপেক্ষা থাকিবে না। তিনি আরও বলিয়াছিলেন যদি গুরুপূর্ণিমাতে স্বভাবের প্রতিষ্ঠা হয় অর্থাৎ মহাযোগ স্থাপিত হয় তাহা হইলে তাঁহার দেহটি শবে পরিণত হইবে, আর যদি পরে হয় তাহা হইলে ওই দেহ কখনই শবে পরিণত হইবে না অথবা অন্যকোন ভাবে বিগলিত হইবে না, উহা সাক্ষাৎভাবে অব্যক্ত হইয়া যাইবে। অব্যক্ত হইবে, কিন্তু 'নাই' হইবে না। পরে স্বভাবের প্রতিষ্ঠা হইলে যুক্তরূপে উহা স্বভাবেরই আয়ত্ত হইবে। ওই দেহ প্রাকৃতভাবে আর লোক লোচনের গোচর হওয়ার কথা নাই। যে ব্যাকুল হইয়া আকর্ষণ করিতে পারিবে তাহার নিকট উহা স্থূল এবং tangible ভাবেই প্রকাশিত হইবে। কিন্তু অন্যত্র নহে। ১০৮ হইয়া গেলে ১০৯ না হওয়া পর্য্যন্ত মধ্যবর্তী সময়ে মার অনন্ত প্রকার খেলা চলিবে।

ছোটমা যখন এই বৎসরের ১০ই এপ্রিল তারিখে কাশী হইতে বিদায় লইয়া কলিকাতার দিকে যাত্রা করেন তখনই স্পষ্ট বুঝিতে পারা গিয়াছিল যে তিনি চিরবিদায়ের জন্য আয়োজন করিতেছেন। তিনি বলিয়াছিলেন যেখানে যেখানে দেনা পাওনা আছে, ধীরে ধীরে শোধ করিতে হইবে। কারণ 'সময় নিকট'। কিন্তু মুখ ফুটিয়া তখনও ঠিক ভাবে কোনও কথা বলেন নাই। কলিকাতায় যাবার কিছুদিন পরেই স্পষ্ট নির্দ্দেশ পাওয়া যায়। ওই সময় তিনি বহু স্থানে পর্য্যটন করিয়াছিলেন এবং বহু স্থানে আভাস রূপে কিছু কিছু নিজের মহিমার প্রকাশও করিয়াছিলেন। তিনি পুরুলিয়া, ঝালিদা, বণ্ডুল, আসানসোল, বাঁকুড়া, খুলনা প্রভৃতি স্থানে ভক্তগণের নিকট গিয়াছিলেন এবং সকলের সঙ্গে শেষ দেখা করিয়া আসিয়াছিলেন। কলিকাতায় অবস্থানকালে কেওড়াতলার এবং নিমতলার শ্মশানে অধিকাংশ সময় রাত্রে ভক্তগণকে নিয়া কার্য্য করিতেন। ইহার পর মে মাসের শেষ দিকে তিনি একবার চার-পাঁচ দিনের জন্য কাশীতে আসেন। ওই সময় আনন্দময়ী মার এবং তাঁহার ভক্তগণের সনির্ব্বন্ধ অনুরোধে উভয়ের পরস্পরের মিলনের একটি ব্যবস্থা করা হইয়াছিল। সন্ধ্যার পর আনন্দময়ী মা ভক্তগণ সহ একটি বড় বজরাতে সম্মিলিত হন এবং ছোটমা আর একটি বজরাতে ভক্তগণ সহ উপস্থিত থাকেন। তারপর উভয়ের মিলন হয়। তারপর উভয়ে অনেক কথাবার্ত্তা হয়। দুই মা-ই গান করেন এবং ২/৩ ঘন্টা আলোচনার পর মহানিশার কিছু পূর্ব্বে ছোট মা চলিয়া আসেন কারণ তাহা না হইলে নিত্য সেবার ব্যাঘাত হওয়ার সম্ভাবনা ছিল। আনন্দময়ীমার একান্তে কথাবার্তা বলিবার ইচ্ছা ছিল কিন্তু সময়াভাবে তাহা হইয়া ওঠে নাই।

এইবার যখন তিনি কাশী ত্যাগ করেন তখন হইতেই অগস্ত্য কুণ্ডস্থ বাড়ীর সহিত চিরবিচ্ছেদ। যাওয়ার সময় বলিয়া গিয়াছিলেন — এই বাড়ীতে এইভাবে আর ফিরা হইবে না। ফিরিবার সময় লক্ষ্য করা গিয়াছিল যে তিনি বাড়ীর দিকে পৃষ্ঠ প্রদর্শন করেন নাই এমন কি সিঁড়ি দিয়া নামিবার সময়ও পিছু হটিয়া হটিয়া নামিয়াছিলেন। ইহার পর জুন মাসের শেষ দিকে বিশেষ প্রয়োজনে তিনি আর একবার কাশীতে আসেন — এবার আমাদের বাড়ীতে উঠিয়া ছিলেন ও চারিদিন এখানে ছিলেন। ওই সময় তিনি নিজের প্রকৃত পরিচয় দিয়াছিলেন। এ সব বিষয় পৃথকভাবে আপনাকে বলিব। ওই চার দিন আমাদের বাড়ীতে এক আনন্দের হাট বসিয়াছিল। ইহাই আমার সহিত তাঁহার শেষ দেখা। ইহার পর কলিকাতায় গিয়া এক রাত্রি মাত্র থাকিয়া পরদিন খুলনা যান। সেখানে তিন রাত্রি থাকিয়া চতুর্থ দিন সেখান হইতে ফিরিয়া শিয়ালদহ স্টেশনে লোক লোচনের অগোচর হন। ইহা পাঁচ-ই (৫ ই) জুলাই-র কথা। ৬-ই জুলাই তাঁহার অন্তর্ধান হয়।

আজ তাড়াতাড়ি আর লিখিতে পারিলাম না। পরে লিখিতে ইচ্ছা রহিল। শীঘ্র উত্তর দিবেন। আপনার সব প্রশ্নের উত্তর শীঘ্রই দিতেছি। বাবার ও আনন্দময়ী মিলনের রিপোর্টটী বাবাকে দেখিতে দিবেন। যেন ভুল না থাকে।

সুরেশের সঙ্গে দেখা হইয়াছিল। পানু কবে আসিবে?

আপনাদের সকলের কুশল সংবাদ প্রার্থনীয়।

ইতি—

স্নেহার্থী

গোপীনাথ

(শ্রীশ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্তের নাতজামাই
শ্রীবিজন কুমার সেনগুপ্ত মহাশয়ের
সৌজন্যে সংগৃহীত পত্রাবলী)

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

(১৮)

প্রশ্ন : ''যা আছে দেহভাণ্ডে তা আছে ব্রহ্মাণ্ডে'' — এই কথার তাৎপর্য্য কি?

উত্তর : আমাদের এই সৃষ্টি মধ্যে প্রতিটি সত্তা প্রকৃতির নিয়ম অনুযায়ী আবরণে আবদ্ধ; অর্থাৎ, ব্যক্তিত্ব নির্বিচারে মায়ার প্রভাবে সত্তার মনের গণ্ডী সীমাবদ্ধ অবস্থায় থাকে। সাধনা করতে করতে যখন সত্তায় মনোবোধের গণ্ডীর সীমানা অসীম বিশ্বচেতনার সঙ্গে এবং সর্বব্যাপী চেতনার সঙ্গে যুক্তাবস্থা প্রাপ্ত হয় তখন সত্তার মানসপটে সর্বব্যাপী বিশ্বব্রহ্মাণ্ডের প্রকৃত স্বরূপের দর্শন হয়। প্রকৃত স্বরূপ দর্শনলাভের পর সত্তা তাঁর জ্ঞানময় প্রকাশে ব্যক্তিচেতনায় আবার যখন ফিরে আসেন, তখন তিনি মায়ার স্বরূপকে জ্ঞাত হয়ে আবার মায়ার আবরণের সঙ্গে সৃষ্টিতে মায়ারাজ্যেই যুক্ত হয়ে পড়েন; যদিও সেই মায়ার আবরণ বিশুদ্ধতা প্রাপ্ত হয়। যেহেতু সত্তার দেহ হল অবলম্বন এবং সেই দেহকে আশ্রয় করে আছে আবরিত মন ও ব্যক্তিত্ব যাহার মধ্যেই প্রতিবিম্বিত হয় ব্রহ্মাণ্ডের প্রকৃত রূপ। তাই মহাত্মাগণ বলে থাকেন 'যা আছে দেহ ভাণ্ডে, তা আছে ব্রহ্মাণ্ডে'।

—শ্রীশ্রীমা সর্বাণী

(১৯)

প্রশ্ন : মহাপুরুষদের ''মহাত্মা'' বলা হয় কেন?

উত্তর : সাধারণ অর্থে 'মহান' মানে বিরাট ও মহিমাময়। সেই কারণে বিরাট আত্মাই হল মহাত্মা। তথাপি প্রকৃত 'মহাত্মা' কথাটির অর্থ এইভাবেও ব্যক্ত করা যেতে পারে যে 'মহ' অর্থাৎ অহম্ আত্মা, অর্থাৎ আমিই একমাত্র আর দ্বিতীয় কেহ নেই — এই অনুভবটিকেই 'মহাত্মা' উপাধিতে ব্যক্ত করা হয়েছে। 'একম্'ভাবে সর্বব্যাপী চেতনার সঙ্গে যুক্তাবস্থায় সবকিছুতেই নিজের প্রতিচ্ছবি অনুভূত হয়, তাই 'মহাত্মা'। যিনিই মহাত্মা, তিনিই বিরাট পুরুষ বা মহাপুরুষ।

—শ্রীশ্রীমা সর্বাণী

(২০)

প্রশ্ন : ''একমেবাদ্বিতীয়ম্ স্বরূপে''র তাৎপর্য্য কি?

উত্তর : জগন্নাথ পদাধিকারী ব্যক্তিত্ব সকল 'একমেবাদ্বিতীয়ম্' স্বরূপে উপনীত হইবার যোগ্যতা লাভ করিয়া থাকেন। ঐ একমেবাদ্বিতীয়ম্ স্বরূপের সাধনাই চেতনমার্গ সম্পন্ন যোগমার্গের স্বর্ণশিখর। একই সময়ে নিজ সত্তাকে বহুবিধ অংশে বিভক্ত করিয়া বহুবিধ স্থূল দেহ ধারণ পূর্বক বহুবিধ ধারায় বা পন্থায় সাধনা করিয়া 'একম্' গন্তব্যস্থলে উপনীত হইয়া আবার নিজ সত্তাকে 'একম্' ব্যক্তিত্বে রূপান্তরিত করিতে সক্ষম যিনি, তাঁর স্বরূপ ও প্রতিটি অংশ দেহের স্বরূপ একমেবাদ্বিতীয়ম্ স্বরূপে প্রতিষ্ঠালাভ করে। একমেবাদ্বিতীয়ম্ স্বরূপের মাঝে সমসাময়িক থাকে সিদ্ধজীবনের দুই ধারা — ব্রহ্মচর্য্য ও গার্হস্থ-সন্ন্যাস এবং তৎসঙ্গে যুক্তবস্থাপ্রাপ্ত ইচ্ছামাত্রেণ যথাযথ অংশদেহ এবং দিব্যদেহের লীলা ক্রীড়া। জৈব জগতে 'একম্' অদ্বিতীয়ম্ পদাধিকারী ব্যক্তিত্বের বিভিন্ন ব্যক্তিত্বের সময়কাল নির্ণয় করা দুরূহ; কারণ তেমন মহাত্মারা জগতের প্রয়োজনে একটি দেহ থাকাকালীনই অন্য দেহ ধারণ করতে সক্ষম হন। সেই কারণে একমাত্র একমেবাদ্বিতীয়ম্ স্বয়ং ছাড়া তাঁদের জীবন-প্রবাহ সাধারণের বোধগম্য হওয়া সম্ভব নহে। **—শ্রীশ্রীমা সর্বাণী**

চাঁপা: 'চন্দ্রবর্ণা জ্যোতিঃপ্রকাশ অমিয়া', অর্থাৎ 'চাঁপা' সহস্রারের পূর্ণ চন্দ্রালোকের জ্যোতি মণ্ডলের যে বর্ণ, তাই চাঁপা ফুলের রঙ। চাঁপা ফুলের বর্ণ এবং মিষ্ট গন্ধ শান্ত, স্নিগ্ধ কোমল ভাবের প্রতিচ্ছবি — শিবাবস্থার পরমহংসভাবের বিকশিত রূপ।

— শ্রীশ্রীমা সর্বাণী

আশ্রমের আগামী অনুষ্ঠানসূচী

দোল পূর্ণিমা — ৫ই মার্চ, বৃহস্পতিবার
আধ্যাত্মিক সভা — ২২শে মার্চ, রবিবার
অন্নপূর্ণা পূজা — ২৭ শে মার্চ, শুক্রবার
রাম নবমী— ২৮ শে মার্চ, শনিবার
নববর্ষ — ১৫ই এপ্রিল, বুধবার

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (১৩) : শ্রীশ্রীবাবার ভাব বোঝা বড়ই কঠিন :—

শ্রীশ্রীবাবার আসরে মেয়েদের স্কুলে চাকরী করেন একজন দিদিমণি রাণীদি বাবার কাছে সব সময় আসতেন। উনি

রামরাজাতলা, কেদারনাথ স্কুলের, দিদিমণি ছিলেন। সেদিন সেই দিদিমণি বাবার খাটের সামনে বসে বাবা যা বলে যাচ্ছেন তাই লিখতে লাগলেন একটি খাতায়। হঠাৎ শ্রীশ্রীবাবার খেয়াল হতে বললেন, ''রাণী, কি করছিস?'' রাণীদি তৎক্ষণাৎ আনন্দের সঙ্গে বলে উঠলেন, ''বাবা, আপনার মূল্যবান কথাগুলি খাতায় লিপিবদ্ধ করে রাখছি। এগুলি ভবিষ্যতে খুব কাজে দেবে।'' বাবা রাণীদির থেকে খাতাটা চেয়ে নিয়ে একবার চোখ বুলিয়ে ভীষণ রেগে গিয়ে খাতাটিকে ছুঁড়ে ফেলে দিলেন। তারপর প্রচণ্ড রাগত স্বরে বলে উঠলেন, যে ''তুই আমার সম্বন্ধে কি জানিস, কতটুকু জানিস? আমার লেখার ব্যাপার নিয়ে অন্যজন আছে। আর যেন এই লেখার স্পর্ধা না হয়।'' রাণীদি তখন খুব কাঁদতে লাগল। বাবা বললেন, ''আমার লেখার জন্য লোক ঠিক হয়ে আছে।''

প্রসঙ্গ (১৪) : একদিন কোনও এক দুপুরবেলায় শ্রীশ্রীবাবা অসীমদাকে বললেন, ''অসীম, তাড়াতাড়ি আমাকে বেশ কিছুটা দই এনেদে।'' অসীমদা তখন দৌড়ে গিয়ে জয়দেবের দোকান থেকে এক হাঁড়ি দই নিয়ে এল। বাবা তখন সমস্ত দই এক নিঃশ্বাসে খেয়ে নিলেন এবং সাথে সাথে বমি করলেন। বমি করার পর দেখা গেল যে একটি বড় নীল কাঁচের গুলি রয়েছে, বাবা আস্তে আস্তে বললেন, ''ছেলেটা বেঁচে গেল।'' অসীমদা সেটা তুলে রেখে দিল। অসীমদার মনে হলো যে এই গুলিটার বিশেষ কোন ব্যাপার আছে।

পরের দিন বাবার সর্বক্ষণের সাথী বড়বাজারের ভগবতী প্রসাদ, তেওয়ারিজী, যাকে 'চশমা তেওয়ারিজী' বলা হত কারণ তিনি একটি চশমার দোকানে কাজ করতেন, সকালেই চলে এলেন। এসেই তেওয়ারিজী তার আগের দিনের একটি ঘটনার কথা বাবাকে বললেন যে তার ছোট্ট নাতি দুপুরবেলা বাড়ির উঠানে একটি বড় নীল গুলি দেখতে পেয়ে মুখে ঢোকায় এবং তা গলায় আটকে যায় এবং প্রায় দম বন্ধ হয়ে যায়, মুখ চোখ লাল হয়ে যায়। এতে বাড়ীতে তখন কান্নাকাটি পড়ে যায়। তেওয়ারিজী তখনি সঙ্গে সঙ্গে বাবাকে স্মরণ করেন। তারপর ওরা ওই গুলিটার আর কোন হদিস্ পায় না। আর ছেলেটি স্বাভাবিক হয়ে যায়। বাড়ীর কাছাকাছি ডাক্তার দেখালে ডাক্তারও তার কোনো হদিস পায় না। সেইজন্য পরের দিন ভোরবেলাতেই তেওয়ারিজী বাবার কাছে চলে আসেন। তেওয়ারিজীর কথা শেষ হলে সঙ্গে সঙ্গে অসীমদা তেওয়ারিজীকে সেই নীল গুলিটা দেখায়। সেটি দেখে তেওয়ারিজী বাবাকে স্বয়ং কৃষ্ণ জ্ঞানে বারংবার প্রণাম করতে লাগলেন। আর বাবা বলে উঠলেন -''যাক, ছেলেটা বেঁচে গেল।''

প্রকৃত ভক্তের কুল মান এইভাবেই সদ্‌গুরুরূপী ভগবান রক্ষা করেন। বাবা বলতেন, ''ভগবতী প্রসাদ তেওয়ারির হচ্ছে দাস্যভাব।'' তেওয়ারিজী বাবাকে বলতেন ''অত যোগটোগ আমার দ্বারা হবে না বাবা, আমি ওসব করতে পারব না। আমি আপনার দাস, আপনার সেবক হয়েই থাকতে চাই চিরকাল।'' বাবা বলেছিলেন, ''তেওয়ারির সাধনা আমাকে করতে হয়। ও আমার জন্মজন্মান্তরের সেবক।'' তেওয়ারিজীর ভক্তির কথা বলতে গিয়ে একবার শ্রীশ্রীবাবা আমাদের অখণ্ড মহাপীঠের শ্রীশ্রীমাকে বলেছিলেন যে একদিন নিশীতে শ্মশাণে বসে বাবা পূজা করছেন, সে সময় আকাশ ভেঙে মুষলধারে বৃষ্টি শুরু হয়। তখন তেওয়ারিজী আর শ্মশাণের কালুডোম, বাবা যেখানে যজ্ঞপূজাদি করছিলেন সে স্থলটি ও বাবাকে বড় বড় গামছা দিয়ে আচ্ছাদিত করে প্রায় এক ঘন্টা দাঁড়িয়ে নিজেরা অঝোর ধারায় ভিজেছিল। তাতে তাদের মনে বা মুখে কোনই বিরক্তির প্রকাশ হয়নি। সেদিন এমনই ঘনঘটার দিন যে বাবার যজ্ঞপূজাদি পণ্ড হয়ে যেত। কিন্তু ওদের সহায়তায় শ্রীশ্রীবাবার ওইদিনের মাঁয়ের পূজা সফল হয়।

প্রকৃত ভক্তের মধ্যে সর্বদা ভক্তির শক্তি জাগ্রত থাকে। ভক্তের বিশ্বাস কখনো টলে না। ''আমার সদ্‌গুরু ভগবান'' এই বিশ্বাস মনে যতই অটল হয়, ততই অন্তরে জাগ্রত হয়ে ওঠে আত্মশক্তি। আত্মশক্তিই ক্রমে নিরহংকারতায় দাস্যভাবে রূপান্তরিত হয়ে তখন ভক্তি পর্য্যায়ে পরিগণ্য হয়। *...ক্রমশঃ*

—শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়, শিবপুর, হাওড়া

জৈনালোক ঋষভদেব

শ্রীশ্রীমা সর্বাণী

স্বায়ম্ভুব মনুর জ্যৈষ্ঠপুত্র প্রিয়ব্রত এবং প্রিয়ব্রতের পুত্র আগ্নীধ্র। এই স্বায়ম্ভুব মনু বংশীয় মহর্ষি আগ্নীধ্রের পুত্র ছিলেন নাভি (নাভী)। তিনি পঞ্চচূড়া বিশিষ্টা অপ্সরা পূর্বচিত্তির (বর্ণিনী) গর্ভে জন্মগ্রহণ করেন। ব্রহ্মার নির্দেশানুসারে পূর্বচিত্তি রাজা আগ্নীধ্রের নিকট উপস্থিত হইলে, রাজা তাহাকে পত্নীরূপে গ্রহণ করেন। পূর্বচিত্তি প্রভৃতি দ্বাদশ অপ্সরা নৃত্যগীত দ্বারা সূর্য্যের অর্চনা করিতেন। নাভি পুত্রকামী হইয়া অনপত্যা স্বীয় মহিষী মেরুদেবীর সহিত একাগ্রচিত্তে ভগবান যজ্ঞপুরুষকে আরাধনা করেন। নাভি ভগবানের নিকট তাঁহার তুল্য পুত্র প্রার্থনা করিলে ভগবান নাভিকে এই বর-প্রদান করিলেন যে,''আগ্নীধ্র বংশে আমি অংশে অবতীর্ণ হইব, যেহেতু আমার সদৃশ আর কাহাকেও দেখিতে পাই না।'' নাভি পত্নী মেরুদেবী শুনিতে পান এইরূপে নাভিকে এই কথা বলিয়া ভগবান অন্তর্হিত হইয়াছিলেন। নাভির পত্নী মেরুদেবীর গর্ভে বিষ্ণুর অষ্টম অবতার জন্মগ্রহণ করেন। ইনিই নারায়ণের অষ্টম অবতার ''ঋষভ'' নামে ভাগবত পুরাণে প্রসিদ্ধিলাভ করিয়াছিলেন। এই অবতারে ভগবান ধীর ব্যক্তিদিগকে সর্বাশ্রম শ্রেষ্ঠ বর্ত্ম অর্থাৎ পরমহংস সম্বন্ধীয় রীতিনীতি শিক্ষা প্রদান করেন। নাভি হিমালয়ের দক্ষিণ দিকস্থ ভারতবর্ষে রাজত্ব করিতেন।



ঋষভদেব

ভগবান বিষ্ণু মনুবংশীয় নরপতি নাভির তপস্যায় প্রীত হইয়া তাঁহার স্ত্রী মেরুদেবীর গর্ভে শুক্লমূর্তি (অর্থাৎ, শুদ্ধ সত্ত্বমূর্তি ধারণ পূর্বক যজুর্বেদোক্ত তত্ত্বে সমাসীন হইয়া, জগদ্‌গুরু রূপে) ঋষভদেব রূপে জন্মগ্রহণ করেন। ভগবান ঋষভদেবের জন্ম হইবামাত্র তাঁহার অঙ্গে ভগবৎ লক্ষণ সকল সুস্পষ্টরূপে প্রকাশ পাইতে লাগিল এবং সর্বত্র সমত্ব, উপশম, বৈরাগ্য, ঐশ্বর্য্য, মহৈশ্বর্য্যসহ তাঁহার প্রভাব দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। তাঁহার অতি শ্রেষ্ঠ শরীর এবং তেজঃ, বল, শ্রী, যশ, বীর্য্য, শৌর্য্য ইত্যাদি দ্বারা সর্বপ্রধান বলিয়া পিতা নাভি তাঁহার 'ঋষভ' নাম রাখিয়াছিলেন। ঋষভ অতিশয় জ্ঞানী ছিলেন। একদা ইন্দ্র তাঁহার রাজ্যে বর্ষণ না করিলে তিনি যোগমায়া প্রভাবে বৃষ্টি আনয়ন করিয়াছিলেন। রাজা নাভি বয়ঃপ্রাপ্ত পুত্র ঋষভের হস্তে রাজ্যভার সমর্পণ পূর্বক স্বীয় ভার্য্যা মেরুদেবীর সহিত বদরিকাশ্রমে গমন করেন ও তথায় কঠোর তপস্যা ও সমাধিযোগ অবলম্বন পূর্বক 'নরনারায়ণ' নামক ভগবান বাসুদেবের উপাসনা করতঃ যথাকালে তাঁহার মহিমা অবগত হন এবং পরে তথায় পরলোক প্রাপ্ত হন। অনন্তর ঋষভদেব আপনার বর্ষকে কর্মক্ষেত্র মনে করিয়া অন্য লোকের উপদেশার্থে গুরুকুলে বাস করেন, পরে গুরুগণ কর্তৃক অনুজ্ঞাত হইয়া গৃহে প্রত্যাবর্তন করিয়া গৃহস্থদিগের ধর্মশিক্ষা প্রদান ও শ্রুতি-স্মৃতির উভয়বিধ কর্মানুষ্ঠান সাধিত করেন। এদিকে ইন্দ্র ঋষভের সহিত 'জয়ন্তী' নাম্নী একটি কন্যার বিবাহ দিয়াছিলেন। সেই দেবদত্তা ভার্য্যার গর্ভে ঋষভের আত্মসদৃশ গুণসম্পন্ন একশত পুত্র জন্মগ্রহণ করে। সেই শতপুত্রের মধ্যে জ্যেষ্ঠ ছিলেন 'ভরত', তাঁহারই নামে খ্যাত এই ভারতবর্ষের অধিপতি হইয়াছিলেন। অবশিষ্ট নিরানব্বই সংখ্যক পুত্রের মধ্যে কুশাবর্ত্ত, ইলাবর্ত্ত, ব্রহ্মাবর্ত্ত, মলয়, কেতু, ভদ্রসেন, ইন্দ্রস্পৃক, বিদর্ভ ও কীটক, এই নয়জন ভরতের অনুগত ছিলেন। ইহা ভিন্ন কবি, হবি, অন্তরীক্ষ, প্রবুদ্ধ, অপর, আবির্হোত্র, দ্রবীর, চমস ও করাঙ্গন, এই নয়জন ধর্মপ্রদর্শক মহাভাগবত ছিলেন। ভগবান ঋষভদেব এক সময় দেশ পর্য্যটন করিতে করিতে ব্রহ্মাবর্ত্ত দেশে উপনীত হন। তথায় প্রধান প্রধান ব্রহ্মর্ষিগণের সভায় প্রবিষ্ট হইয়া দেখিলেন যে স্বীয় সন্তানগণ তথায় উপস্থিত রহিয়াছেন। যদিও তাহাদের চিত্ত স্বভাবতঃ সংযত ও বিনয়-প্রেম দ্বারা সুযন্ত্রিত ছিল তথাপি প্রজাপতি পালনার্থ তাঁহাদিগকে ঋষভ গভীর জ্ঞানগম্য আত্মবোধি সম্পন্ন উপদেশ প্রদান করিয়াছিলেন যাহা ভাগবত পুরাণের পঞ্চম স্কন্ধের পঞ্চম অধ্যায়ের অমূল্য বিষয়বস্তু। তৎপরে ঋষভদেব স্বীয়পুত্র ভরতের হস্তে রাজ্যভার সমর্পণ

পূর্বক তীর্থভ্রমণ করিতে করিতে অবশেষে কর্ণাটক দেশে গিয়া উপস্থিত হন। দক্ষিণ কর্ণাটক দেশের কূটকাচলের উপবনে তিনি দেহত্যাগের নিমিত্ত কোনও বাসনায় কতকগুলি প্রস্তরখণ্ড লইয়া মুখের মধ্যে দিলেন, পরে দেহাভিমান শূন্য অবস্থায় উন্মত্তের ন্যায় নগ্ন দেহেই বিচরণ করিতে লাগিলেন। অনন্তর তৎপ্রদেশের কূটকাচলের অরণ্যে ভীষণ দাবানল প্রজ্জ্বলিত হইয়া উঠিলে তিনি সেই অগ্নিতেই প্রাণত্যাগ করেন। তাঁহার অবশিষ্ট একাশিজন পুত্র সকলেই ব্রাহ্মণ হইয়াছিলেন। এই ঋষভ অবতার রজোগুণ দ্বারা উপপ্লুত জনগণের মোক্ষমার্গ শিক্ষা দিবার জন্যে ধরাধামে অবতীর্ণ হইয়াছিলেন; সুপণ্ডিতগণের ইহাই মত। ভগবান ঋষভদেব লোক, বেদ, দেব ব্রাহ্মণ এবং গো সকলের পরমগুরু বলিয়া মান্য হইয়া থাকেন।

ঋষভদেব মনুসংহিতা অনুসারে নিজরাজ্যে উপযুক্ত নিয়ম শৃঙ্খলা ও সমাজ ব্যবস্থা প্রচলন করিয়া ধর্মরাজ্যের স্থাপনা করিয়াছিলেন। এই ঋষভদেবের ধর্মমত ও শিক্ষা অনুসরণকারী ভক্তগণ পরবর্তীকালে 'জৈন' বলিয়া প্রসিদ্ধিলাভ করেন। এই কারণে ঋষভদেবকে 'আদিনাথ ভগবান' নামে জৈন ধর্মাবলম্বী সম্প্রদায় তাহাদের আদিগুরু বলিয়া সমর্থন করেন।

(সহায়ক গ্রন্থ -ভাগবত পুরাণ)

নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা

শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর

(২১)

রাণী রাসমণি প্রশ্ন করলেন— ''আপনার পূজার রীতিনীতি কিছুই বুঝতে পারি না। আপনার পূজা দেখে কোনো কথা জিজ্ঞাসা করতেও ইচ্ছা করে না, কারণ পূজা দেখে এইটুকুই বুঝতে পারি যে, সে সময় আপনার কোন সত্তাই বজায় থাকে না। অন্য কোন দেবদেবী এসে আপনার হাত দুটো এক করে নিয়ে আপনার মাথাতেই ফুল ছড়িয়ে যাচ্ছেন। হাতদুটো হয় কালীমায়ের আর মাথা তখন যেন শিব হয়ে যায়। আমি যে কী দেখি তাও যেন বুঝতে পারি না। বেশ স্পষ্টভাবেই দেখি, মা গৌরী যেন শিবের পূজা করতে এসেছেন। দেখতে দেখতে নিজেকেও হারিয়ে ফেলি। হঠাৎ চমক ভেঙ্গে দেখি আপনিই তো শুধু বসে রয়েছেন।''

রামকৃষ্ণদেব হাসি মুখে চোখ মুছতে মুছতে উত্তর দিলেন—''এরই জন্য মা আমায় তোমার কাছে এনে দিয়েছেন। মা আমার গোড়া বেঁধে কাজ করে যায়, ডালপালা কে কোথায় ঝরে পড়েছে - না শুকিয়ে যাচ্ছে, সেদিকে মা লক্ষ্যই করে না। তুমিও দেখছি একটি দেবীমূর্ত্তি। সারদাকেও তাই বলছিলুম এমন সৎ ব্রাহ্মণী হয়ে রাণীমা আবার পুরোহিত রেখে পুজোর ব্যবস্থা করে কেন? মায়ের লীলা বোঝা ভার।''

রাণীমা বললেন, ''চোখের সামনে যা দেখি তাই হয়তো আপনাকে বলে ফেলি আবার এ কথাও ভাবি — ও সব হয়তো ভুল দেখি।''

রামকৃষ্ণদেব উত্তর দিলেন, ''মানুষ কিছুই ভুল দেখে না বাপু। যা কিছুই নূতন দেখে থাকে, তাকেই স্বপ্ন বলে মনে করে। অতি শিশুকালে যে সব মেয়ের বিয়ে হয়, সে চিরকাল শ্বশুরবাড়ীতেই বাস করে তাই বাপের বাড়ীর কথা ভুলে যায়। কোন কালে হয়তো শিবও দেখনি, দুর্গাও দেখনি কিন্তু এখন একজন সাধারণ মানুষের মাঝে শিব-দুর্গা দেখ কেমন করে? তাদের নামই বা মনে আসে কি করে? যা মানুষের মনের মাঝেই আঁকা থাকে, তাই মানুষ দেখতে পায় আর সেগুলো পড়তে পারে।''

রাণী রাসমণি প্রশ্ন করলেন—''আপনার কথা কেটে দেব এমন শক্তি আমার নেই; তবু মনে হয় আপনার কথাও হয়তো ভুল কারণ নিমন্ত্রণ বাড়ির খাওয়া পরা আমরা রোজই পাইনা, তাই সাধারণ অবস্থায় পড়ে আমরা সব ভুলে যাই।''

রামকৃষ্ণদেব বললেন, ''হাঁগো—তুলে রাখা পুরানো জিনিষ ব্যবহার করতে করতে নূতন-পুরাতন সব এক হয়ে যায়—সময় না হলে বিয়ে-পৈতে দেওয়া যায় না।''

ঠিক এই সময় শ্রীমা এসে জিজ্ঞাসা করলেন—''নরেন ঘরে অপেক্ষা করছে তাকে এখানে ডাকব কি?''

রামকৃষ্ণদেব বললেন, ''মায়ের ডাকে সব ছেলেকেই এ জায়গাতে আসতে হয়, তবু রাণীমাকে একবার জিজ্ঞাসা কর।'' রাণী রাসমণি উত্তর দিলেন—''মন্দিরের মালিক আপনি সুতরাং আমার হুকুম তো চলবে না—কর্ত্তার হুকুমে বাইরের লোক যদি

ঘরে আসে, তবে ঘরের লোকের কোন হুকুম হয় না। তাই বলছি, আমার হুকুম নেওয়াকে এখানে লজ্জা দেওয়া বলে।''

শ্রীমা হাসিমুখে নরেনকে ডেকে আনবার জন্য পা বাড়াতে বাড়াতে বললেন—''নইলে কি আর আপনি রাণীমা হয়েছেন।''রামকৃষ্ণদেব উত্তর দিলেন—''এসময় গিরিশও যদি এসে পড়ে তাকে এখানে পাঠিয়ে দিও।'' শ্রীমা বললেন, ''সে তো ঘরে কোন দিন যায় না—তুমি থাকলে তবে যায়, নইলে বাইরে থেকেই খবর নিয়ে তোমাদের বসবার ঘরেই অপেক্ষা করে—যাই হোক যদি সে এসে পড়ে তবে পাঠিয়ে দেব।''



শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর

রাণী রাসমণি হাসিমুখে উত্তর দিলেন—''আর কেউ আসুক বা নাই আসুক আপনি যেন আসবেন''—

শ্রীমা বললেন, ''নৈবিদ্যির কাজগুলো সেরেই আমি আসছি, আপনি যেন চলে যাবেন না।''

পরের মুহূর্ত্তে নরেন এসে পড়ল; রামকৃষ্ণদেবকে প্রণাম করে রাণীমার দিকে এগিয়ে যেতে যেতে বললেন, ''আপনাকে তো কোনো দিন প্রণাম করবার সুযোগ পাইনি—যদি অনুমতি করেন তবে আপনার ধূলা নিতে পারি।''

রাণীমা উত্তর দিলেন, ''কালীমন্দিরে এসে ভক্তগণ মাকেই প্রণাম করে চলে যায়, তাঁর কাছে আসা ছেলেমেয়েদের কেউ প্রণাম করে না। ওঁকে প্রণাম করলেই সবাইকে হাতজোড় করা হল।''

রামকৃষ্ণদেব বললেন, ''না বাপু, তা হলে ঠিক হয় না। শুধু মায়ের পূজা করলেই হয় না এমন কি পঞ্চোপচারে পূজাতেও পাঁচটি ঠাকুরের পূজাও করতে হয়। নইলে পুজোই হল না। নিমন্ত্রণ বাড়ীতে বা সভাসমিতিতে আবার শুধু ব্রাহ্মণেভ্যোঃ নমঃ বললেই হয়ে যায়; কারো পায়ে মাথা ঠেকাবার দরকার হয় না।'' রাণীমা বললেন, ''ও কথাও ঠিক; অন্তরের খবর বা নামধাম যখন পাওয়া যায় না, তখন সবাইকে ব্রাহ্মণ বলেই বা সকলেই সেই এক ব্রহ্ম হতে উৎপত্তি বলে পুজো প্রণাম করতে হয়।''

নরেন উত্তর দিয়ে বললেন — ''অনন্তের রহস্য বুঝি না, পাষাণ প্রতিমায় দেবতা আছে, জগতের সব কিছুই সেই এক ব্রহ্ম থেকে উৎপত্তি, এ-সবই বেদ-বেদান্তে লেখা আছে কিন্তু তাও ধারণার বাইরে, আবার এ কথাও লেখা আছে যে, একের মাঝেই অনন্ত আছে। আমি তাই, সেই জীবন্ত এক দেবতাকে পূজা করি। কলিকাতায় গঙ্গায় যদি গঙ্গোত্রীর জল বা সমুদ্রের জলও পাওয়া যায়, তবে হরিদ্বার যাবার দরকার কি? আবার পুরী গিয়ে জগন্নাথ বা সমুদ্র স্নানেরই বা উপকারিতা কি? ওসব কিছুই বুঝি না।''

রামকৃষ্ণদেব হাসি মুখে বলে যেতে লাগলেন — ''যখন যে বিষয়ের সময় আসে, তখন মা-ই করিয়ে নেবে—লাঙ্গল জমি পড়ে থাকবার যো নেই; বর্ষা এলেই চাষীই তার ব্যবস্থা করে। জগতে কিছুই পড়ে থাকে না। ঘরের গিন্নী টুকিটাকি জিনিষগুলো সবই তাকে তুলে রাখে, কাজের সময় উপর থেকে নীচে নামিয়ে, কাজ চালিয়ে আবার তাকের মাথাতেই তুলে রাখে। ছোট তুলসী-ও যা ঐ বড় তুলসী-ও তাই। সবই নারায়ণ সেবার কাজে লাগে।''

মথুরবাবু জিজ্ঞাসা করলেন — ''মানুষ যদি ছবির পূজা বা পাষাণ দেবদেবীর পূজা না করে জীবন্ত গুরুরূপী মানুষের পূজা করতে পারত, আপনার মত সবাইকে ভালবাসতে পারত, তবে বোধহয় ইহ-সংসার ক্ষেত্রে অশান্তির সৃষ্টি হত না, মামলা-মোকর্দ্দমায় মানুষ জড়িয়ে পড়ত না।''

রামকৃষ্ণদেব বললেন, ''ঘরের খবর না জানলে বাইরের খবর জানবে কেমন করে? মায়ের কাছে না গেলে, তোমরাও যে সেই একই মায়ের ছেলে— তা জানব কেমন করে? পাষাণ-প্রতিমা যে পাথরের ঠাকুর নয়, তা পাষাণ পূজা না করলে কেমন করে বুঝব? গাছ-গাছড়া না চিনলে ডাক্তার বৈদ্য তৈরী হবে কেমন করে? রাণীমার সঙ্গে না মিশলে বাইরে থেকে তাঁর প্রকৃতি কেমন করে বুঝব? পাষাণ-প্রতিমা

যে পাষাণ নয়, তা কেবল পূজা ও ধ্যানেই পাওয়া যায়। জড়ের পূজা না করলে জীবের পূজা করা যায় না। আগেকার মুনিঋষিরা তাই বনে গিয়ে আশ্রম বাঁধত।''

(উপরে বিবৃত দিব্য-দর্শনের বিষয়টি অনেকেরই অবিশ্বাস্য বলিয়া বোধ হইবে। কিন্তু সুধী পাঠকগণের বোধগম্য হইবার জন্য জানাইতেছি যে কোনও মহাত্মা যখন দিব্যদর্শনে ভগবৎ-লীলা দর্শন করেন তখন যে সকল ঘটনা দিব্যরূপে লীলায়িত হইয়াছে সেইগুলি মহাত্মার চিত্ত-দর্পণে দিব্যেরই অনুশাসনে উদ্ভাসিত হয়। দিব্যের চেতনা কালের বাইরে অবস্থান করে। যারফলে ভগবৎলীলা বিষয়ক দিব্যে প্রতিষ্ঠিত ঘটনাগুলি যখন কাহারও চিত্ত-দর্পণে উদ্ভাসিত হইতে থাকে তখন কালে অনুষ্ঠিত বিভিন্ন সময়ের ঘটনার glimpse একের পর এক উদ্ভাসিত হইতে থাকে। মহাত্মা দিব্যভাবে উহা নির্বিকার চিত্তে দর্শন করিয়া যান মাত্র। তাই এক্ষেত্রেও উপরে উক্ত ঘটনাবলীগুলি সবই দিব্যের বলিয়া বিষ্ণুপদ ঠাকুরের নিকট উদ্ভাসিত হইয়াছিল। ইহাও যেমন সত্য, তেমন এইগুলি হইতে বুঝিতে হইবে যে শ্রীরামকৃষ্ণ-লীলা সম্পূর্ণই ছিল ভগবৎ লীলা। যে সকল মহাত্মারা দিব্যের চেতনায় প্রতিষ্ঠিত তাঁহাদের নিকট উহার এই সত্যতা বোধগম্য হওয়া সম্ভব। তবে ইহা হইতে শ্রীরামকৃষ্ণলীলার ভগবত্তা বিষয় সহজেই অনুধাবন করা যায়। পাঠকগণকে অনুরোধ যে বিশ্বাস ভক্তি ও সহজ সরলতায় এই লীলা মাধুর্য্যকে গ্রহণ করিবেন। বিচার তর্কের জালে ভগবানের দিব্য জগতের কোন কিছুরই সন্ধান মেলে না। —শ্রীশ্রীমা সর্বাণী)

ক্রমশঃ...

মস্ত গাছ ও ছোট্ট পাখি

এক ছিল মস্ত উঁচু গাছ, আর তার চারপাশে ছোট্ট ছোট্ট বাড়ি। বাড়িগুলোর দিকে তাকিয়ে তাকিয়ে গাছ ভাবত —

ভয় ভাবনা নেইকো আমার কিছু।
সবার থেকে লম্বা আমি, সবার থেকে উঁচু।।

একদিন সকালবেলায় গাছ দেখলে, সামনের জমিটায় অনেক লোহা-লক্কড়, যন্ত্রপাতি আর লোকজন। দেখতে দেখতে সেই লোহা-লক্কড় দিয়ে লোকজনেরা এক প্রকাণ্ড লোহার থাম তৈরী করে ফেললে। থামটা হল গাছের চেয়ে আরও অনেক উঁচু।গাছের মনে খুব দুঃখু হল। তার ডাল বেয়ে পাতা বেয়ে টপটপ করে জল পড়তে লাগল।

এক ছোট্ট পাখি সেখান দিয়ে উড়ে যাচ্ছিল। গাছকে কাঁদতে দেখে পাখি বললে—

মিথ্যে কেন ফেলছ চোখের জল?
ওর কি আছে তোমার মতো ডাল পাতা ফুল ফল?
গাছ বললে, তাই তো, ঠিক তো, সত্যি তো!
এমনি বোকা আমি।
কাঁদতে কাঁদতে মরেই যেতুম, ভাগ্যি ছিলে তুমি।

এই বলে রোদের ফুলকাটা হাওয়ার রুমাল দিয়ে চোখের জল মুছে-টুছে গাছ মনের আনন্দে ডাল নাচাতে লাগল, আর ছোট্ট পাখি তার ওপর বসে বসে দোল খেতে লাগল।

—শ্রীমতী গৌরী ধর্মপাল

২৯শে অক্টোবর ২০১৪, শ্রীমতী গৌরী ধর্মপালের ইহজীবনের অবসান ঘটে। তিনি ছিলেন এক অতি বিদূষী রমণী। ছোটবেলা থেকেই বাংলা ভাষা ও সংস্কৃতের এই কৃতি ছাত্রী বেদ তথা অধ্যাত্ম শাস্ত্রের অন্তঃস্থলটিকে উপলব্ধি করেন মহাত্মা ও পণ্ডিত শ্রীঅনির্বাণজীর স্নেহচ্ছায়ায়। ভাষার উৎপত্তি বিষয়ক তাঁর গবেষণামূলক ইংরাজী গ্রন্থ 'লিংগুইস্টিক এটম্' বইটি রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত হয়। শিশুদের জন্যেও শিক্ষামূলক বহু গল্প তিনি লিখেছেন। শ্রীশ্রীমায়ের সাথে পরিচয় হবার পর থেকেই তাঁর সঙ্গে শ্রীমতী গৌরী ধর্মপালের ও তাঁর স্বামী শ্রীগৌতম ধর্মপালের এক শ্রদ্ধাপূর্ণ মধুর হৃদ্যতার সম্পর্ক গড়ে ওঠে। আমরা শ্রীশ্রীমায়ের সন্তানগণ শ্রীমতী গৌরী ধর্মপালের প্রতি জানাই আমাদের শ্রদ্ধা বিনম্র প্রণাম।

কাশীধামে পঞ্চক্রোশী

(২)

বারাণসী পৌঁছবার পরের দিন ছিল ১৫ই ফেব্রুয়ারী মঙ্গলবার ত্রয়োদশী। ভোরবেলায় উঠে কিছুসময় সাধনা করে নিই। টাট্‌বাবা সকালবেলায় চা পানান্তে প্রাতঃক্রিয়া ও স্নান সেরে রামায়ণ পাঠ করেন বেলা প্রায় নয়টা পর্যন্ত। পাঠ সমাপ্ত হলে পরে তিনি জলখাবার খেতে বসে আমাকে ডেকে বলেন, ''স্বামীজী, তুমি আজ আমাকে কাশীধামে পঞ্চক্রোশী পরিক্রমা গাড়ীতে করে করিয়ে দাও। তারপর ফেরার পথে মণিকর্ণিকার ঘাটে গিয়ে মা গঙ্গার জলে আচমন করে ও গায়ে-মাথায় জল ছিটিয়ে, আমরা শ্মশানে মায়ের মন্দিরে ও ভৈরবজীকে দর্শন করে চলে যাব বাবা বিশ্বনাথজীকে ও মা অন্নপূর্ণাকে দর্শন করতে এবং পূজা দিতে। সেখান থেকে আমরা সকলে আবার আশ্রমে ফিরে আসবো।'' চা খেতে খেতেই টাট্‌বাবার আদেশ মতন আমাদের পরিচিত ট্রাভেল এজেন্সীকে ফোন করে, গাড়ী ও পঞ্চক্রোশী পরিক্রমা করানোর উপযুক্ত চালকের ব্যবস্থা করা হয়। এমনসময় পুলিশ অফিসার ছেঁদিলালজীর ফোন আসে এবং তিনি জানান তাঁর প্রেরিত সাদা পোশাকধারী একজন পুলিশ, বডিগার্ড হিসাবে সকল সময় আমাদের গাড়ীতে থাকবেন। আমার ফোন নম্বর তিনি তাঁকে দিয়ে দিয়েছেন যোগাযোগ করে আশ্রমে আসার জন্য। আমরা সকলে প্রস্তুত হওয়ার জন্য ব্যস্ত হয়ে পড়ি, প্রবোধানন্দজীকে তাড়াতাড়ি পূজা সেরে তৈরী হতে বলি। সেই সময় আমার ফোনে রিং হতে থাকে, তা দেখতে গেলে পাই এক অচেনা নম্বর। হ্যালো, বলতেই স্বামীজী বলে সম্বোধন জানিয়ে ছেঁদিলালজীর পরিচয় দেওয়াতেই, আমি বুঝতে পেরে গিয়ে ওনাকে আমাদের আশ্রমের ঠিকানা ও পথনির্দেশ দিই এবং আমাদের আশ্রমে আসতে তাঁকে আমন্ত্রণ জানাই। তিনি দোতলায় উঠে আসলে আমি তাঁকে আশ্রমের ভিতর নিয়ে এসে বসাই ও হাতে প্রসাদ দিয়ে নাম জানতে চাই। কিষ্কিন্ধ্যাপতি বালীর পুত্রের যা নাম, তিনি তাঁর নাম তাই উচ্চারণ করেন অর্থাৎ 'অঙ্গদ'জী। শ্রীশ্রীমায়ের অঙ্গদজীর (স্বামী প্রবোধানন্দজী) সাথে তাঁর কোন মিল পাইনি, না চেহারায়, না শরীর স্বাস্থ্যে, চোখে পড়ে পার্থক্য কেবলমাত্র বস্ত্রের রঙে সাদা আর গেরুয়ায়।

ভ্রাম্যমাণ তীর্থযাত্রার জন্য গাড়ী চলে আসায় আমরা আশ্রম থেকে যাত্রা শুরু করার প্রস্তুতি নিই। পরিচিত চালক 'আজাদের' গাড়ীতে উঠে গুরুমা ও গুরুমহারাজগণেদের প্রণাম জানিয়ে যাত্রা শুরু করে, টাট্‌বাবার না যাওয়া অঘোরপন্থী সিদ্ধ মহাত্মা 'কিনারাম' বাবার আশ্রম প্রথমে পরিদর্শন করা হয়। তারপর বারাণসীর 'দুর্গাবাড়ী', 'সঙ্কটমোচন' হয়ে পঞ্চক্রোশী পরিক্রমার পথে আমরা এগিয়ে চলতে থাকি।

তীর্থযাত্রা উপলক্ষ্যে পাঠকগণকে এই প্রাচীন শহরের কিছু কথা জানাচ্ছি। যেমন, বারাণসী হচ্ছে, প্রাচীন হিন্দু শৈবতীর্থ কাশীর প্রাণকেন্দ্র স্বরূপ রাজধানী। হিমালয়ের বুকে অবস্থিত প্রসিদ্ধ তীর্থস্থান উত্তরকাশীর দুই দিক থেকে বয়ে এসেছে দুইটি নদী, যথা উত্তরে বরুণা ও দক্ষিণে অসি। এই দুই নদী বরুণা ও অসি এসে মিলেছে কাশীর গঙ্গায়, তাই থেকে কাশীর আর এক নাম হয়েছে বারাণসী। আবার বামনপুরাণে বলা হয়েছে এই দুই নদীর উৎপত্তি স্থল ভগবান শ্রীবিষ্ণুর অংশসম্ভূত অব্যয় পুরুষের দক্ষিণপদ হতে জাত হয়ে বরুণা নদী আর বামপদ হতে অসি নদী। এই দুই নদীর মিলনস্থল বারাণসী, এটিও আর এক পৌরাণিক নামের ইতিকথা। উত্তরবাহিনী, গিরিনন্দিনী, কল্লোলিনী ও পুণ্যসলিলা মা গঙ্গার তীরেই প্রাচীন হিন্দু শৈবতীর্থ ও মোক্ষভূমি কাশী/বারাণসীর অবস্থান। বাংলার ইতিহাস প্রসিদ্ধ রমণী নাটোরের রাণী ভবানীর কাশীতে বহু অবদান জড়িয়ে রয়েছে, তারমধ্যে তাঁর তৈরী করা কাশীর সুপ্রসিদ্ধ গঙ্গার তীরের দশাশ্বমেধ ঘাট। স্থলপথ কিংবা জলপথে তীর্থযাত্রীদের দশাশ্বমেধ ঘাটে পৌঁছানোর অর্থই হচ্ছে কাশীধামে পৌঁছে যাওয়া। সেখান থেকে শহরের দিকে একটু এগিয়ে আসতেই দেখা যায় কাশীর প্রাণপুরুষ বাবা শ্রীশ্রীবিশ্বনাথজীর গলি। সেই গলি দিয়ে এগিয়ে আসলেই ডানদিকে পড়বে প্রাচীন মন্দির ''মা অন্নপূর্ণার''। তা থেকে কিছুটা এগিয়ে গেলে বাঁদিকে পড়বে ''বাবা বিশ্বনাথজীর'' মন্দিরে প্রবেশের একটি দ্বার। সেটা দিয়ে গেলে সামনেই পড়বে মন্দিরের ভিতর প্রতিষ্ঠিত দ্বাদশ জ্যোর্তিলিঙ্গের একটি লিঙ্গ। যা কাশীধামে ''শ্রীবিশ্বেশ্বর'' নামেও পরিচিত এবং শিবলিঙ্গটি কিছুটা তামাটে রং মিশ্রিত ও উচ্চতায় দেড় ফুটের বেশী নয়। এই প্রতিষ্ঠিত

জ্যোর্তিলিঙ্গের একটি প্রাচীন ইতিহাস রয়েছে। ১১৯২ খ্রীষ্টাব্দে পৃথ্বীরাজ চৌহান, তরাইনের যুদ্ধে মহম্মদ ঘোরীর কাছে হেরে যান, তখন ক্ষমতা প্রাপ্ত মহম্মদ ঘোরী কাশীর শ্রীবিশ্বনাথজীর মন্দিরে আঘাত হেনেছিলেন। এরপর ১৫৭০ খ্রীষ্টাব্দে আবার সেই মন্দির কালাপাহাড়ের দ্বারা আক্রান্ত হয়। তারপর আবার মহম্মদ কুতুবুদ্দিন আইবকের সময়ও এই প্রাচীন মন্দিরের প্রচুর ক্ষতি হয়। পরবর্তী ক্ষেত্রে মহম্মদ কুতুবুদ্দিনের মৃত্যুর পর ধার্মিক রাজা ইলতুৎমিস এই মন্দিরের বেশ কিছু সংস্কারের কাজ করেন। পুনরায় সিকন্দর লোদীর সময় তাঁর আক্রমণের ফলে এই মন্দিরের অনেকটাই ধ্বংস হয়ে যায়। নূতনভাবে দিল্লীর মস্‌নদে যখন বাদ্‌শা আকবর বসেছিলেন তখন, তিনি তাঁর রাজস্ব আদায়ের মন্ত্রী টোডারমলকে দিয়ে তৎকালীন আমলে প্রায় ৪৫ হাজার টাকা ব্যায় করে মন্দিরটির সংস্কার করে দেন। পরবর্তীকালে পুনরায় মুঘল সম্রাট আওরঙ্গজেবের সময় তিনি সিদ্ধান্ত নিয়েছিলেন যে, যেহেতু তাঁদেরই রাজত্বকালের অর্থে এই মন্দিরটির সংস্কার হয়েছে, সেই কারণে তিনি মন্দির ভেঙ্গে সেখানে মসজিদ তৈরী করবেন। যারফলে ১৬৬৯ খ্রীষ্টাব্দে তিনি মন্দির ভেঙ্গে সেখানে তৈরী করেছিলেন মসজিদ। যা এখন এই মন্দিরের লাগোয়া হয়ে রয়েছে।

সকল ঘটনা অবগত হয়ে ইন্দোরের মহারাণী অহল্যাবাঈ তাঁর আমলে সেইস্থানে নূতন করে শ্রীশ্রীবিশ্বনাথজীর মন্দির স্থাপনের সিদ্ধান্ত নেন। ইন্দোরের রাণী অহল্যাবাঈ ছিলেন মহাশক্তির অংশ সমুদ্ভূতা রমণী। তাঁর মনের এই শুভ ইচ্ছাকে পূর্ণ করার উদ্দেশ্যে এক শুভরাত্রিতে স্বপ্নে শিব ভগবান তাঁকে আদেশ দেন যে, 'তিনি যেন পুণ্যতোয়া স্রোতস্বিনী মা নর্মদা নদীতে প্রথম প্রহরে গিয়ে স্নান করেন এবং স্নানের সময় তাঁর হাতে উঠে আসবে একটি সুন্দর শিবলিঙ্গ। সেই শিবলিঙ্গে তিনি তাঁর জ্যোতিপ্রদান পূর্বক তাকে জ্যোর্তিলিঙ্গ করে তুলবেন।' শিব ভগবানের আদেশ মেনে রাণী নর্মদা নদীতে পেয়েছিলেন এই শিবলিঙ্গটি। তিনি অতি যত্ন সহকারে তাঁকে কাশীধামে নিয়ে এসে ১৭৮০ খ্রীষ্টাব্দে নূতন মন্দির তৈরী করে তা স্থাপন করেছিলেন। সেইটিই হল আমাদের সকলের কাশীধামে প্রতিষ্ঠিত দ্বাদশ জ্যোর্তিলিঙ্গের মধ্যে দ্বিতীয়তম। নূতন মন্দির তৈরীর পর (শ্রেষ্ঠ বা প্রধান) পাঞ্জাব কেশরী রণজিৎ সিংহ মন্দিরের শিখরগুলি ২২ মণ অর্থাৎ প্রায় ৯০০ কেজি সোনা দিয়ে মুড়ে দেন। এখন যা কড়া নিরাপত্তার মাধ্যমে সুরক্ষিত রয়েছে।

পুরাণ মতে, শ্রীশ্রীবিশ্বনাথজী সৃষ্টির আদি পুরুষ মহাকালস্বরূপ। স্বয়ং বিশ্বনাথজীই কাশীক্ষেত্রের নির্মাণ কর্তা। প্রবাদ আছে, এই স্থানে মানুষের মৃত্যু হলে মোক্ষলাভ হয়ে থাকে এবং এখানে শ্রীশ্রীবিশ্বনাথজী তাঁর নির্মিত এই কাশীধামকে তেজঃস্ত্র ত্রিশূলের মাথায় ধারণ করে আছেন বলেই, ইহা অনন্তকাল ধরে এমনভাবে সুরক্ষিত যে, মহাপ্রলয়ও এই পুণ্যধামকে স্পর্শ করতে পারে নি। এছাড়া এই সমগ্র কাশীধামের অধিষ্ঠাত্রী দেবী হচ্ছেন স্বয়ং ''শ্রীশ্রীমা অন্নপূর্ণা।'' আদ্যাশক্তি স্বরূপিণী মহামায়াই হচ্ছেন ''মা অন্নপূর্ণা''। আমরা আদ্যাস্তোত্রমে বারাণসীর মা অন্নপূর্ণার উল্লেখ পেয়ে থাকি। কাশীধামে শ্রীশ্রীঅন্নপূর্ণা মায়ের মন্দিরে প্রবেশের ঠিক কিছুটা আগে গেলে সিঁন্দুরে রাঙ্গা দেহে আশীর্বাদ মুদ্রায় দণ্ডায়মান হয়ে আছেন সিদ্ধিদাতা শ্রীগণেশজী। হিন্দুশাস্ত্র মতে প্রত্যেক দেব-দেবীর পূজার আগে 'শ্রীগণেশজী'কে পূজা করার নিয়ম আছে। কাশীধামেও সর্বাগ্রে গণেশজীকে দর্শন ও পূজা দেওয়ার প্রবাদ আছে তীর্থের ফললাভের উদ্দেশ্যে। বহুপূর্বে শ্রীশ্রীবিশ্বনাথজীর আদেশে গণেশজী তাঁরই তেজঃস্ত্র ত্রিশূল দিয়ে মন্দিরের পিছনে একটি কূপ খনন করেন, শ্রীশ্রীবিশ্বনাথজীকে নিত্য স্নান করানোর জন্য। কূপ খননের পর তার জল দিয়ে শ্রীশ্রীবিশ্বনাথজীকে স্নান করালে তিনি সন্তুষ্ট হয়ে তাঁর নিকট বর প্রার্থনা করতে বলেন গণেশজীকে। শ্রীশ্রীবিশ্বনাথজীর আদেশ শিরোধার্য্য করে গণেশজী প্রার্থনা জানান যে, এই কূপ/কুণ্ড সর্বশ্রেষ্ঠ তীর্থ হয়ে যেন কাশীধামে গণ্য হয়। এই কূপের/কুণ্ডের জল দ্বারা সেবা ও পূজার ফলে সকল ভক্তগণ দিব্যজ্ঞান প্রাপ্তির মাধ্যমে স্বর্গারোহণ করতে পারে। শ্রীগণেশজীর এইরূপ প্রার্থনার পর থেকেই শ্রীশ্রীবিশ্বনাথজী তাঁর আশীর্বাদপূত এই কূপের নাম দিয়েছিলেন 'জ্ঞানবাপী কূপ'। এর পাশেই আছে বাবা বিশ্বনাথজীর বাহন, পাথরের একটি বিশাল বৃষমূর্ত্তি (নন্দী) পাহারারত অবস্থায়। পৌরাণিক কাহিনী মতে বারাণসীতে কালাপাহাড় যখন মন্দির ধ্বংস করতে এসেছিল, সেই সময় মন্দিরের পুরোহিতগণ তাড়াহুড়ো করে আদি জ্যোর্তিলিঙ্গকে রক্ষা করতে মাটি থেকে খণ্ড অবস্থায় তুলে নিয়ে, শ্রীবিশ্বনাথজীকে সকলের থেকে অন্তরালে রাখতে তাঁরা এই জ্ঞানবাপী কূপেই আশ্রয় নেবার ব্যবস্থা করেছিলেন বলে শোনা যায়।

এছাড়া কাশীধামে অবস্থিত আছে একটি সতীপীঠ/শক্তিপীঠ। যা কাশীর মহাশ্মশান মণিকর্ণিকার ঘাট থেকে মীরাঘাটে যাবার পথে ধর্মকূপের সামনেই পড়ে তা হল মাতা 'বিশালাক্ষীর' মন্দির। তার কিছুটা পাশেই রয়েছে দেবীর ভৈরব দেবতা 'কালভৈরবজীর' মন্দির। অনেকের ধারণা ৫১টি সতীপীঠের মধ্যে বারাণসীক্ষেত্রও একটি পীঠ। বিভিন্ন পুরাণ মতে এখানে মণিকর্ণিকায় মাতা সতীর কর্ণভূষণ পতিত হয়। অনেকের মতে কাশীধামে দেবীর কর্ণকুণ্ডলমণি পতিত হয়েছিল বলেই এটিকে সতীপীঠ বলা হয়ে থাকে। বারাণসী বা কাশীতে যেখানে সতীর কর্ণ হতে মণিময় কুণ্ডল পড়েছিল, সেখানকার নাম 'মণিকর্ণী' বা 'মণিকর্ণিকা'। 'মণি' কথার অর্থ মণিমাণিক্য অর্থাৎ দীপ্তিশালী বহুমূল্য রত্ন বিশেষ। রত্নখচিত কানের অলঙ্কার অর্থাৎ কানের দুলকেই 'কর্ণকুণ্ডলমণি' বলা হয়ে থাকে। স্কন্দপুরাণে আছে কাশীস্থিত চক্রপুষ্করিণীই 'মণিকর্ণিকা' নামে প্রসিদ্ধ। এই তীর্থ একবার নিজ সলিল রূপ পরিত্যাগ করে নারী রূপ ধারণপূর্বক ভগবান কার্ত্তিকেয়কে দর্শন দিয়েছিলেন। এতেই প্রতিপন্ন হয় যে মণিকর্ণিকার 'দেবী' রূপ আছে; তাই এটি একটি পীঠস্থান। মণিকর্ণিকা ঘাট ভারতে সবচেয়ে পবিত্র স্থান মনে করা হয়। রাজা হরিশ্চন্দ্রের জীবনের সঙ্গে এই স্থান জড়িত।

মণিকর্ণিকার উৎপত্তি সম্বন্ধে কাশী খণ্ডের (স্কন্দ পুরাণ) ষড়বিংশ অধ্যায়ে বর্ণিত হয়েছে। কাহিনীটি হল — ভগবান বিষ্ণু এখানে সুদীর্ঘকাল কঠোর তপস্যা করেন তিনি নিজের চক্র দ্বারা এক রমণীয় পুকুর তৈরী করে নিজের গায়ের স্বেদ সলিল দিয়ে তা পূর্ণ করেন। বিষ্ণুর তপস্যায় প্রীতিলাভ করে মহেশ্বর সেখানে উপস্থিত হয়ে বিস্ময়ে আপ্লুত হন বিষ্ণুকে নিরীক্ষণ করে। তিনি আনন্দে তাঁর মাথা নাড়তে থাকেন তখন তাঁর মণিময় কর্ণভূষণ স্খলিত হয়ে সেখানে পড়ে। ফলে এ স্থলের নাম হয় 'মণিকর্ণিকা, মহাদেব বিষ্ণুকে বলেছিলেন, 'হে বিষ্ণো! তোমার এই মহাতপস্যা দেখে আমি অবাক হয়ে মাথা নাড়ছিলাম। তার জন্যে আমার কান থেকে এই বিচিত্র মণিসমূহ তৈরী কর্ণভূষণ এখানে পতিত হয়েছে। তাই এই স্থলের নাম মণিকর্ণিকা। তুমি চক্র দিয়ে পুকুর তৈরী করেছ, তার জন্যে এই পবিত্র পুষ্করিণী আগে থেকেই 'চক্রপুষ্করিণী' নামে বিখ্যাত। কিন্তু আজ আমার মণিকর্ণিকা পড়াতে এর নাম হল 'মণিকর্ণিকা'। *...ক্রমশঃ*

—স্বামী সংবেদানন্দজী

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

অষ্টাদশ পর্য্যায় —(নির্ঋতি)

নির্ঋতির স্বরূপকে বুঝতে গেলে তার ব্যুৎপত্তিগত অর্থের পর্যালোচনা করতে হবে। এই ব্যাপারে যাস্কের নিরুক্ত গ্রন্থটি আমাদের বিশেষ সহায়তা করে। যাস্ক দুভাবে শব্দটিকে দেখেছেন। নি-রম্ ধাতু থেকে শব্দটি গঠিত। নিঘন্টুতে পৃথিবীবাচক শব্দের মধ্যে নির্ঋতি শব্দটি পঠিত। আবার পাপ বাচক নির্ঋতি শব্দও আছে। এই দুই প্রকার নির্ঋতি শব্দ নিয়ে সন্দেহ উপস্থিত হয়। আচার্য যাস্কের ভাষায় —'একবিংশতিঃ পৃথিবীনামধেয়ান্যনুক্রান্তানি, তত্র নির্ঋতির্নিরমণাদ্, ঋচ্ছতেঃ কৃচ্ছ্রাপত্তিরিতরয়া, সা পৃথিব্যা সন্দিহ্যতে, তয়োর্বিভাগঃ' (নি. ২/১/৭/১০)। নির্ঋতির কথা বলতে গিয়ে যাস্ক বেদের দার্শনিক কবি দীর্ঘতমার দ্বারা দৃষ্ট একটি মন্ত্র (ঋক্ সং. ১/১৬৪/৩২) উদ্ধৃত করেছেন। পরিব্রাজক ও নৈরুক্ত সম্প্রদায়ের মধ্যে মন্ত্রটির তাৎপর্যার্থ নিয়ে মতভেদ আছে। পরিব্রাজকেরা এনাকে দুঃখোৎপাদক পাপ হিসাবে দেখেছেন আর নৈরুক্তরা পৃথিবী অর্থে দেখেছেন। দুটি অর্থের মধ্যে কোন সম্পর্ক নেই এমন নয়। পৃথিবী অর্থে শব্দটি রম্ ধাতু থেকে সৃষ্ট বলে আনন্দদায়িনী আবার এখানে পাপ করলে দুঃখভোগ করতে হয় বলে নৈরুক্তরা অন্যভাবে দেখলেন। আমরা আগেই ঋগ্বেদের মন্ত্র উদ্ধৃত করে বলেছি রাক্ষসদের সঙ্গে এনার উল্লেখ ঋগ্বেদে আছে। সায়ণাচার্য তাই নির্ঋতিকে রাক্ষসজাতির দেবতা বললেন। যদি শব্দটিকে 'নিঃশেষেণ ঋতি ইতি নির্ঋতি' এভাবে ব্যাখ্যা করা হয় তাহলে মৃত্যু ও দুঃখকেই বুঝব। পৌরাণিক পূজা বিধিতে যমের শক্তি হিসাবে নির্ঋতি চিহ্নিত। অমৃতের সৎপথ থেকে বিচ্যুত বলেই তিনি নির্ঋতি। অমর শেষের টীকায় ক্ষীরস্বামী শব্দটির ব্যাখ্যা করে বললেন — 'নিষ্ক্রান্তা ঋতেঃ সন্মার্গাৎ নির্ঋতিঃ।' অর্থাৎ, সৎ পথ থেকে তিনি বিচ্যুতা।

পাপ আর নির্ঋতিকে এক করে দেখার একটা ধারা

ঋগ্বেদের যুগ থেকেই ছিল। যৌনতৃপ্তির জন্যই জীবন, এরূপ ধারণা নির্ঋতির জন্য ঘটে। বিশৃঙ্খলা সৃষ্টি এনার কাজ। তাঁর কৃপা হলে তবেই এসব থেকে মুক্তি মেলে। আলস্য, নিদ্রা, স্ত্রীসম্ভোগ এসব কাজকে ধর্মশাস্ত্রকারেরা কামজব্যসন হিসাবে দেখেছেন। এগুলি জাগতিক উন্নতির থেকে মানুষকে দূরে নিয়ে যায়। মৈত্রায়ণী সংহিতায় পাশা খেলা, স্ত্রীসম্ভোগ ও নিদ্রার সঙ্গে এনার যোগের কথা বলা হয়েছে — 'এযা বৈ নৈর্ঋতা অক্ষাঃ স্ত্রিয়ঃ স্বপ্নঃ' (মৈ.সং ৩/৬/৩)। আপস্তম্ব শ্রৌতসূত্রে পাই — কোন দীক্ষিত যজমান যদি যৌন পরিতৃপ্তির জন্য স্ত্রী সঙ্গ করে তাহলে প্রায়শ্চিত্ত করার জন্য নির্ঋতির উদ্দেশ্যে একটি গাধাকে বলি দিয়ে অনুষ্ঠান করতে হবে। যজ্ঞের ক্ষেত্রে ত্রুটি ঘটলেও প্রায়শ্চিত্ত হিসাবে 'নির্ঋত্যৈ স্বাহা' মন্ত্রে ঘৃতাহুতি দেবেন। অতএব পাপ অন্যায়, ঋত-বিরোধী কার্যকলাপের সঙ্গে যে এই বিশেষ দেবতার যোগ তাতে সন্দেহের অবকাশ নেই। শতপথ ব্রাহ্মণে তাঁকে ঘোর ও কৃষ্ণবর্ণা বলা হয়েছে। পাপ, অন্যায় অজ্ঞান প্রভৃতির সঙ্গে কৃষ্ণবর্ণের যোগ আর জ্যোতি, জ্ঞান, মনীষার সঙ্গে সূর্যের দীপ্তির যোগ। অতএব 'ঘোরা বৈ নির্ঋতি কৃষ্ণা বৈ নির্ঋতি' (শতপথ ৭/২/১/৭) ইত্যাদি উক্তি নির্ঋতির স্বরূপকেই বুঝিয়েছে।

বৈদিক যুগে যজমান একা কোন যজ্ঞ করতে পারতেন না। সস্ত্রীক দম্পতীরই কেবল যজ্ঞে অধিকার। যদি কোন যজ্ঞ চলাকালে যজমান পত্নী মারা যায়, তাহলে সেই যজমানকে নির্ঋতির উদ্দেশ্যে চরু দিয়ে হবন করতে হত।

বৈদিকযুগ থেকেই বিশ্বাস ছিল কিছু পশুপাখী অশুভের বার্তাবাহী। পাখীদের বিশেষ প্রকার ডাক বা শব্দ মানুষের জীবনে আগামী অশুভকে সূচিত করে। পরবর্তীকালে এই সব বিষয় নিয়েই গড়ে উঠেছিল শকুনশাস্ত্র। কালিদাস, শূদ্রক প্রভৃতি কবিদের রচনায় এরূপ শুভাশুভ সূচনার কথা আমরা একাধিক স্থানে পেয়েছি। কিছু পাখী আবার মঙ্গলসূচক ছিল। ঐতরেয় ব্রাহ্মণে বলা হয়েছে — ঐ সব অশুভসূচক দুষ্ট পাখীদের মুখে ভর করে থাকে নির্ঋতি। তারা নির্ঋতিরই বাহন — 'নির্ঋতের্বাত্রতন্মুখং যদ্ বয়াংসি যচ্ছকুনয়ঃ'।

(ঐ.ব্রা ২/১৫)

নির্ঋতি পরবর্তী সাহিত্যে হারিয়ে গেছে। কিন্তু তার স্থান বৈদিক যুগের শেষ পর্বেই অধিকার করেছিল অলক্ষ্মী। লক্ষ্মী বা অলক্ষ্মী ঋগ্বেদের মূলে না থাকলেও খিল সূক্ত হিসাবে পরিচিত 'শ্রীসূক্তে' আমরা তাঁর বর্ণনা এবং আরো অনেক তথ্য পাই। এই লক্ষ্মী বা শ্রী সৌন্দর্য্যের দেবতা তার বিপরীত শক্তি হলেন অলক্ষ্মী। নির্ঋতি তার মধ্যে এসে মিশেছে। অলক্ষ্মী কৃষ্ণবর্ণা, লৌহালঙ্কার ভূষিতা গর্ধভারূঢ়া বিকট দেবতা। তাঁর পূজার তিথিও তাই অমাবস্যা। পশ্চিমবঙ্গের অধিবাসী বাঙ্গালী হিন্দুপরিবারে কালীপূজার অমাবস্যায় লক্ষ্মী ও অলক্ষ্মীর পূজা হয়। অলক্ষ্মীর জন্য গোবর, মেয়েদের ছেঁড়াচুল, তরকারির খোসা ইত্যাদি দিয়ে নৈবেদ্য করা হয়। পুরোহিত আগে বাড়ীতে ঢুকে উঠান প্রভৃতি স্থানে বা ক্ষেত্রবিশেষে বাড়ীর বাইরে অলক্ষ্মীকে পূজা করেন। তারপর ছেলেরা কুলা বাজাতে বাজাতে অলক্ষ্মীকে বাড়ীর বাইরে আস্তাকুঁড়ে ফেলে দিয়ে আসে। আমারা জানি যে লোক বিশ্বাস অনুসারে কুলোর বাতাস বা 'সূর্পবাত' অত্যন্ত অপবিত্র। এভাবে অলক্ষ্মীর বিদায় দিয়ে হাত পা ধুয়ে গৃহের অভ্যন্তরে লক্ষ্মীপূজা আরম্ভ হয়।

তন্ত্রধারায় নির্ঋতি ত্যজ্যা নন বরং পূজ্যা। অমঙ্গলের বিপরীত প্রকোষ্ঠেই তো মঙ্গলের অধিষ্ঠান। দুর্গা সপ্তসতীতে তাই নির্ঋতির উদ্দেশ্য প্রণাম জানিয়ে বলা হয়েছে —

'নৈর্ঋত্যৈ ভূভৃতাং লক্ষ্মৈ সর্বাণ্যৈ তে নমো নমঃ'।

অতএব বৈদিকলুপ্ত ধারার সন্ধান পেতে গেলে ভারতীয় লোকসংস্কৃতির সূক্ষ্ম পর্যবেক্ষণ উপকারক হতে পারে। বাঁজা মেয়েরা কোন শুভ কাজে আসে না কারণ নির্ঋতি তাদের ভর করে থাকে। — 'যা বা অপুত্রা পত্নী সা নির্ঋতি গৃহীতা' (শত.ব্রা ৫/১/১/১৩)। পেঁচা এনার বাহন। এটা অবশ্যই ভুতুম পেঁচা। তার ডাক শুনলে গ্রামসমাজে শাঁখ বাজাতে হয়।

একদল পণ্ডিত বৈদিক মিথ খোঁজার জন্য পৃথিবীর অন্যান্য দেশের সংস্কৃতি পরিভ্রমণে ইচ্ছুক। তাদের মধ্যে কেউ কেউ টিউটনিকদের দেবতা Nerthus এর মধ্যে নির্ঋতির সন্ধান পেয়েছেন।

...ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

নিম্নচেতনসত্তায় যুক্ত অবস্থায় মন জীবভাবে জানতে পারে না আপন আত্মপরিচয়। যখন সাধন প্রভাবে দেহ ও মনের সম্বন্ধ সাধক যোগী অবগত হন, তখন 'দেহ হল ঘট এবং মন হল পট', এই জ্ঞান হয়। **— শ্রীশ্রীমা সর্বাণী**

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(৫)

গুরুবক্ত্রে স্থিতং ব্রহ্ম প্রাপ্যতে তৎপ্রসাদতঃ।
গুরুমূর্ত্তেঃ সদা ধ্যানং যথা বৈ বিনিয়োজিতম্।।২১

গুরুবক্ত্রে স্থিতং ব্রহ্ম, প্রসাদতঃ (এব) প্রাপ্যতে (লভ্যতে) (তদ্ধেতোঃ) গুরুমূর্ত্তে যথাবৈ বিনিয়োজিতং সদাধ্যানং (কুর্য্যাৎ) (গুরুমূর্ত্তিধ্যানাৎ ব্রহ্ম প্রসন্নং ভবতীত্যর্থং)।।২১


শ্রীহরিমোহন বাবা

সত্যস্বরূপ ব্রহ্মের মুখ সেই জ্যোতির্ম্ময় ব্রহ্মপদে অপিহিত (আচ্ছাদিত) আছে (ঈশোপনিষৎ ১৫ শ্লোক দেখ - হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্), গুরুমূর্ত্তি সেই ব্রহ্মপদে একান্ত ধ্যানের দ্বারা ব্রহ্ম প্রসন্ন হইলে ব্রহ্মলাভ হয়, অতএব গুরুমূর্ত্তির ধ্যানে সদা নিরত থাকিবে।।২১

স্বাশ্রমোক্তং স্বজাতিঞ্চ স্বকীর্ত্তিং পুষ্টিবর্দ্ধিনীম্।
অন্যৎ সর্ব্বং পরিত্যজ্য গুরোরন্যং ন ভাবয়েৎ।।২২

স্বাশ্রমোক্তং, স্বজাতিঞ্চ স্বকীর্ত্তিং, পুষ্টিবর্দ্ধিনীং, যৎ যৎ কর্ম্ম (ততঃ) অন্যৎ চ যৎ জগৎসম্বন্ধি কর্ম্ম (অস্তি), তৎ সর্ব্বং পরিত্যজ্য (গুরুমেব ভাবয়েৎ), গুরোরন্যং ন ভাবয়েৎ।। ২২

স্বাশ্রমোক্ত ধর্ম্ম-ঔদার্য্যভাব পরিত্যাগ করিয়া নিজ আশ্রমোক্ত ধর্ম্ম পালনে বদ্ধভাবে অবস্থিতি, স্বজাতিধর্ম্ম - 'উদারচরিতানান্তু বসুধৈব কুটুম্বকং' তদ্ভাবসম্পন্ন নহে, পরন্তু নিজ জাতিগত ধর্ম্মে বদ্ধ থাকিয়া সর্ব্বগত ব্রহ্মের জ্ঞানে বঞ্চিত হইয়া থাকা, স্বকীর্ত্তি — নিজের প্রতিষ্ঠা লাভের জন্য যত্ন; পুষ্টিবর্দ্ধিনী কার্য্য—শরীরকে আত্মবোধে তাহারই পুষ্টিসাধনের জন্য চেষ্টা; এবং অপরাপর সর্ব্ব প্রকার বদ্ধজীবোপযোগী ক্রিয়া পরিহার করিয়া গুরুধ্যানে থাকিবে এবং বাহ্য কার্য্য করিতেছি বাহ্য বিষয়লাভ করিবার জন্য নহে, পরন্তু উহা কৃতকর্ম্মের ফলাফলের প্রতি লক্ষ্য না রাখিয়া নিষ্কামভাবে করিতে হইবে, সুতরাং অন্য ভাবনা না রাখিয়া গুরুধ্যানে নিরত থাকিবে।।২২

গুরুবক্ত্রে স্থিতা বিদ্যা গুরুভক্ত্যানুলভ্যতে।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গুরোরারাধনং কুরু।।২৩

গুরুবক্ত্রে স্থিতা বিদ্যা, (সা) গুরুভক্ত্যা অনুলভ্যতে, তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন গুরোঃ আরাধন কুরু।।২৩

গুরুবক্ত্রে বিদ্যা (সত্যজ্ঞান-অর্থাৎ ব্রহ্ম সত্য এবং জগৎ মিথ্যা এই জ্ঞান- উহা কাল্পনিকভাবে বিদ্যার উপাসনার দ্বারা লাভ হয় না, পরন্তু প্রত্যক্ষভাবে ব্রহ্মদর্শনের দ্বারা হয়— ঈশোপনিষৎ ৯ম শ্লোক দেখ) অবস্থান করিতেছে, গুরুভক্তির দ্বারা উহা লাভ হয়; সে কারণ সর্ব্ব প্রকার প্রযত্নের দ্বারা গুরুর আরাধনায় রত থাকিবে।।২৩

ত্রৈলোক্যস্ফুটবক্তারো দেবাদ্যসুরপন্নগাঃ।
ধ্রুবং তেষাঞ্চ সর্ব্বেষাং নাস্তি তত্ত্বং গুরোঃ পরম্।।২৪

ত্রৈলোক্যে যে স্ফুটবক্তারঃ সন্তি তথা য়ে দেবাদ্যসুরপন্নগাঃ (বিদ্যন্তে), তেষামপি সর্ব্বেষাং তত্ত্বং গুরোঃ পরং ন অস্তি ইতি ধ্রুবম্।।২৪

জগদন্তর্গত স্বর্গ, মর্ত্ত্য, পাতাল এই তিন লোকে দেবতা, অসুর ও পন্নগ প্রভৃতি বিবিধরূপে দৃষ্টিগোচর হয়, উহাদের স্বরূপের প্রত্যক্ষভাবে জীবের উপলব্ধি হয় না, পরন্তু পরোক্ষভাবে বাক্যের দ্বারা (বাহ্যভাবে) উহার স্ফুরণ হয়, অর্থাৎ কথা কহিলে অথবা অন্য প্রকার বাহ্যলিঙ্গের দ্বারা উহার অস্তিত্ব বুঝা যায়। প্রাণরূপ জীবের স্বরূপ মায়িক রূপের দ্বারা আবৃত বলিয়া উহা অপ্রকাশ রহিয়াছে এবং নিজবোধরূপ নহে, যথা - মৃত দেহ দর্শনে প্রাণের অবগতি হয়না, পরন্তু দেহ কথা কহিলে অথবা অন্যপ্রকার জীবন্ত লক্ষণ দেহে প্রকাশিত হইলে, দেহমধ্যে প্রাণের সত্তা বুঝা যায়, তথাপি প্রাণের স্বরূপের উপলব্ধি হয় না, উহা ব্রহ্ম দর্শনে নিজবোধরূপ হয়। সে কারণ বাহ্যাকারে দৃশ্যমান ঐ সমস্ত বস্তুর তত্ত্ব শ্রীগুরুর তত্ত্বের অপেক্ষা শ্রেষ্ঠ হইতে পারে না। ত্রিলোকে যে কেহ বা যাহা কিছু তত্ত্বের বিশদভাব জ্ঞাপক বলিয়া পরিচিত হয়, তাঁহারাও গুরুরই সাহায্যে এই ভাবে প্রকাশকের অবস্থা লাভ করিয়াছেন, অতএব তাঁহাদেরও তত্ত্ব অপ্রকাশ গুরুতত্ত্বের অতিরিক্ত নহে।। ২৪ *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও
সর্বসত্ত্ব সংরক্ষিত)

যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব

পঞ্চবিংশ পর্য্যায়—

শ্লোক :— *জ্ঞানেঽপি সতি পশ্যৈতান্ পতগাঞ্জ্ঞাবচঞ্চুষু।*
কণমোক্ষাদৃতান্মোহাৎ পীড্যমানানপি ক্ষুধা।।৩৬

শব্দার্থ :— জ্ঞানে অপি সতি — জ্ঞান থাকা সত্ত্বেও; পীড্যমান অপি — পীড়িত হয়েও; শাবক চঞ্চুষু — শাবকদের ঠোঁটে; কণমোক্ষ আদৃতান — শস্যকণা দানে আগ্রহী।

বাংলা শ্লোকার্থ :— শাবকদের খাইয়ে নিজের ক্ষুধা মেটেনা জেনেও পক্ষীগণ নিজেরা ক্ষুধার জ্বালা নিয়েও মোহবশে নিজেরা না খেয়ে শাবকদের মুখে শস্যদানা তুলে দেয়।

যৌগিক ব্যাখ্যা :— নিজেরা ক্ষুধার জ্বালায় কাতর হওয়া সত্ত্বেও পশুপাখীগণ নিজেদের খাদ্য সন্তানদের দেয়। মানুষরূপী জীবকেও তাদের সন্তানের প্রতি এরূপ আচরণ করতে দেখা যায়। উল্লেখ্য যে, মানুষ ভবিষ্যতে সন্তানদের নিকট অনুরূপ সৎ আচরণের আশা করলেও পক্ষীগণের মধ্যে সেরূপ প্রত্যুপকারের আশা থাকে না। তাই একদিকে মোহজনিত অজ্ঞানতা, অন্যদিকে প্রকৃতিগত আত্মতৃপ্তি বলে পক্ষীকুলের এইরূপ স্বভাব দেখা যায়।

আপাতদৃষ্টিতে মানুষের ক্ষেত্রেও স্বীয় স্ত্রী, পুত্র ও স্বজনদের প্রতি যেরূপ স্নেহ মমতা প্রদর্শন হয়, সেটি প্রকৃত মোহজনিত অজ্ঞানতা ও রিপুভোগ্য প্রবৃত্তির পরিতৃপ্তির জন্যে হয়। তাই স্ত্রী-পুত্রদের অত্যাচার সত্ত্বেও তাদের প্রতি সুরথ ও সমাধি বৈশ্যের মনে যে দুর্বলতা, তার কারণ এদের মোহ রিপু জনিত মানসিক দুর্বলতা।

শ্লোক :— *মানুষা মনুজব্যাঘ্র সাভিলাষাঃ সুতান্ প্রতি।*
লোভাৎ প্রত্যুপকারায় নন্বেতে কিং ন পশ্যসি।।৩৭

শব্দার্থ :— মনুজ ব্যাঘ্র — মানব শ্রেষ্ঠ; সুতান্ — পুত্রগণ; অভিলাষাঃ — অভিলাষী; প্রত্যুপকারায় — উপকার লাভের আশায়।

বাংলা শ্লোকার্থ :— হে নরশ্রেষ্ঠ! মানুষ ভবিষ্যতে উপকার লাভের আশায় লোভবশে সন্তানদের প্রতি স্নেহ পরায়ণ হয়, একথা কেন উপলব্ধি করছেন না?

যৌগিক ব্যাখ্যা :— রাজা সুরথকে 'মানবশ্রেষ্ঠ' বলে সম্বোধন করে মেধাঋষি স্মরণ করিয়ে দিচ্ছেন যে, স্নেহ মমতাবশে সন্তানদের যে ভরণ-পোষণ করা হয় তা সম্পূর্ণ নিঃস্বার্থ নয়। বৃদ্ধ বয়সে তাদের পুত্র-কন্যাগণ যত্ন নিয়ে ভরণ-পোষণ করবে, এই স্বার্থবোধ জনিত প্রত্যাশা জীবরূপী মানুষের মনে প্রকৃতিগতভাবে জাগরুক থাকে।

আধ্যাত্মিক দৃষ্টিতে বলা যায়, মানুষ যারই সেবা করুক না কেন, প্রকৃতপক্ষে তা নিজপ্রবৃত্তিজ স্বার্থযুক্ত আত্মসেবা। সাধারণ মানুষ অবশ্য অজ্ঞানতার কারণে তা অনুধাবন করতে পারে না। বাস্তবে ভগবত বিশ্বাস নিয়ে নিঃস্বার্থভাবে সকলের সেবা করলে বা আপন-পর অভেদজ্ঞানে ভালোবাসা বা প্রীতি দেখাতে পারলে মানুষ প্রকৃত আত্মযুক্ত হয়ে আত্মোপলব্ধির সাধনায় অগ্রসর হতে পারে।

শ্লোক :— *তথাপি মমতাবর্ত্তে মোহগর্ত্তে নিপতিতাঃ।*
মহামায়া প্রভাবেণ সংসারস্থিতিকারিণা।।৩৮

শব্দার্থ :— সংসারস্থিতি কারিণা — সংসার স্থিতিকারী; মমতা আবর্তে — অজ্ঞানরূপ আবর্তে; মহামায়া প্রভাবেন — মাহামায়ার প্রভাবে।

বাংলা শ্লোকার্থ :— তা সত্ত্বেও সংসারের স্থিতিকারী মহামায়ার প্রভাবে মানুষ মমতারূপ আবর্তে পতিত হয়।

যৌগিক ব্যাখ্যা :— সংসার জীবনে জীবভাবে মানুষ সব কিছু 'আমার আমার' ভাবতে ভাবতে মোহরূপ গর্তে আবদ্ধ হয়ে যায়। মায়া জালে জড়িয়ে মানুষ তার প্রকৃত বিশুদ্ধ 'আমি' রূপ সত্তাবোধক মহান সত্ত্বাকে বিস্মৃত হয়। এই অজ্ঞান অবস্থার কারণে জীবকে বারংবার জন্ম-মৃত্যুর আবর্তে পরিক্রমা করতে হয়। এই মোহভাব জীবনবোধকে এমন ভাবে প্রভাবিত করে রাখে যে মানুষ ভাবে 'আমি' না থাকলে তার এই দেহ, সংসার ও ইন্দ্রিয়বোধ সব কিছুই যেন তার নিছক মূল্যহীন হয়ে পড়ে; অর্থাৎ 'আমি বা আমার' বোধরূপ অহংভাব যে অজ্ঞানরূপ মায়ার একটি আবরণ, এটিও অজ্ঞানতাবশতঃ মানুষ অনুধাবন করতে সক্ষম হয় না। যোগ সাধনার দ্বারা বিবেকবুদ্ধিবলে ও জ্ঞানচক্ষু উন্মোচিত হলে পরে তখন মানুষ আত্মবোধের আলোকে উপলব্ধি করতে পারে যে ''সবকিছুই 'আমাতে' সঞ্জাত, স্থিত ও লয়প্রাপ্ত হয়।''

মোহগর্তের আবর্তে পতিত মানুষের এই দুরবস্থার কারণ সম্বন্ধে মেধা ঋষি বলতে চাইছেন, 'মহামায়া প্রভাবেন স্থিতি কারিণা' অর্থাৎ, আমাদের প্রবৃত্তিমার্গের সংসার লীলায় অংশ গ্রহণ করার জন্যই মহামায়ার এইরূপ উদ্দেশ্য। এক কথায় বহুরূপে বিরাজ করে আনন্দ উপভোগ। তাই বোঝানোর জন্যই এই সংসার স্থিতির আয়োজন। তুলনামূলকভাবে বলা

যায়, চোখ বাঁধা না থাকলে যেমন লুকোচুরি খেলা হয় না, সেইরূপ মোহ না থাকলে সংসার খেলাও চলে না। সুতরাং মহামায়ার প্রভাবেই এই মোহভাব, তাই হতাশ হবার কিছু নেই। তাই স্মরণ রাখা প্রয়োজন যে স্বেচ্ছায় মোহাচ্ছন্ন না হয়ে সকলে মহামায়ার প্রভাবেই সংসার মঞ্চে নির্দিষ্ট ভূমিকা অভিনয় করে যাচ্ছে, কেহ ধার্মিকের, কেহ অধার্মিকের তথা পাপীর। স্বয়ং মহামায়াই এই খেলার পরিচালিকা তথা অভিনেতা ও অভিনেত্রী।

মহামায়া মায়েরই যে এইরূপ দিব্যলীলা এই বিশ্বসংসারে চলছে তা উপলব্ধি করতে পারলে মানুষ মহামায়ার চরণে সমর্পিত চিত্ত হয়ে আর কোন বন্ধনেই আবদ্ধ হয় না। একদিকে তিনি সগুণ আবার অন্যদিকে তিনি নির্গুণ; তাঁর অস্তিত্ব উভয়েরই মধ্যে। সদ্‌গুরুর উপদেশ অনুসারে অন্তরের ব্যাকুলতা নিয়ে যোগ সাধনায় উদ্যোগী হতে পারলে মানুষ মহামায়ার এইরূপ আনন্দলীলার তাৎপর্য্য ক্রমশঃ অনুধাবন করতে সক্ষম হয়। *.....ক্রমশঃ*

—অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায় (অবসরপ্রাপ্ত)
বহরমপুর কলেজ, মুর্শিদাবাদ

কৃষ্ণ কথা

ঋষিরূপা গোপীগণের কথা

শ্রীশ্রীমা সর্বাণী

বঙ্গে মঙ্গল নামে এক গোপ ছিলেন। তিনি পরমশ্রীসম্পন্ন, জ্ঞানসম্পন্ন এবং নবলক্ষ গো-র অধীশ্বর ছিলেন। এই গোপের পাঁচ হাজার পত্নী ছিল। একদা দৈববশে তাঁহার সমস্ত ধন বিনষ্ট হয়, তস্করে তাঁহার অনেক গো অপহরণ করে। এইরূপে দৈন্য উপস্থিত হইলে মঙ্গল দুঃখিত হন। সেই সময়ে শ্রীরামচন্দ্রের বরে দণ্ডকারণ্যবাসী ঋষিগণ সবাই স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া মঙ্গলের কন্যারূপে জন্মগ্রহণ করেন। তখন মঙ্গল আধি-ব্যাধিযুক্ত হইয়া অত্যন্ত দুঃখ-দুর্দ্দশাগ্রস্ত হইয়াছিলেন; অনন্তর তাহার কন্যাদিগকে দেখিয়া মঙ্গল বলিয়াছিলেন —''কি করিব, কোথায় যাইব, কে আমার দুঃখ দূর করিবে? সম্প্রতি আমার না আছে শ্রী, না আছে ধন, না আছে বল ও বংশগৌরব। ধন ব্যতীত এই সকল কন্যার বিবাহ কিরূপে হইবে? যেস্থলে আমার আহারই নির্বাহ হয় না, তথায় ধনের আশা কোথায়? 'দৈন্য দশায় কন্যা জন্মে', এই প্রবাদ আমার গৃহে কাকতালীয়বৎ মিলিয়া গেল। অতএব আমি কোন ধনশীল বলবান রাজাকে এই সকল কন্যা অর্পণ করিব।''

মঙ্গল কন্যাগণের প্রতি এইরূপ তাচ্ছিল্যতা প্রকাশপূর্বক দিনযাপন করিতে লাগিলেন, এমন সময় মথুরা প্রদেশ হইতে 'জয়' নামে একজন গোপ আগমন করিলেন। তিনি ছিলেন তীর্থযাত্রী ও অতীব বুদ্ধিমান বিচক্ষণ ব্যক্তি এবং বয়সে বৃদ্ধ। মঙ্গল তাহার নিকট নন্দরাজের অদ্ভুত বৈভবের কথা শুনিলেন। নন্দরাজের উদ্দেশ্যে কি উপহার প্রেরণ করিবেন চিন্তা করিয়া দৈন্যপীড়িত মঙ্গল অগত্যা তাহার কমল-লোচনা কন্যাগণকে পাঠাইয়া দিলেন। সেই সকল কন্যাগণ নন্দরাজগৃহে রত্নভূষিতা হইয়া গোগৃহে গোগণের গোময় পরিষ্কার কার্য্যে নিযুক্ত হইল। তথায় সুন্দর শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া তাহাদের পূর্বজন্ম স্মরণ হইল এবং তখন হইতে কৃষ্ণপ্রাপ্তির বাসনায় তাহারা নিত্য যমুনার সেবা করিতে লাগিল। অনন্তর একদা দীর্ঘ-নয়না শ্যামলাঙ্গী কালিন্দী দেবী তাহাদিগকে দর্শন দিয়া বরদান করিতে উদ্যত হইয়া উহাদের নিকট আবির্ভূত হইলে তাহারা বলিল—''ব্রজরাজ নন্দের পুত্র আমাদের পতি হউন।'' দেবী কালিন্দী ''তাহাই হউক'' বলিয়া সেইস্থলে অন্তর্হিতা হইলেন। সেই সকল কন্যা কার্ত্তিকী পূর্ণিমায় বৃন্দাবনের রাসমণ্ডলে উপস্থিত হইলে অমর নারীগণের সহিত (অর্থাৎ, নিত্যলোকবাসী গোপীগণের সহিত) অমররাজ ইন্দ্রের ন্যায় তাহাদের সহিত শ্রীকৃষ্ণ রাসোৎসবে রমণ করিলেন।

ভগবৎ-লীলা সম্পাদনের এই-ই মাহাত্ম্য যে ত্রেতাযুগের মুনিঋষিগণ অবশেষে দ্বাপর যুগে পরম পুরুষোত্তমের পরমসিদ্ধ ভূমি গোলোকে বা বৈকুণ্ঠলোকে শ্রীকৃষ্ণ সমীপে 'নিত্যসিদ্ধ' হইয়া স্থান প্রাপ্ত হইলেন। শ্রীকৃষ্ণের রাসমণ্ডলে যাঁহারা স্থানপ্রাপ্ত হন তাঁহারা পরমব্রহ্মের প্রকৃতি দেহকে লব্ধ হইয়া অপ্রাকৃত ভাগবতী-তনু প্রাপ্ত হন; এই সকল নিত্যসিদ্ধগণের অখণ্ডযোগ পূর্ণ হইয়া যায়। উপরিউক্ত ঋষিগণ এইভাবেই ভগবৎ কৃপায় নিত্যরাস মণ্ডলে গোপীদেহ প্রাপ্ত হইয়াছিলেন। শ্রীভগবানের বিশেষ অনুগ্রহ ভিন্ন গোলোকে বা বৈকুণ্ঠলোকে আশ্রয় পাওয়া যায় না। *('গর্গ সংহিতা' হইতে সংগৃহীত)*

গুপ্তযোগী ভূপতি মহারাজ

(৯)

শ্রীসুরেন বন্দ্যোপাধ্যায়ের ডায়রী থেকে —

''সহসা বিদধীত ন ক্রিয়াম্ অবিবেকঃ পরমাপদং পদম্।
বৃণতে হি বিমৃশ্যকারিণং গুণলুব্ধা স্বয়মেব সম্পদ।।''

—হঠকারিতাবশে অকস্মাৎ কোন কাজ করে বস না।

আজ রবিবার। সকালে শ্রীগুরু সমীপে উপস্থিত হলাম। তিনি বাইরের ঘরের সেই অনাবৃত তক্তপোষের উপর বসে একাকী উচ্চৈঃস্বরে জপ করছেন। আমি প্রণাম করতেই অজস্র মধুর আশীর্বাদ করে বসতে আদেশ করলেন। আমি তক্তপোষের এক কোণে বসে তাঁকে দর্শন করছি ও পূর্ব সঙ্কল্প মত আমার বক্তব্য নিবেদন করার সুযোগের প্রতীক্ষা করছি।

কিছুদিন যাবৎ আমার মনে একটা তীব্র বিক্ষোভের আলোড়ন চলছে। ভগবান কি বস্তু, সমাধি অবস্থাটা কি, এ সম্বন্ধে প্রত্যক্ষ জ্ঞানের আশায় মন বড় চঞ্চল হয়ে উঠেছে। আমার দৃঢ় বিশ্বাস, শ্রীভূপতিনাথ কৃপা করলে অনায়াসে ও অবিলম্বে সমাধি ও ভগবদ্দর্শন হতে পারে। কারও কারও হয়েছে শুনেছি। আমার বেলায় কৃপা করতে কেন তিনি বিমুখ হবেন! স্থির করলাম, যেমন করেই হোক আজ শ্রীগুরুর নিকট হতে ভগবদ্দর্শন আদায় করতেই হবে। যে জন্য যে কোন অবস্থার সম্মুখীন হতে প্রস্তুত হয়ে তাঁর নিকট আমার এই ঐকান্তিক প্রার্থনা জ্ঞাপন করব। তদনুযায়ী দৃঢ় সঙ্কল্প করে আজ শ্রীগুরু চরণ সমীপে উপস্থিত হয়েছি।

শ্রীগুরু আজ যেন জপ-সমাধিতে পর্য্যায়ক্রমে মত্ত হয়ে আছেন। সকাল আট্টায় এসেছি, এখন প্রায় বারোটা বাজে। নাম জপের বিরাম নেই। অবশেষে অধীর হয়ে হাতজোড় করে বললাম, ''অনেক্ষণ বসে আছি, যদি অনুমতি করেন একটি কথা বলতে আজ বড়ই ইচ্ছা।''

শ্রীগুরুদেব বললেন, ''তুমি এতক্ষণ বসে বসে আমাকে দর্শন করলে, এ তোমার ভগবান দর্শন করা হল। আমার মধ্যে তাঁর দর্শন পেয়ে তুমি ধন্য হয়ে গেলে।''

বুঝলাম, আমার আজকের মনোভাব শ্রীগুরুর অজ্ঞাত নয়। আমার মনের সঙ্কল্প জেনে সংক্ষেপে ঐ বাক্য দ্বারা আমার অন্তরের অশান্তি নিরাকৃত করতে চাইছেন। আমি তখন বললাম —''যদি আপনার বাক্য সত্য হয়, তবে আমাকে এ বিশ্বাস দিন যেন আপনাকেই ভগবান রূপে দর্শন করতে পারি। সর্বভূতে যেন আপনার দর্শন পাই।''

আমার কথা শুনেই তিনি হাসতে লাগলেন ও প্রত্যুত্তরে বললেন, ''সে বিশ্বাস রাখা চাই, বিশ্বাসের জন্য প্রার্থনা করতে হয়। তবে গুরু আমি ভগবান, তোমাকে আশীর্বাদ করি, তোমার বিশ্বাস বেড়ে যাক।''

আমি বললাম - ''আমার প্রার্থনা একটিবার শুনবেন কি?''

তিনি বললেন, ''হ্যাঁ, কি-বল?''

আমি বললাম, ''আমি আজ মনে মনে এই স্থির করে এসেছি - ভগবান কি বস্তু সেটি আজ জানবো; এই যেমন আপনাকে দেখছি তেমনি খোলা চোখে তাঁকে একবার দর্শন করবো। আপনি বহুদিন বহুবার বলেছেন যে আপনার সে ক্ষমতা আছে, যার দ্বারা আপনার অনুগৃহীত ব্যক্তির ভগবান লাভ হয়। বহু লোককে আপনি সেভাবে কৃপাও করেছেন। আমিই বা সেই কৃপা থেকে বঞ্চিত হব কেন? এর সঙ্গে আর একটি কথাও জানাতে চাই। আজ শুধু মিষ্টি কথায় আমাকে ভোলাতে পারবেন না। আজ আপনাকে ছাড়ছি না।'' -প্রায় এক নিঃশ্বাসে কথাগুলো বলে ফেললাম। আমার মুখ মণ্ডল তপ্ত হয়ে ঝাঁ ঝাঁ করছিল।

শ্রীগুরুদেব ধীরভাবে সান্ত্বনা দিলেন, ''যাদুমণি, তুমি অধীর হয়ো না। তোমার প্রার্থনা এ জীবনেই পূর্ণ হবে, সেই সুসময়ের জন্য অপেক্ষা কর।''

আমি বললাম, ''সে সুসময় আমার এখনই হোক্ আপনি গুরু, আপনার কৃপায় তো সকলই সম্ভব। সে সুসময় আজই আমায় করে দিন।''

শ্রীগুরুদেব বললেন,''তোমার দেহ তৈরী নয়; দেহ তৈরী না হলে কি করে হবে?''

আমি বললাম,''আপনি কৃপা করে সেই অবস্থা আমার করে দিন।''

শ্রীগুরুদেব বললেন,''দ্যাখো, ঠাকুর বলতেন, মায়ার দীঘিতে হাতি নামলে দীঘির কিছুই হয় না। কিন্তু ডোবাতে হাতি নামলে ডোবার জল উপ্‌চে পড়ে।''

আমি বললাম, ''আপনি তো বলে থাকেন গুরুকৃপায় সবই হয়। আপনি গুরু কৃপা করে সেই অবস্থা আমার এনে দিন, আমি যে কোনো মতেই স্থির থাকতে পারছি না। আমি দ্বিতীয়বার আপনাকে জ্বালাতন করব না। শুধু একটিবার,

একটিবার মাত্র আপনার আশীর্বাদে আমার দর্শন হোক। তাঁকে যে পাওয়া দরকার, তাঁকে যে দেখা যায়, এ ধারণাও তো আমার পূর্বে ছিল না। যদি কৃপা করে আমাকে সে বিশ্বাস দিয়ে শ্রীচরণে আশ্রয় দিয়েছেন, অনুগত আশ্রিতকে কেন না রক্ষা করবেন? আজ আপনাকে বলছি বটে, কিন্তু জানবেন, তিন চার মাস এ ছাড়া আমার অন্য চিন্তা নেই, আমি কোন মতেই এ অবস্থা আর সহ্য করতে পারছি না। এ জন্যই আমার প্রার্থনা আজ আপনাকে পূর্ণ করতেই হবে। আজ আমি আপনাকে কিছুতেই ছাড়ছি না।''

শ্রীগুরুদেব অত্যন্ত চিন্তাকুল হলেন ও গম্ভীরস্বরে উত্তর করলেন, ''যাদুমণি, জানো তো, — If the son wants bread the father does not give him stone. (St.John-13,7)।

চৈতন্য চরিতামৃতে জনৈক ঈশ্বর পিপাসু ভক্তকে শ্রী চৈতন্যদেব বলছেন —'স্থির হয়্যা গৃহে যাহ, না হও বাতুল, ক্রমে ক্রমে পায় লোক ভবসিন্ধুকুল।' মহাভারতের বনপর্বে যুধিষ্ঠির ভীমকে বলছেন -

'অভিবর্ষতি যোহনুপালয়ন্ বিধিবীজানি বিবেকবারিণা।
স সদা ফলশালিনীং ক্রিয়াং শারদং লোকই বাধিতিষ্ঠতি।।'

— কৃষক যেমন বীজ বপন ও তাতে জলসেচ করে শস্যশালিনী শরৎকালের জন্য প্রতীক্ষা করে, সেই রকম যিনি বিবেচনা করে উপযুক্ত কালের জন্য প্রতীক্ষা করেন, তিনিই সিদ্ধিলাভ করতে পারেন। তোমার মঙ্গল কিসে হবে, সেটি তোমার চেয়ে আমার ভালো জানা আছে। এজন্য আমার কথাটি রাখো — অধীর হয়ো না, সুসময়ের অপেক্ষা কর।''

আমি বললাম, ''আজ আপনার কথায় আমি ক্ষান্ত হবো না। আপনি প্রশ্রয় দিয়েছেন, তাই আপনার কাছে আবদার করতে সাহস পেয়েছি। আজ আমার প্রার্থনা আপনাকে পূর্ণ করতেই হবে।''

শ্রীগুরুদেব বললেন, ''যাদুমণি, তুমি আমার অনুরোধ রক্ষা কর। তোমার ভেতর আজ একটি তরঙ্গ এসেছে। আমার আশীর্বাদে তুমি এ দেহেই ভগবানের দর্শন পেয়ে ধন্য হয়ে যাবে। তুমি এটি বিশ্বাস কর।''

আমি বললাম, ''বিশ্বাস বা অবিশ্বাস - দয়া করে যে অবস্থা আমাকে দেবেন তাই আমার পক্ষে উত্তম কিন্তু আজ আমি প্রতিজ্ঞা করে এসেছি। 'ইহাসনে শুষ্যতু মে শরীরম্' - এই আমার শেষ কথা, এ বুঝে আপনি যা ভাল মনে করেন'' —

আমার অসমাপ্ত বাক্য ছেদ দিয়ে নগেনবাবু (শ্রীগুরুদেবের কনিষ্ঠ ভ্রাতা) শ্রীগুরুসমীপে নিবেদন করলেন, বেলা প্রায় একটা হয়েছে, স্নান আহারের সময় উত্তীর্ণ হয়ে যায়। আমি কাকাবাবুকে বললাম, ''আপনি আপনার দাদাকে নিয়ে যান আমি এখানে বসে থাকি।'' গুরুদেবকে লক্ষ্য করে বললাম, ''আপনি এখন যান, স্নানাহার সেরে আসুন, আমি ততক্ষণ বসছি।''

কাকাবাবুকে বিদায় দিয়ে গুরুদেব স্নেহভরা কণ্ঠে আমাকে অনুরোধ করলেন, ''যাদুমণি, আজ তবে এসো।''

আমি বললাম, ''এই আমি বসে রইলাম। আমার প্রার্থনা যতদিন না পূর্ণ হয়, আহার নিদ্রা ছেড়ে এই জায়গায় এইভাবে আমি বসে থাকবো। আপনি কষ্ট করবেন না — দয়া করে খেয়ে আসুন। আমার প্রাণের জ্বালা আপনি বুঝতে চাইছেন না।''

শ্রীগুরু যেন অতিশয় কাতর হয়ে বললেন —''যাদুমণি আমি সবই জানি, সবই বুঝি, আর সেজন্যই তেমাকে বারবার নিবৃত্ত করছি। কিন্তু কোন মতেই তুমি আমার কথা শুনছো না, কি আর করা যায়!''

একটু পরে থেমে বললেন গম্ভীর স্বরে —''তুমি জান, তোমার এখন দর্শন হলে কি অবস্থা হতে পারে? - হয় মৃত্যু, নয়তো উন্মাদ অবস্থা। গুরু আমি, জেনে শুনে কি এ অবস্থা তোমার হতে দিতে পারি তোমায় আমি কত ভালবাসি, কত আদর করি। জিদ্ ছাড়ো, আমার কথা শোনো।''

আমি দৃঢ়ভাবে উত্তর করলাম —''মৃত্যু অথবা উন্মাদ অবস্থা, আমি স্বেচ্ছায় এই দুটিরই জন্য প্রস্তুত হয়ে আছি। আপনি আমার প্রার্থনা পূর্ণ করুন।''

শ্রীগুরু আত্মস্থ হলেন। তীক্ষ্ণ দৃষ্টিতে আমার দিকে তাকালেন। তারপরে দৃপ্তকণ্ঠে বললেন, ''আজ হতে তিন দিন পর তুমি আমার কাছে এসে প্রথমে যা প্রার্থনা করবে তোমার সেই প্রার্থনাই পূর্ণ হবে।''

সহজ আদরের সুরে পরক্ষণেই বললেন, ''কেমন, সুখী হলে তো? আচ্ছা এখন তবে এসো।''

আমি বললাম, ''আজ রবিবার। মনে রাখবেন রবি, সোম, মঙ্গল - এই তিন দিন পর বুধবার সকালে আমি আসছি। আচ্ছা, যদি এমন হয় যে সেদিন আপনার দেখা পেলাম না। কোথাও বা চলেই গেলেন?''

শ্রীগুরুদেব জোর দিয়ে বললেন ''আজ হতে তিন দিন পরে প্রথমে যেদিন আমাদের যেখানে দেখা হবে, সেখানে সেদিনই তোমার প্রার্থনা পূর্ণ হবে।''

আমি তখন করজোড়ে ক্ষমা ভিক্ষা করলাম। এতটা হঠকারিতা ও স্নানাহারের অসুবিধা সৃষ্টি করে বসে থাকার জন্য ক্ষমা চাইলাম। শ্রীগুরু অজস্র মধুর আশীর্বাদ করে বেলা প্রায় দেড়টার সময় বিদায় দিলেন। *....ক্রমশঃ*

——শ্রীসজল কান্তি ভট্টাচার্য্য

গীতা ভাবনা
(২০)

গীতা একটা আধ্যাত্মিকতার চিত্রকল্প হিসাবে রথ, রথী ও সারথিকে উপস্থাপিত করেছে। জিজ্ঞাসু ভক্ত হল শ্রেষ্ঠ রথী এবং তার দেহই হল রথ ঋগ্বেদের সূর্যাসূক্তে মনকে চৈতন্যরূপী সূর্যার রথ বলা হয়েছে। দ্যুলোক সেই রথের উপরকার আচ্ছাদন। যথার্থ রথী হলেন জ্ঞানী ও শুদ্ধসত্ত্ব। জীবাত্মা হলেন রথের রথী। ঋগ্বেদে আদর্শ রথী হলেন কুৎস ঋষি এবং তাঁর রথের সারথি হয়েছিলেন ইন্দ্র - 'কুৎসেন রথো যো অসৎ সসবান্' (ঋক্ সং ১০/২৯/২)। দেবতাদের নায়ক ইন্দ্র কুৎসের সঙ্গে একই রথে বসেছিলেন। এটাকে জীবাত্মা ও পরমাত্মার নিত্য মিথুন হিসাবে কোন কোন দার্শনিক ব্যাখ্যা করেছেন। শ্রী অরবিন্দ তাঁর —'Essay on the Gita' (Pg.18) গ্রন্থে বলেছেন — 'Arjuna is the fighter in the chariot with the divine Krishna as his charioteer. In the veda also we have the image of the human soul and the divine riding in one chariot. But there it is a pure figure and symbol. The Divine is Indra, the master of the world of light and immortality. The human soul is Kutsa, he who constantly seeks the seer knowledge, as his name implies and he is the son of Arjuna or Arjuni, the white one, child of Switra, the white mother; he is that is to say, the sattwie or purified and light filled soul which is open to the unbroken glories of the divine knowledge.'

বৈদিক ভারতে রথের আবিষ্কার সভ্যতার গতিকে ত্বরান্বিত করেছিল তাতে সন্দেহ নেই। বাস্তবের সেই রথ কবিদের মনে জন্ম দিয়েছিল একটা দার্শনিক নবতর চিন্তার। রথ, রথচক্র, রথের ঘোড়া, বল্গা ইত্যাদি রূপকধর্মীতা নিয়ে বৈদিক সাহিত্য অনেক বার এসেছে।

বৈদিক ভাবনায় যজ্ঞ হল দেবরথ অথবা কখনো দিব্য নৌকা তা পৌঁছে দেবে পরপারে অমৃত ভাবনায়। রথকে এজন্য ভালভাবে সাজাতে হবে। দেবতা যজ্ঞে আসার সময় পরস্পর আলোচনা করছেন—

অক্ষানহো নহ্যতনোত মোস্য ইষ্কৃণুধ্বং রশনা ওত নিংশত।
অষ্টাবন্ধুরং বহতাভিতো রথং যেন দেবাসো অনয়ন্
অভিপ্রিয়ম্।।

(ঋক্ সং ১০/৫৩/৭)

অর্থাৎ — 'হে দেবতারা! তোমরা সোমরস পানের অধিকারী, অতএব রথে জোড়ার উপযুক্ত ঘোড়াদের রথে যোজনা কর। রজ্জু পরিষ্কার কর, ঘোড়াদের সুসজ্জিত কর। আটজন সারথি বসতে পারে এরূপ প্রকাণ্ড রথ চালিয়ে দাও, তাহলে তোমাদের প্রিয়বস্তু যজ্ঞীয় হবির কাছে পৌঁছাবে।'

অধ্যাত্মবাদীদের মতে - শুদ্ধসত্ত্ব সাধক বীরের প্রাণবান দেহটিকে রথ বলা হয়েছে, আসলে সেই আধারে নিরন্তর চলেছে দেবযজ্ঞের অনুষ্ঠান। ননীগোপাল বন্দ্যোপাধ্যায় এর প্রতীকার্থের বিশ্লেষণ করে লিখেছেন — ''এই পূর্ণায়ত প্রতীকটিকে বিশ্লেষণ করলে ভিতরের যে অর্থটি পাওয়া যায় তা হল — যজ্ঞ হল দেবরথ; রথী দেবতারা এবং সারথি সোম্য ঋত্বিকগণ। প্রথমে রথকে প্রস্তুত করা অর্থাৎ অক্ষদণ্ডকে চাকার সঙ্গে ভাল করে বাঁধাছাঁদার ব্যাপার — এ হল স্বধা ও সংকল্পে স্থির হওয়া। তারপর বল্গাগুলি গুছিয়ে নেওয়া অর্থাৎ ইতস্ততঃ বিক্ষিপ্ত অশ্বগুলিকে লাগামধরে শ্রেণীবদ্ধ করা — এ হল মনঃসংযোগ ও একাগ্রতা সাধন। তারপর অশ্বদের রঞ্জিত করা, - তা হচ্ছে মন প্রাণের চৈতন্য ও আনন্দের আলোয় ইন্দ্রিয়গুলিকে ঝলমল করে তোলা। রথে আটটি আসন, আটজন আদিত্যের। রহস্য হল ঋত্বিকেরা ধ্যানচতেনায় উত্তীর্ণ হয়েছেন আদিত্য মণ্ডলে, সেখান থেকে আদিত্যদের বয়ে আনছেন রথে করে। রথ আসছে কোথায়? আসছে আমাদের অন্তরের অন্তরে প্রিয় সেই জ্যোতিঃস্বরূপ পরমদেবতার কাছে। বলা বাহুল্য সাধকের শুদ্ধ দেহ, প্রাণ মনই যজ্ঞরূপ দেবরথ। *.....ক্রমশঃ*

—অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়

মাতা সর্বাণী ট্রাস্ট

বার্ষিক প্রতিবেদন (২০১৩-২০১৪)

মাতা সর্বাণী ট্রাস্ট কঠোর প্রচেষ্টায় রত তার প্রমুখ্য প্রধান ও পৃষ্ঠপোষক শ্রীশ্রীমা সর্বাণীর আদর্শের যোগ্য হয়ে উঠতে, যিনি সর্বোচ্চ মহাজাগতিক ঐতিহ্যের মূল ভাবানুসারে প্রতিপন্ন করেছেন যে, পরম সত্যের উপলব্ধি ও মানব সেবার কর্ম একত্রে পরিচালিত হয়। তিনি অনুগ্রহ করে ট্রাস্টের চেয়ারপার্সন হতে সম্মতি প্রদান করাতে এবং প্রারম্ভিক লগ্ন থেকে ট্রাস্টকে তার যাত্রাপথে পরিচালনা করবার জন্য এই ট্রাস্ট তাঁর কাছে কৃতজ্ঞ। এই জগতের অলোকবর্তিকা স্বরূপ মহাত্মাগণ যে সত্য পথের প্রতিষ্ঠা করেছেন, এই ট্রাস্ট সেই পথ অনুসরণ করতে সচেষ্ট। ট্রাস্টের মূল উদ্দেশ্যের অন্তর্ভূক্ত মানবিক, আধ্যাত্মিক এবং সাংস্কৃতিক আঙ্গিকে, জাতি, বর্ণ, ধর্ম, অভিমত নির্বিশেষে মানব সেবার প্রচেষ্টা করা এবং ঐক্য ও শাশ্বত সত্যের বাণী প্রচার।

ট্রাস্টের মূল কার্যাবলীর মধ্যে আছে আমাদের মূল্যবান উত্তরাধিকারের রক্ষণ ও আধুনিক যুগোপযোগী পুনরুজ্জীবন, দুঃস্থ ও দরিদ্রকে ত্রাণসাহায্য, মানুষকে শিক্ষাসংক্রান্ত ও চিকিৎসা বিষয়ে সহায়তা, অনাথ-আশ্রম ও শিক্ষাপ্রতিষ্ঠানে সাহায্য প্রদান ইত্যাদি। আমাদের ট্রাস্টের নিয়মিত কর্মধারার মধ্যে আছে - আত্ম-উপলব্ধি প্রাপ্তির প্রক্রিয়া হিসাবে ব্রহ্মবিদ্যার চর্চার মাধ্যমে সকল ধর্মপথের সমন্বয়ের বাণী প্রচার, ভারতীয় সংস্কৃতি বিষয়ক বই/সিডি/ক্যাসেট প্রকাশনা, নিয়মিত সংস্কৃত শাস্ত্র ও ভক্তিমূলক সঙ্গীত চর্চা, সুস্বাস্থ্যের জন্য যোগ শিক্ষা, দুর্লভ পুস্তক সম্বলিত একটি গ্রন্থাগারের রক্ষণাবেক্ষণের মাধ্যমে জ্ঞানের প্রচারে উৎসাহদান, ভারতীয় ও পরম্পরাগত প্রাপ্ত বিষয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান উদ্‌যাপন, বিশেষ পবিত্র দিবস উপলক্ষ্যে, আধ্যাত্মিক আলোচনা সভা, সাধু ও সন্তগণের সৎসঙ্গ, দরিদ্রের ত্রাণকার্যে বস্ত্র, কম্বল, খাদ্য ও ঔষধ বিতরণ, অভাবগ্রস্তের জন্য শিক্ষা সংক্রান্ত সাহায্যদান, পানীয় জল সরবরাহের সুব্যবস্থা এবং সংলগ্ন গ্রামীন অঞ্চলের উন্নতিকল্পে পরিকাঠামোগত সহায়তা, একই ধরণের অন্য সংস্থা, যারা কাজ করছে বিশেষ করে, নিঃসঙ্গ মহিলা ও অনাথ শিশুদের কল্যাণার্থে, তাদের সহায়তা প্রদান। ট্রাস্টের কার্যাবলী পরিচালনার মাধ্যমে এটির প্রধান কেন্দ্র অখণ্ড মহাপীঠ, প্লাজা হাউসিং, শিবরামপুর এবং আনুষাঙ্গিক কেন্দ্রগুলি যেগুলি অবস্থিত বারাণসী, পুরী, নবদ্বীপ এবং এটির সম্বন্ধিত সংস্থা, সারদা-রামকৃষ্ণ (শিশু ও মহিলা) সেবাশ্রম, একটি অনাথ-আশ্রম তথা আবাসিক বিদ্যালয়, যেটি কলকাতার শহরের উপকণ্ঠে, মর্যাদা (হোটর) গ্রামে অবস্থিত। অখণ্ড মহাপীঠের প্রধান কেন্দ্রে আরও আছে মূল ট্রাস্ট পরিসরের মধ্যে একটি আত্ম-উপলব্ধি কেন্দ্র তথা সাংস্কৃতিক সভাগৃহ এবং শিবরামপুরের প্লাজা হাউসিং-এ অবস্থিত ভক্তনিবাস ও অন্নপূর্ণাক্ষেত্র, যেখানে নির্মাণকার্য চলছে। আমরা নিম্নলিখিত স্থানে ২০১৩-র এপ্রিল মাস থেকে ২০১৪-র মার্চ মাস অবধি সংঘটিত কিছু গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ উল্লেখ করছি ।

দাতব্য কার্যাবলীর (যথা বিনামূল্যে চিকিৎসা, শিক্ষা, ত্রাণকার্য, দরিদ্র ও সাহায্যপ্রার্থীদের বিনামূল্যে বস্ত্র বিতরণ, রন্ধনশালা নির্মাণ, জলাধার, বর্জ-নিষ্কাশন, রাস্তা মেরামত ইত্যাদি) উদ্দেশ্যে বহু লক্ষ টাকা সাহায্য প্রদান, সেবাশ্রমে বসবাসকারী শিশু ও নিঃসহায় মহিলাদের রন্ধন সমস্যার সমাধানার্থে হোটরে 'সারদা রামকৃষ্ণ শিশু ও মহিলা সেবাশ্রম' প্রাঙ্গণে একটি আধুনিক রন্ধনশালা নির্মাণ, জল সরবরাহ করবার জন্য একটি উর্ধস্থ কংক্রীট জলাধার ও পাম্প প্রতিস্থাপন। আশ্রমস্থিত শিশুদের সমবেত শয্যা-কক্ষগুলির ভিতর ও বাহির নবীকরণের জন্য প্রভূত কাজ করা হয়েছে। সেবাশ্রমে বসবাসকারী ১৫০ জনের নিয়মিত ব্যবহারের জন্য বই, খাতা, পেন, পেন্সিল, কাপড় ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদির সুব্যবস্থা ট্রাস্টের মাধ্যমে করা হয়। সেবাশ্রমের জন্য মাসিক খাদ্য সরবরাহ করা হয় যাতে সবাই স্বাস্থ্যকর ও পুষ্টিযুক্ত আহার লাভ করে। সেবাশ্রমের মহিলাদের শিক্ষার মান উন্নতিকল্পে ট্রাস্টের মহিলাভক্তগণ একটি বিশেষ সাপ্তাহিক শিক্ষাদান ব্যবস্থা প্রচলন করেছেন। এইটি বিশেষ

করে তাদের পরীক্ষার ফলোন্নতির সহায়ক হয়েছে। সাহায্যদানে আগ্রহী প্রতিষ্ঠান, সংস্থা ও ব্যক্তিবর্গের সঙ্গে সংযোগ সাধনের মাধ্যমে শিক্ষার্থীদের কম্পিউটার ও অন্যান্য আধুনিক শিক্ষা সহায়ক ব্যবস্থা সরবরাহ করা হয়েছে।

আধ্যাত্মিক তথা সাংস্কৃতিক সভাগৃহের ভূগর্ভস্থ বড় ঘরটি ব্যবহৃত হচ্ছে ক্রিয়া সাধনা, যোগ অনুশীলন, সঙ্গীত, সংস্কৃত শাস্ত্র শিক্ষার জন্য এবং পাঠাগারটিও এখানে অবস্থিত, এই সভাগৃহের বহির্ভাগের নির্মাণকার্য পর্যায়ক্রমে চলছে এবং আশা করা হচ্ছে এটি কয়েক বৎসরের মধ্যে সম্পূর্ণ হবে। সভাগৃহের অভ্যন্তরটি কার্যনির্বাহী এবং বৎসরের বিশেষ দিনগুলিতে সৎসঙ্গ, সাধনা সম্পর্কিত আলোচনা ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য এটি ব্যবহৃত হয়। বাইরের চূড়ার পাথরের কাজ নিয়মিত চলছে। ভক্তনিবাস ও অন্নপূর্ণাক্ষেত্র এখন সক্রিয়রূপে কার্য্যশীল। ট্রাস্টের পুস্তকাগারে ২০০০-এর বেশী বই আছে এবং এর সদস্য সংখ্যা শতাধিক। আশ্রমের নবদ্বীপ কেন্দ্রে আংশিক সংস্কার সাধন করা হয়েছে। দোতলার মেঝে, জল সরবরাহ ও বর্জ-নিষ্ক্রমণ ব্যবস্থার আধুনিকীকরণ করা হয়েছে। আশা করা যায় কয়েক বৎসরের মধ্যে কাজ শেষ হয়ে যাবে। শ্রীদয়ানন্দগিরি মহারাজের তত্ত্বাবধানে কার্যাবলী পরিচালিত হচ্ছে। বেনারস কেন্দ্রের তত্ত্বাবধানে আছেন স্বামী গুরুদাস আশ্রম, তিনি নিত্যসেবাকর্ম পরিচালনা করেন। পুরীতে বিভিন্ন প্রকার সেবামূলক কর্মের জন্য আমাদের ট্রাস্টীরা নিয়মিত ব্যবধানে পুরী কেন্দ্র ভ্রমণ করেন। ট্রাস্টের পুরী কেন্দ্রের, বিশেষ করে রান্নাঘরের, যেটি সমুদ্রের পরিবেশে অধিকতর ক্ষয়িষ্ণু, সেটির নব নির্মাণকরণের কাজ এই বৎসর আরম্ভ করা হয়েছে।

এই বৎসরে অনেকগুলি গুরুত্বপূর্ণ আধ্যাত্মিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পরিভ্রমণ সংঘটিত হয়েছে। নিম্নে সেইগুলির কয়েকটির উল্লেখ করা হল। শ্রীশ্রীমায়ের উপস্থিতিতে ৭ই এপ্রিল শ্রীসুব্রত সেনগুপ্ত রবীন্দ্রসঙ্গীত পরিবেশন করেন। বাংলা নববর্ষ উপলক্ষ্যে, শ্রীশ্রীমা ভক্তবৃন্দকে গুরুত্বপূর্ণ আধ্যাত্মিক উপদেশ প্রদান করেন। হিরণ্যগর্ভ ত্রৈমাসিক পত্রিকার ষষ্ঠ বর্ষের, প্রথম সংখ্যা প্রকাশিত হয়। একই দিন শ্রীশ্রীমা প্রণীত বাংলা বই, 'ঊষার আলোক' এবং শ্রীশ্রীবাবাঠাকুর লিখিত ও শ্রীশ্রীমা কর্তৃক গীত, ভক্তিগীতি সম্বলিত একটি সঙ্গীতের সিডিও প্রকাশিত হয়। এবারের নবরাত্রির সময়ে বাসন্তী অষ্টমীর পুণ্য দিবস উপলক্ষ্যে বিশেষভাবে নিমন্ত্রিত ছোট শিশুদের শ্রীশ্রীমা নিজে প্রসাদ পরিবেশন করেন। গত বৎসরের মত এবারেও গুড্‌ফ্রাইডে উপলক্ষ্যে শ্রীশ্রীমা আমাদের গুরুভ্রাতা শ্রীরাজেন্দ্র সেঠিয়ার নিবাসে গিয়েছিলেন। শ্রীশ্রীমা এবং শ্রীরাজেশ্বরানন্দজীর পুণ্য উপস্থিতিতে একটি সৎসঙ্গের আয়োজন করা হয়েছিল। এর পরেই শ্রীশ্রীমায়ের দর্শনার্থে শ্রীরাজেশ্বরানন্দজী আশ্রমে আগমন করেন। বুদ্ধপূর্ণিমা ও শ্রীশ্রীবাবাজী মহারাজের বিগ্রহ স্থাপনের বার্ষিক অনুষ্ঠান উপলক্ষ্যে, ২৫শে মে, শ্রীশ্রীমা ক্রিয়াযোগ প্রসঙ্গে একটি প্রশ্নোত্তর পর্ব পরিচালনা করেন। অনুশীলনকারীদের ক্রিয়াযোগ বিষয়ক বহু প্রশ্নের উত্তরও প্রদান করেন শ্রীশ্রীমা। প্রতি বৎসরের মত, ২৩শে জুন, শ্রীশ্রীজগন্নাথদেবের স্নানযাত্রা দিবসে শ্রীশ্রীমায়ের পার্থিব প্রকাশের জন্মবার্ষিকী ভাবগম্ভীর পরিবেশে উদ্‌যাপন করা হয়। ৩০শে জুন আশ্রম প্রাঙ্গণে একটি আধ্যাত্মিক সভার আয়োজন করা হয়। উক্ত সভায়, আমাদের গুরুভ্রাতা ডঃ অর্ণব সরকার 'শিবতত্ত্ব' প্রসঙ্গে আলোচনা করেন।

৭ই জুলাই সন্ধ্যায় আশ্রম সভাকক্ষে শ্রীশ্রীমায়ের উপস্থিতিতে অধ্যাপক জয় সেন অতি সুশ্রাব্য সেতার বাদন পরিবেশন করেন। গুরুপূর্ণিমার (১৫ই জুলাই) পুণ্য তিথিতে শ্রীশ্রীগুরুমহারাজগণের উদ্দেশ্যে প্রসাদ নিবেদন করা হয়। ঐদিন সন্ধ্যায় ভক্তগণ ভক্তিমূলক গানের একটি সঙ্গীতানুষ্ঠান পরিবেশন করেন। তারপরে ওড়িসী নৃত্যগুরু শ্রীগিরিধারী নায়েকের শিষ্যারা একটি মনোমুগ্ধকর নৃত্যানুষ্ঠান পরিবেশন করেন। শ্রীশ্রীমায়ের পরমা ভক্ত শ্রীমতী বীণা চৌধুরী লিখিত বাংলা বই 'পরমভক্ত শ্রীশ্রীরসিকানন্দ লীলামৃত' প্রকাশিত হয়। ২৩শে আগষ্ট শ্রীশ্রীমা, জনাব ইমতিয়াজ আলি ভাই সাহেবের সঙ্গে টিটাগড়ে গিয়ে পীরবাবা মহম্মদ্ ইয়াসিনের সঙ্গে সাক্ষাৎ করেন। জন্মাষ্টমীর শুভলগ্নে (২৮ শে আগষ্ট ২০১৩) অন্য বৎসরের মত এবারও আমাদের অতিপ্রিয় শ্রীশ্রীবাবার জন্মবার্ষিকী উপলক্ষ্যে আমরা ওনাকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছি। সন্ধ্যাবেলা শ্রীশ্রীবাবার জীবনী অবলম্বনে একটি সম্মোহক সঙ্গীত আলেখ্য পরিবেশিত হয়েছিল। অনুষ্ঠানটির পরিকল্পনা ও নৃত্যপরিচালনা করেছিলেন শ্রীশ্রীমা। 'মাতৃসঙ্গ ও সৎপ্রসঙ্গ' প্রথম খণ্ড বইটির, শ্রীমতী সুশীলা সেঠিয়া কৃত হিন্দী অনুবাদ সংস্করণটি এই সন্ধ্যায় প্রকাশিত হয়। ১লা সেপ্টেম্বর ২০১৩ সকালে শ্রীশ্রীমা কয়েকজন ভক্তসহ হুগলী জেলার কামারকুণ্ডু অঞ্চলে গোবিন্দ মন্দির, কদমতলা আশ্রমে যান মহাত্মা স্বামী নিগমাত্মানন্দজীর

সঙ্গে সাক্ষাৎ করবার উদ্দেশ্যে। তিনি ওখানে কয়েক ঘন্টা সৎসঙ্গে অতিবাহিত করেন। পরবর্ত্তী আধ্যাত্মিক সভা আয়োজিত হয় ২২শে সেপ্টেম্বর। ডঃ অর্ণব সরকার 'সত্যম্ শিবম্ সুন্দরম্' তত্ত্বের উপরে বিশ্লেষণ মূলক আলোচনা উপস্থাপনা করেন।

৫ই থেকে ১৪ই অক্টোবর ২২ তম দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। প্রায় ৫০০ গ্রামবাসীকে বস্ত্র, মিষ্টি ও বিস্কুট বিতরণ করেন শ্রীশ্রীমা। ঐদিন বিন্ধ্যাচলে অবস্থিত শ্রীশ্রীদেওরাহা বাবার আশ্রম থেকে দুইজন সন্ন্যাসী শ্রীশ্রীমাকে দর্শন করতে এসেছিলেন। সন্ধ্যাবেলা শ্রীগিরিধারী নায়েকজীর শিষ্যাবর্গ একটি মনোমুগ্ধকর নৃত্যানুষ্ঠান পরিবেশন করেন। এই অনুষ্ঠানে শ্রীগোবিন্দদাস উদাসী বাবাও উপস্থিত ছিলেন। এর পরে শ্রীশ্রীঅন্নপূর্ণাক্ষেত্রে লক্ষ্মীপূজা অনুষ্ঠিত হয়। কালীপূজা ও দীপাবলী উপলক্ষ্যে শ্রীশ্রীমা পুনরায় আরও ৫০০ স্থানীয় গ্রামবাসীদের বস্ত্র বিতরণ করেন। রাসপূর্ণিমা উপলক্ষ্যে শ্রীশ্রীমা 'শ্রীরাধার মহিমা' নামক একটি মনোমোহিনী নৃত্যানুষ্ঠানের আয়োজন করেন। ২৪শে নভেম্বর ২০১৩ তারিখে আশ্রম প্রাঙ্গণে মাতা সর্বাণী ট্রাস্টের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। ডিসেম্বর মাসে শ্রীশ্রীঅন্নপূর্ণা মাতা ও শ্রী বিশ্বেশ্বর শিব পূজা আন্তরিক নিষ্ঠা ও ভক্তি সহকারে উদ্‌যাপিত হয়। ১৫ই ডিসেম্বর, শ্রীঅভয়জীর শিষ্যা শ্রীমতী পরিপূর্ণা দেবী, শ্রীঅভয়জীর আশ্রম 'কীর্তন কুটির'-এর কয়েকজন ভক্ত সহ অভয়জী লিখিত সঙ্গীত 'অভয়গান'-এর একটি অনুষ্ঠান উপস্থাপনা করেন অখণ্ড মহাপীঠ প্রাঙ্গণে। ২২শে ডিসেম্বর আশ্রম প্রাঙ্গণে ৩০০ কম্বল বিতরণ করা হয় স্থানীয় দরিদ্র গ্রামবাসীদের মধ্যে। শ্রীশ্রীমা সারদাদেবীর জন্মবার্ষিকী উপলক্ষ্যে আধ্যাত্মিক তথা সাংস্কৃতিক সভাগৃহের মূল হলে সন্ধ্যাবেলা শ্রীশ্রীমা-সারদার উদ্দেশ্যে নিবেদিত একটি নৃত্যানুষ্ঠান আয়োজিত হয়। এর পরে হোটর আশ্রমের ব্রহ্মচারিণী ও ছাত্রীরা একটি মুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। পরের দিন 'আধ্যাত্মিক সভা'র একটি অধিবেশন হয় যেখানে ডঃ অর্ণব সরকার 'সত্যম্ শিবম্ সুন্দরম্' তত্ত্বের ওপর তাঁর আলোচনার পরবর্ত্তী অংশ উপস্থাপিত করেন।

জানুয়ারীর মাঝামাঝি শ্রীশ্রীগুরুমহারাজগণের অভিষেক উৎসবের ৬ষ্ঠ বার্ষিকী উদ্‌যাপিত হয়। ১৩ই জানুয়ারী আমাদের হোটর আশ্রম থেকে যে সকল ছাত্রছাত্রী অখণ্ড মহাপীঠে এসেছিল, তাদের মধ্যে উপহার বিতরণ করেন শ্রীগুরুদাস আশ্রমজী এবং শ্রীসংবেদানন্দজী। সন্ধ্যায় একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন হয় যেখানে হোটোর আশ্রমের ছাত্ররা একটি মনোমুগ্ধকর সঙ্গীত ও নৃত্যানুষ্ঠানের উপস্থাপনা করেন। এছাড়াও দুইজন ছোট শিশু অশোকা বোস ও শ্রদ্ধা দাসগুপ্ত সুন্দর নৃত্য পরিবেশন করেন ও 'কৃষ্ণ বন্দনা' পরিবেশন করেন কুমারী পৌলমী মুখার্জী। ১৪ই জানুয়ারী সূর্যোদয়ের পূর্বে ঊষাকালে শ্রীশ্রীমা 'বিরজা হোম' অনুষ্ঠিত করেন এবং শ্রীশুভব্রত ব্রহ্মচারী (পরবর্ত্তীকালে স্বামী ঋতব্রতানন্দ) এবং শ্রীমতী কল্পনা মিত্র (পরবর্ত্তীকালে স্বাধ্বী অনুভানন্দময়ী)-কে সন্ন্যাস দীক্ষা প্রদান করেন। সন্ধ্যায় পণ্ডিত শ্রীগিরিধারী নায়েকের সম্প্রদায় একটি নৃত্যানুষ্ঠান পরিচালনা করেন। এই দুই দিনে উৎসবের আরেকটি অতি গুরুত্বপূর্ণ অঙ্গ ছিল ভোগ রন্ধন ও সবাইকে ভোগ বিতরণ। শিবরামপুরের একটি শিক্ষাসংস্থা 'ঐক্যতান'-এর সকল শিশুদের বিশেষ অতিথি হিসাবে আমন্ত্রণ করা হয়েছিল। ৪ঠা ফেব্রুয়ারী ২০১৪, শ্রীশ্রীমা কয়েকজন ভক্তসঙ্গে 'বারাসাত যোগাশ্রম'-এ যান। যোগাশ্রমের সাধু ও ব্রহ্মচারীরা শ্রীশ্রীমাকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। ঐ আশ্রমের মোহান্ত শ্রীসুসিদ্ধানন্দজীর সঙ্গে শ্রীশ্রীমা কিছু আধ্যাত্মিক প্রসঙ্গ আলোচনা করেন। শ্রীশ্রীগোবিন্দদাস উদাসী বাবার ১০৪ তম জন্মবার্ষিকী, মনোহর পুকুর-এ অবস্থিত ওনার 'বঙ্গ উদাসী মঠ' প্রাঙ্গণে আমরা উদ্‌যাপন করি। ১৬ই ফেব্রুয়ারী ২০১৪, শ্রীশ্রীমা কয়েকজন ভক্ত সহ হোটর আশ্রমে গিয়েছিলেন। শ্রীশ্রীমা আশ্রমের আরক্ষণ এবং কার্যাবলী পরিদর্শন করেন। তাদের থাকবার স্থানগুলি পরিচ্ছন্ন এবং সুন্দর করে রক্ষণাবেক্ষণের জন্য শ্রীশ্রীমা প্রতিটি আবাসিককে উপহার প্রদান করেন। এরপরে আশ্রমবাসীদের দ্বারা আয়োজিত একটি আকর্ষণীয় সাংস্কৃতিক অনুষ্ঠান উদ্‌যাপিত হয়। ২রা মার্চ, ২০১৪ কয়েকজন ভক্তসঙ্গে শ্রীশ্রীমা ইচ্ছাপুরে যান বিখ্যাত মহাত্মা শ্রীদয়ালবাবার (১০৯ বৎসর) সঙ্গে সাক্ষাৎ করবার জন্য। তিনি সেখানে কয়েক ঘন্টা সৎসঙ্গে অতিবাহিত করেন। ৯ই মার্চ কয়েকজন আশ্রমবাসী ও ভক্ত সঙ্গে শ্রীশ্রীমা গিয়েছিলেন আমাদের নবদ্বীপ আশ্রম কেন্দ্রে। ১৫ই মার্চ, ২০১৪ একাদশতম 'আধ্যাত্মিক সভা'-র আয়োজন হয়। 'সত্যম্ শিবম্ সুন্দরম্' তত্ত্বের অবশিষ্টাংশ আলোচনার উপস্থাপনা করেন ডঃ অর্ণব সরকার। একটি সাংস্কৃতিক সন্ধ্যার মাধ্যমে হোলি/দোলপূর্ণিমা উদ্‌যাপিত হয় যেখানে আমাদের গুরুভ্রাতা ও ভগ্নীগণ ভজন গান পরিবেশন করেন।

পণ্ডিত শ্রীগিরিধারী নায়েক ও সম্প্রদায় একটি নৃত্যানুষ্ঠান পরিবেশন করেন।

পূর্বে যেমন উল্লেখ করা হয়েছে, এই সময়ের মধ্যে দুটি বাংলা বই, শ্রীশ্রীমা লিখিত, 'ঊষার আলোক' ও শ্রীমতী বীণা চৌধুরী লিখিত 'পরমভক্ত শ্রীশ্রীরসিকানন্দ লীলামৃত' এবং 'মাতৃসঙ্গ ও সৎপ্রসঙ্গ'-র হিন্দী অনুবাদ প্রকাশিত হয়েছে। এই বৎসর ছয়টি নূতন সিডি প্রকাশিত হয়েছে। এই বৎসর হিরণ্যগর্ভ পত্রিকার চারটি সংখ্যা প্রকাশিত হয়েছে, যার মধ্যে রয়েছে যোগীরাজ শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয়-এর সম্পর্কিত একটি বিশেষ সংখ্যা।

শ্রীরাজকুমার দাগা, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, হিসাব নিরীক্ষক হিসাবে নিযুক্ত আছেন। আর্থিক বৎসরে ট্রাস্টের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষণ করেছেন শ্রীরাজকুমার দাগা এবং ট্রাস্ট সদস্যগণ সেটি অনুমোদন করেছেন। যে সকল দাতাগণ আয় ব্যয়ের হিসাব দেখতে ইচ্ছুক, তাঁরা অনুগ্রহ করে ট্রাস্টের যুগ্ম-সম্পাদক অথবা কোষাধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

পরমেশ্বরী শ্রীশ্রীমা, সকল পৃষ্ঠপোষক ও হিতাকাঙ্ক্ষীগণের কৃপা ও পথনির্দেশের সঙ্গে আমরা ঐকান্তিকতা ও ভক্তিসহ সমগ্র মানবজাতির সেবা চালিয়ে যাবার আশা পোষণ করি। আমরা আমাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করি সকল দাতা, ভক্তবৃন্দ এবং স্বেচ্ছাসেবীদের, তাঁদের সাহায্য, নিষ্ঠা, স্বার্থহীন প্রচেষ্টার জন্য যা আমাদের লক্ষ্য ও প্রচেষ্টা সফল হতে সাহায্য করেছে। সেবা করবার এই অনন্য সুযোগ লাভ করবার জন্য আমরা নিজেদের ধন্য মনে করি। আমরা সকলের মঙ্গলের জন্য প্রার্থনা জানাই।

শ্রী সিদ্ধার্থ নন্দী এবং স্বামী সদাশিবানন্দ
ট্রাস্টী এবং যুগ্ম সম্পাদক, মাতা সর্বাণী ট্রাস্ট
অখণ্ড মহাপীঠ, প্লাজা হাউসিং (জগন্নাথপুর)
পোঃ আসুতি, শিবরামপুর, ২৪ পরগণা (দক্ষিণ)
পঃ বঙ্গ — ৭০০ ১৪১, ভারত
নভেম্বর ২৩, ২০১৪

আশ্রম সংবাদ

২৪ শে সেপ্টেম্বর থেকে ৩-রা অক্টোবর— আশ্রমের ২৩ তম নবরাত্রি ব্যাপী দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। নিত্য পূজা, যজ্ঞ ও ভোগ-প্রসাদ বিতরণের কর্মসূচী অতি সুষ্ঠভাবেই সম্পন্ন হয়। পঞ্চমীর দিন সকালে শ্রীশ্রীমা ও স্বামী

সংবেদানন্দজী প্রায় পাঁচশতরও অধিক গ্রামবাসীকে বস্ত্রবিতরণ করেন। বস্ত্রের সঙ্গে দেওয়া হয় মিষ্টি ও বিস্কুটের প্যাকেট। সন্ধ্যায় মন্দিরে অপূর্ব এক সাংস্কৃতিক অনুষ্ঠানে নৃত্য প্রদর্শন করেন শিশু শিল্পী অদ্রিকা মজুমদার, অশোকা বাসু ও শ্রদ্ধা দাসগুপ্ত। এরপর পরিবেশিত হয় পণ্ডিত শ্রীগিরিধারী নায়েকের 'ওড়িসি আশ্রমের' শিক্ষার্থীদের দ্বারা এক মনোগ্রাহী নৃত্যানুষ্ঠান। এইদিন শ্রীগোবিন্দদাস উদাসী বাবা ও পুষ্কর নিবাসী টাটবাবাও উপস্থিত ছিলেন। হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যাটি, 'বোধোদয়' পুস্তকের হিন্দী অনুবাদ ও দুইটি গানের সি.ডি প্রকাশিত হয় এইদিন সন্ধ্যায়। ষষ্ঠীর দিন সন্ধ্যায় শ্রীগৌতম ধর্মপালজী আশ্রমে শ্রীশ্রীমায়ের দর্শনে আসেন ও কিছু সময় অতিবাহিত করেন। সপ্তমীর দিন আশ্রমে আসেন চুঁচুড়ার দণ্ডীস্বামী শ্রীনিত্যবোধ আশ্রমজী এই দিন সন্ধ্যায় শ্রুতিমধুর সঙ্গীত পরিবেশন করেন গুরুভগিনী শ্রীমতী অদিতি মুখার্জী ও শ্রীমতী রত্না বসু রায়। মহাষ্টমী তিথিতে শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ীবাবার তিরোধান তিথি উপলক্ষ্যে ভাণ্ডারার আয়োজন করা হয়। নবমী তিথিতে দ্বিপ্রহরে অগণিত ভক্তজন মধ্যে শ্রীশ্রীদুর্গা দেবীর মহাপ্রসাদ বিরতণ করা হয়। অষ্টমী ও নবমীর সন্ধ্যায় গুরুভ্রাতা ও ভগিনীগণ অপূর্ব ভজনের অনুষ্ঠান পরিবেশন করেন। নবরাত্রি ব্যাপী বিভিন্ন কর্মব্যস্ততার মধ্যে দিয়ে দেবীপক্ষের দিনগুলি অতিবাহিত হয়ে যায়।

৭ই অক্টোবর — শ্রীশ্রীকোজাগরী পূর্ণিমার রাত্রে শ্রীযজ্ঞনারায়ণ-দার পৌরহিত্যে অত্যন্ত সুষ্ঠভাবে সম্পন্ন হয়

শ্রীশ্রীলক্ষ্মী-জনার্দ্দনজীউর আরাধনা ও যজ্ঞ।

১৯শে অক্টোবর — এইদিন সকালে শ্রীশ্রীমা ও স্বামী সংবেদানন্দজী বস্ত্রাদি বিতরণ করেন অগণিত দরিদ্র গ্রামবাসীর মধ্যে। বস্ত্রের সঙ্গে প্রত্যেককে একটি করে মিষ্টি ও বিস্কুটের প্যাকেট দেওয়া হয়।

২৩শে অক্টোবর — দীপাবলীর সন্ধ্যায় বিভিন্ন বাতির আলোকে ও রঙ্গোলিতে সজ্জিত হয়ে উঠেছিল আশ্রম। অমানিশার মধ্যরাত্রে শ্রীশ্রীমা নিজে আশ্রমে প্রতিষ্ঠিত দেবী তারাকালিকার পূজা করেন।

৬ই নভেম্বর — রাসপূর্ণিমার দিন শ্রীশ্রীরাধামাধবের ভোগ নিবেদন ও প্রসাদ বিতরণ হয় দ্বিপ্রহরে। সন্ধ্যায় শ্রীশ্রীমা এক সুন্দর গুরুতত্ত্ব বিষয়ক ভজন গীতি পরিবেশন করেন শ্রীনানকজীর জন্মদিন উপলক্ষ্যে। তারপর 'রাসতত্ত্ব' সম্বন্ধিত আলোচনা মূলক অপূর্ব ভজন পরিবেশন করেন শ্রীশ্রীমা ও তাঁকে সঙ্গ দেন আশ্রমের সঙ্গীত শিল্পীরা। এইদিন শ্রীশ্রীমা রচিত 'সাধু সীতারাম শ্রীশ্রীঅন্ধবাবা প্রসঙ্গে' পুস্তকটিও প্রকাশিত হয়।

২৩শে নভেম্বর — অখণ্ড মহাপীঠে মাতা সর্বাণী ট্রাস্টের এ্যানুয়াল জেনারেল মিটিং অনুষ্ঠিত হয়। মিটিং এর রিপোর্ট এই সংখ্যার ইংরাজী ও বাংলা বিভাগে প্রকাশিত আছে। হিন্দি রিপোর্ট ওয়েবসাইটে পাওয়া যাবে।

২৯-৩০শে নভেম্বর — ২৯শে নভেম্বর অখণ্ড মহাপীঠের ভক্তনিবাস ও অন্নপূর্ণাক্ষেত্র মন্দিরের প্রতিষ্ঠা দিবসে সকালে পূজা ও প্রসাদ বিতরণ করা হয় এবং সন্ধ্যায় এক সুন্দর ভক্তিগীতির অনুষ্ঠান হয়। ৩০শে সকালে লক্ষ্মীজনার্দ্দনজীউদেবের পূজার্চ্চনা ও ভোগপ্রসাদ বিতরণ হয়।

৪ঠা ডিসেম্বর — এইদিন শ্রীশ্রীমা কিছু সংখ্যক ভক্তজন সহ চুঁচুড়ায় শ্রীনিত্যবোধাশ্রম-জীর আশ্রমে আমন্ত্রণ রক্ষার্থে যান। সেখানে যজ্ঞানুষ্ঠান ও প্রসাদ গ্রহণ সমাপনান্তে কিছু সময় অতিবাহিত করে অখণ্ড মহাপীঠে ফিরে আসেন।

৭ই ডিসেম্বর — এইদিন শ্রীশ্রীমা নিজহস্তে বহুসংখ্যক গ্রামবাসীকে কম্বল ও তার সাথে বিস্কুট ও মিষ্টি বিতরণ করেন।

১৩ই ডিসেম্বর — অখণ্ড মহাপীঠে শ্রীশ্রীমা সারদাদেবীর জন্মতিথি উপলক্ষ্যে শ্রীশ্রীমাকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করে হোটরের 'মহিলা ও শিশু' আশ্রমের মেয়েরা। তাপর একটি সুন্দর গীতি আলেখ্য অনুষ্ঠিত হয়।

হোটর আশ্রমের শিক্ষার্থী

১৫-২০শে ডিসেম্বর — শ্রীশ্রীমা বারাণসী আশ্রম পরিদর্শনে যান। এই সময়ে শ্রীশ্রীবিশ্বনাথ মন্দির, শ্রীশ্রীঅন্নপূর্ণা মন্দির, শ্রীসন্ত আশ্রম ও বিন্ধ্যাচলে বহু বিশিষ্টস্থান পরিদর্শন করেন শ্রীশ্রীমা। ১৬ই ডিসেম্বর শ্রীশ্রীমা যান শ্রীশ্রীহংসবাবার আশ্রমে। সেখানে শ্রীশ্রীহংসবাবার কৃপায় এক অভূতপূর্ব আধ্যাত্মিক সৎসঙ্গের সৌভাগ্যলাভ করেন শ্রীশ্রীমায়ের সঙ্গে উপস্থিত ভক্তবৃন্দ। ১৮ই ডিসেম্বর শ্রীশ্রীমা শ্রীশ্রীশোভামায়ের সন্ত আশ্রমে যান - সেখানের বর্তমান মঠাধ্যক্ষা শিবাণী মা ও মীরা মা তৎসহ অন্যান্য ব্রহ্মচারিণী মায়েদের সঙ্গে সৎসঙ্গে অতিবাহিত করেন শ্রীশ্রীমা। পরের দিন রাজঘাটে সন্ত্ রুইদাসের আশ্রমে যাওয়া হয়। ১৯শে ডিসেম্বর সকলে কিনারাম বাবার আশ্রমে গিয়েছিল। বারাণসী পরিভ্রমণের অন্তিম দিনে (২০শে ডিসেম্বর) শ্রীশ্রীমা বুদ্ধগয়া গিয়েছিলেন ।

২৫শে ডিসেম্বর — এইদিন সন্ধ্যায় আধ্যাত্মিক সভার চতুর্দশ পর্বে উপনিষদ্ প্রসঙ্গে বক্তব্য রাখলেন শ্রীশ্রীমায়ের সন্তান ডঃ পার্থ প্রতিম চক্রবর্ত্তী, (Director, IIT Kharagpur)।

বিজ্ঞপ্তি

Library-র পুস্তকাবলী রক্ষণাবেক্ষণার্থে সদস্যদের ২০১৩ জানুয়ারী থেকে ১০০/-টাকা Library-র বার্ষিক চাঁদা ধার্য করা হয়েছে। ৩১শে জানুয়ারীর মধ্যে প্রতি বছর Library Card Renew করতে হবে।

युगयुगान्तर के साक्षी पुरूष श्रीश्रीनांगाबाबा

श्रीश्रीमाँ सर्वाणी

मेरे परमाराध्य शिवगुरु श्रीश्रीसरोज लाहिड़ी बाबा से ही मैंने सर्वप्रथम श्रीश्रीनांगाबाबा के विषय में सुना। श्रीश्रीसरोज बाबा की हिमालय की गिरि कन्दराओं में श्रीश्रीनांगाबाबा के सान्निध्य में पूत सुदीर्घ तपोलब्ध जीवन की दैनन्दिन घटनावली मुग्ध विस्मित होकर सुनती और सोचती कि कब वह पावन दिवस आएगा जिस दिन उन परम दिव्य महात्मा के दर्शन का अवसर मिलेगा। श्रीश्रीबाबा से क्रियायोग की दीक्षा प्राप्त करने के समय उन्होंने मुझसे कहा, ''तुम्हें ब्रह्मविद्या की दीक्षा दे रहा हूँ, यह सुनकर नांगाबाबा अत्यंत खुश हुए कि आज मैंने तुम्हारी अमानत तुम्हें सौंप दी है।'' मेरी दीक्षा हो गई है यह सुनकर नांगाबाबा अत्यंत खुश हुए, यह जानकर मेरा हृदय एक आश्चर्यजनक आनन्द से भर उठा। सोचा, अति उच्च कोटि के महात्मा श्रीश्रीनांगाबाबा जो सर्वदा ब्रह्मध्यान में मग्न रहते है, क्या सचमुच मुझे पहचानते है? श्रीश्रीबाबा से जिज्ञासा करने पर उन्होंने कहा, ''तुम्हारी उम्र जब चार-पाँच वर्ष की थी तभी नांगाबाबा ने मुझे तुम्हें दिखा दिया था।'' मेरे कक्ष में दीवार पर टंगे मेरी छोटी उम्र का एक फोटो दिखाकर श्रीश्रीबाबा ने कहा कि उस फोटो के सदृश ही तुम दिखाई देती थी। यह सब बातें जितनी सुनती उतनी ही ज्यादा विस्मित हो उठती। मेरे ब्रह्मविद्या प्राप्ति के तीन वर्ष पूर्ण होने को ही थे कि एक दिन दैवयोग से यह जान पाई कि श्रीश्रीनांगाबाबा कायाकल्प हेतु गुहा में प्रविष्ट हुए है। वह पुण्य तिथि थी बैशाख मास की बुद्धपूर्णिमा। तत्पश्चात् आगत श्रावणी पूर्णिमा या गुरुपूर्णिमा के दिन रात्रि में साधनरत अवस्था में मैंने एक गगनभेदी दिव्यशंखध्वनि सुनी। ध्वनि की तीव्रता क्रमशः बढ़ने लगी एवं निमेष मात्र में आलोक पूंज युक्त दिगम्बर कायाधारी एक दिव्यपुरूष मेरे कक्ष में आविर्भूत हुए, वे ही थे महान पुरूष श्रीश्रीनांगाबाबा। उनके ही शरीर की दिव्य ज्योति में मुझे उन्हें स्पष्ट रूप से दर्शन करने का सौभाग्य मिला। देखा, उनके शरीर की गुलाबी आभायुक्त त्वचा इतनी पारदर्शी है कि देह की समस्त शिरा-उपशिरा मानों स्पष्टरूप से दिखाई दे रही है। मुझे समझने में मुश्किल न हुई कि यह नांगाबाबा के नवकलेवर की कोमल त्वचा है, यही कारण है कि शरीर की त्वचा अभी परिपक्व नहीं हुई है। इनके मस्तक के केश नवजात शिशु के अलकों के सदृश लग रहे थे। नांगाबाबा का यह नवकलेवर देखकर मैं हतप्रभ रह गई। मैंने नांगाबाबा को प्रणाम कर कहा, ''तुम फिर से दिव्यनाथ हुए हो, अतः तुम्हारा नाम 'दिव्यनाथ' ही रहना चाहिए।'' नांगाबाबा के मुखमंडल पर उस समय एक मधुर स्मित हँसी खेल रही थी। मुझे आशीर्वाद देकर वे मूहूर्त में ही अन्तर्हित हो गए।



श्रीश्रीनांगाबाबा

श्रीश्रीनांगाबाबा के अंतर्धान होने के पश्चात् स्थूल चेतना में लौट आने पर मैं विस्मय के विराट्-सागर में जैसे गोते लगाने लगी। मन में अनंत अद्भूत चिंतन की तरंगें उठने लगी। सर्वप्रथम मैंने सोचा 'क्या यही नांगाबाबा है जो मुझे जन्मकाल से पहचानते है? मैंने ऐसा कौनसा पुण्य किया है कि मेरे परमगुरु श्रीश्रीनांगाबाबा ने मुझे दर्शन दिया है? अतः मेरा एकमात्र उद्देश्य है निज आत्म-परिचय को ज्ञात करना, अन्यथा यह मनुष्य जीवन ही वृथा चला जाएगा।'' ठीक उसी समय हृदय के गभीर से एक अव्यक्त क्रन्दन उठा - भगवान मुझे आलोक दो, ज्ञान दो शुद्धा भक्ति दो, अपनी शरण दो। हृदयगुहा से प्रतिध्वनित होने लगा वही शाश्वतमन्त्र -'ॐ नमो भगवते वासुदेवाय हरये परमात्मने प्रणत क्लेशनाशाय गोविन्दाय नमो नमः।।' क्रमशः रात्रि अतिवाहित होकर भोर हुई। उसी सुबह श्रीश्रीबाबा पधारे। सुयोग देखकर श्रीश्रीबाबा को गतरात की सम्पूर्ण घटना से अवगत कराया।

उन्होंने कहा, ''जानता हूँ, मैं सब जानता हूँ। देखो तो, यद्यपि कई वर्षों तक दासानुवत मैंने उनकी सेवा की है तथापि तीन मास के गुहावास के उपरांत वे सर्वप्रथम तुम्हारे समीप आए। इसी को पक्षपात कहते है।'' मैं हतवाक् हो गई, यह सुनकर कि उन्होंने सर्वप्रथम मुझे ही दर्शन दिये है!

रात में साधना में बैठते समय वही चिन्तन मेरे मध्य चल रहा था। उस समय हठात् मेरी श्वास स्थिर हो गई और एक दिव्य कंठस्वर हिन्दी भाषा में मुझसे कहने लगा - ''अरे बेटी, तु मनन कर। सब राम जाने।'' इस कंठस्वर के निश्चुप होते ही मेरे अन्तर में प्रथम चिन्तन की तरंग उठी - कपिल मुनि के पिता कौन थे? 'कपिलमुनि' का नाम मन में आते ही महावतार बाबाजी महाराज का चेहरा मेरे मानसपटल पर उद्भाषित हो उठा। तब क्या नांगाबाबा ही कपिलमुनि के पिता है? यह चिन्तन आते ही अन्तराकाश में गुम्-गुम् शब्द करते हुए प्रतिध्वनि उठी, ''हाँ, हाँ, हाँ। बेटी, तू मनन कर।'' पुनः, फिर वही निस्तब्धता। नजाने कब मैं गभीर निद्रा के आगोश में समा गई नहीं जानती। पश्चात् में श्रीश्रीबाबा को सब अवगत करवाया। वे आश्चर्यमिश्रित भाव से मेरी ओर देखते हुए बोले, ''तुमने ठीक अनुमान लगाया है। सब कुछ शीघ्रातीशीघ्र घट रहा है।''

श्रीश्रीबाबा ने एक दिन मुझसे कहा था। –''नांगाबाबा हुए आदिब्रह्मा की छाया।'' मैंने कहा, ''बाबा, छाया और काया कभी अलग होते है क्या?'' बाबा ने कहा, ''ठीक।'' आदिब्रह्मा के परम भागवत स्वरूप मानसपुत्र लाभार्थ परमब्रह्म के ध्यान में मग्न होने पर, उनके कूटस्थ के मध्य परमब्रह्मस्वरूप आकाश की छाया से एक अद्भूत तत्सदृश पुत्र का आविर्भाव हुआ। ये ही हुए प्रजापति ब्रह्मर्षि ऋषि 'कर्दम'। आकाशमार्ग में कर्दम के अलौकिक अद्भुत देवयान में प्रजापति कर्दम की स्त्री मनुकन्या देवहुति के गर्भ से नारायण के अवतार सांख्य दर्शनकार ऋषि 'कपिल' ने जन्मग्रहण किया। भगवान ब्रह्मा ने कर्दम प्रजापति से कहा, ''तुम प्रजा सृष्टि करो।'' अतएव सरस्वती नदी के तीर पर कर्दम ऋषि ने दस सहस्र वर्षों तक तपस्या की। उन्होंने इस तपस्या में समाधियुक्त पूजा साधन द्वारा भगवान श्रीहरि की आराधना की थी। कर्दम ऋषि की तपस्या से भगवान ने प्रसन्न होकर शब्दैकवेद जो ब्रह्म है, तन्मयरूपधारण कर उन्हें प्रत्यक्ष दर्शन दिया। तपस्या के फलस्वरूप श्रीहरि के उनके निकट आविर्भूत होने पर, उन्होंने श्रीहरि के पास योग्य भार्या हेतु विनयपूर्वक सकाम प्रार्थना की। श्रीहरि ने उनको मनुकन्या संयतचित्ता योग लक्षणयुक्त देवहुति का पाणिग्रहण करने के लिए कहा। तत्पश्चात् दैवयोग से मनु ने अपनी कन्या देवहुति के साथ कर्दम का विवाह कर दिया। कर्दम, देवहुति के साथ परिणय सूत्र में बँध कर परम सुख से योगलब्ध जीवन यापन करने लगे। तदनन्तर कला, अरून्धती इत्यादि नौ कन्याओं के जन्म के बाद कर्दम ऋषि ने गृहस्थाश्रम त्याग कर पुनः योगाभ्यास हेतु अरण्याश्रम में जाना निश्चित् किया। इससे उनकी स्त्री के अतीव चिन्तित होने पर कर्दम ऋषि ने कहा कि वे उन्हें श्री हरि-सदृश पुत्र प्रदान करेंगे। फलस्वरूप महामुनि कपिल का जन्म हुआ। कपिलमुनि के जन्म के उपरांत कन्याओं का ब्रह्मऋषियों को कन्यादान कर कर्दम ऋषि ने पुनः श्रीहरि के संग भक्ति-प्रेम में मग्न होने के लिए तपस्यारत होकर निवृत्ति मार्ग का अवलम्बन किया। इधर देवहुति भी नारायण के अवतार सांख्याचार्य पुत्र कपिल से उपदेश प्राप्त कर तपस्या करने लगी। कर्दम ऋषि कठोर तपोबल से श्रीहरि की कृपा एवं इच्छा से तत्स्वरूप प्राप्त कर जगन्नाथ तत्त्व में उपनीत हुए। इस जगन्नाथ तत्त्व के मतावलम्बी समस्त महात्मागण श्रीहरि के स्वरूप कहकर जाने जाते है। जो महात्मा इस अवस्था में उपनीत होते हैं वे पूर्ण एवं अंशदेह के रूप में एक ही काल में एकाधिक काया धारण करने में सक्षम होते है। अर्थात् वे एक ही समय में दो देह धारण कर जगत् में लीला करने में समर्थ होते हैं। श्रीश्रीनांगाबाबा को भी इस प्रकार बहुलीलाओं में अंशग्रहण करते हुए देखा गया है।

आत्मानुभव की महिमा से मानसपटल पर एकबार रामलीला का दर्शन हुआ। उस अनुभूति के फलस्वरूप यह भी अवगत हुआ कि वही विराट् ऋषि कर्दम त्रेतायुग की भगवत्लीला में राजर्षि जनक रूप में प्रकट हुए थे। मिथिला के राजा जनक परम धार्मिक थे। ये अयोनिसम्भवा थे। अतः ये 'विदेह' नाम से पुराण में प्रसिद्ध है। जनक से पूर्व इस वंश में 'निमि' नाम के एक राजा ने जन्मग्रहण किया। एकबार धर्मात्मा राजा निमि ने कुलपुरोहित ब्रह्मर्षि वशिष्ठदेव की उपेक्षा कर यज्ञ प्रारंभ किया। अतएव वशिष्ठदेव ने क्रुद्ध होकर उन्हें शाप दे दिया, 'तुम चेतनाविहीन होओ'। तब ऋषियों ने धूप, माला इत्यादि से निमि के देह को अरणि स्वरूप चिंतन कर पूजा की एवं मन्थन किया। उस मथित देह से एक महातपा पुत्र का जन्म हुआ। इसीलिए इस पुत्र

का नाम पड़ा 'मिथि'। जनन से जन्म हुआ इसीलिए इनका ही दूसरा नाम था जनक। विचेतन देह द्वारा जन्म होने के कारण इनका एक अन्य नाम 'विदेह' हुआ। मिथि से आरम्भ कर उनके वंशानुगत समस्त पुरूष जनक नाम से अभिहित हुए। रामायण में वर्णित है, मिथि के पुत्र जनक ही प्रथम जनक है। राजा का नाम मिथि होने से राज्य का नाम 'मिथिला' पड़ा। रामायण में जनक नाम के दो व्यक्तियों का वर्णन है। एक मिथि के पुत्र और उदावसु के पिता एवं दूसरे ह्रस्वरोमा के पुत्र, सीता के पिता ब्रह्मर्षि कर्दम हुए इसी सीता के पिता 'सीरध्वज' जनक।

राजर्षि जनक स्थूलदेह त्याग करने के पश्चात् जब विदेह रूप में यमलोक के पास से गुजर रहे थे तभी यमलोक से वीभत्स आर्त्तनाद श्रुतिगोचर हुआ। उस भयंकर हृदय विदारक आर्त्तनाद के शब्देंद्रिय में प्रविष्ट होने पर जनक के हृदय में करूणा का उद्रेक हुआ एवं इसीकारण उन्होंने यमराज से इस आर्त्तनाद के कारण की जिज्ञासा की। यम ने कहा, पापियों को उपयुक्त दण्ड दिया जा रहा है। अत: जनक बोले कि यदि उनके समग्र जीवन का पुण्य प्रदान करने पर उन लोगों को मुक्ति मिलती है तो वे अपने सम्पूर्ण जीवन का पुण्य उन निकृष्ट जीवों के लिए दान करने को इच्छुक है। इस पर यम ने कहा कि जनक के एक दिन का पुण्य देने से ही समस्त जीवों की मुक्ति हो जाएगी। निकृष्ट जीवस्वरूप मनुष्यों को यमलोक से मुक्त करवाकर जनक अत्यंत तत्परता से स्वर्गलोक ले गए। वहाँ एक सुवृहत् मैदान में वे लोग रहने लगे किन्तु वहाँ कोई भी उनके लिए खाद्य और जल देने के लिए राजी नहीं हुआ। कारण उनके कृत कर्मों में दान-ध्यान था ही नहीं। तब जनक ने उन्हें पुन: कालचक्र में पतित होकर भूलोक में जन्म ग्रहण करने के लिए कहा एवं बोले कि उनके उद्धार के लिए जनक भी पुन: मर्त्यलोक में देहधारण करेंगे। दीर्घकालोपरांत वे ईश्वरावतार 'गुरुनानक देव' के रूप में धराधाम पर आविर्भूत हुए और जीवसमूह के लिए अभूतपूर्व कल्याण साधन किया। गुरुनानक देव की स्थूल तनु ही व्यासपीठस्थ श्रीश्रीनांगाबाबा की वर्तमान देह है।

गुरुनानक देव

परवर्तीकाल में जगत् के प्रयोजनानुसार श्रीश्रीनांगाबाबा ने ही अंशदेह के रूप में गौरवर्ण तोतापुरी की देह धारण की थी। एवं युगावतार वरिष्ठ श्रीरामकृष्ण परमहंस देव के साथ भगवत्लीला में गुरुरूप में योगदान दिया। इस विषय से संबंधित अनेक दर्शन एवं गुह्य विषय मुझे श्रीश्रीनांगाबाबा और श्रीश्रीबाबा ने प्रत्यक्ष करवाए। श्रीश्रीबाबा ने कहा, तोतापुरी की देह के वय: प्राप्त होने के बाद कायाकल्प साधन के माध्यम से नांगाबाबा ने दिगम्बर-बाबा की देह प्राप्त की। इसी देह ने पुरी के अद्वैत-ब्रह्म-आश्रम में लंगटाबाबा या दिगम्बर-बाबा नाम से प्रसिद्धि प्राप्त की थी। दिगम्बर-बाबा की देह ही 'आदित्यनाथ' बाबा की काया थी। दिगम्बर-बाबा ने पुरी में आने से पहले गुजरात के गिरनार पर्वत में बहुकाल तपोरत अवस्था में अतिवाहित किया। वहाँ उनके जीवन में दिव्य प्रकाश उद्भासित हुआ एवं वे 'आदित्यनाथ' नाम से प्रसिद्ध हुए। बाद में हरिद्वार, प्रयाग, भागलपुर इत्यादि स्थानों में परिभ्रमण करने के समय वे अनेक नामों से जाने गये।

अतएव ऐसा देखा जाता है कि जगन्नाथ पदाधिकारी महात्मा जगत् के कल्याण के निमित्त एक देह परित्याग करने से पूर्व ही एक अन्य शरीर धारण करने में सक्षम होते है। इसी कारण आध्यात्मिक निधि के धनी अनेक ऋषिमुनियों ने कहा है – ''महात्माओं का जीवन अपरिच्छिन्न भाव में अखण्ड धारा में प्रवाहित होकर चलता है।'' साधारण मानव बाह्य रूप से महात्माओं को देखकर उनके गुरूता की धारणा नहीं कर पाते। व्यासपीठ के श्रीश्रीनांगाबाबा इस ब्रह्माण्ड के महात्मा मण्डल में से एक अन्यतम विराट् महान दिक्पाल, परम भागवत, सनातन धर्म के रक्षक और परिपोषक है। हिमालयवासी श्रीश्रीनांगाबाबा का प्रकृत डेरा या आश्रम प्राचीन काल से ही हिमालय के व्यासपीठ में प्रतिष्ठित है। अत: 'जगन्नाथ स्वरूप' श्रीश्रीनांगाबाबा की स्थूल देह अभी वर्तमान में है। हिमालय प्रसिद्ध ज्ञानगंज में भी उनका नित्य आना जाना है। उनके रातुल चरणों में कोटि कोटि प्रणाम निवेदन करती हूँ।

–हिन्दी अनुवाद : मातृचरणाश्रित श्रीविमलानन्द

– हरि ॐ तत् सत् –

जैनालोक ऋषभदेव

श्रीश्रीमाँ सर्वाणी

स्वायंभुव मनु के ज्येष्ठपुत्र प्रियव्रत एवम् प्रियव्रत के पुत्र आग्नीध्र। इस स्वायंभुव मनुवंशीय महर्षि आग्नीध्र के पुत्र थे नाभि (नाभी)। उन्होंने पंचचूड़ा विशिष्टा अप्सरा पूर्वोचित्ति (बर्निनी) के गर्भ में जन्मग्रहण किया। ब्रह्मा के निर्दशानुसार पूर्वोचित्ति के राजा आग्नीध्र के समीप उपस्थित होने पर राजा ने उन्हें पत्नि के रूप में ग्रहण किया। पूर्वोचित्ति इत्यादि द्वादश अप्सरायें नृत्य गीतादि द्वारा सूर्य की अर्चना करती थी। नाभि ने पुत्र प्राप्ति की कामना से निज महिषि मेरूदेवी सहित एकाग्रचित्त होकर यज्ञपुरूष की आराधना की। नाभि द्वारा भगवान के समीप ईश्वर सदृश पुत्र की प्रार्थना करने पर, भगवान ने नाभि को यह वर प्रदान किया कि, ''आग्नीध्र वंश में मेरा अंशावतार होगा, क्योंकि अपने सदृश मैं किसी को सटीक नहीं पा रहा हूँ।'' नाभि-पत्नि मेरूदेवी ने भी इस प्रभु वाणी को सुना। नाभि से इस प्रकार कहकर भगवान अंतर्हित हो गये। नाभि-पत्नि मेरूदेवी के गर्भ में विष्णु के अष्टम् अवतार ने जन्म ग्रहण किया। ये नारायण के अष्टम् अवतार ऋषभ के नाम से भागवत में प्रसिद्ध हैं। इस अवतार में भगवान ने धीर व्यक्तियों को सर्वाश्रम वर्त्म अर्थात् परमहंस संबंधी रीति-नीति की शिक्षा प्रदान किया। नाभि हिमालय के दक्षिण दिशा भारतवर्ष में राज्य करते थे।



ऋषभ देव

भगवान विष्णु ने मनुवंशीय नरपति नाभि की तपस्या से प्रसन्न होकर उनकी स्त्री मेरूदेवी के गर्भ में शुक्ल मूर्ति (अर्थात् शुद्ध सत्व मूर्ति धारण कर यर्जुवेदोक्त तत्त्व में समासीन होकर जगत्गुरु रूप में) ऋषभ देव के रूप में जन्मग्रहण किया। भगवान के ऋषभ देव के रूप में जन्मग्रहण करते ही उनके अंग में समस्त भागवती लक्षण सुस्पष्ट रूप में लक्षित होने लगे एवं सर्वत्र समत्व, उपशम, वैराग्य, ऐश्वर्य महाऐश्वर्य के सहित उनका प्रभाव दिन प्रतिदिन वृद्धि को प्राप्त होने लगा। उनका अति श्रेष्ठ शरीर को तेज, बल, श्री, यश, वीर्य, शौर्य इत्यादि द्वारा सर्वप्रधान देखकर पिता नाभि ने उनका नाम 'ऋषभ' रखा था।

